ময়মনসিংহের বিবরণ।

"ময়মনসিংহের ইতিহাস" প্রণেতা

শ্রীকেদারনাথ মজুমদার

প্রণীত

সংশোধিত ও পরিবর্ত্তিত।

প্রথম সংস্করণ

১৯০০ আগষ্ট

সূচী।

প্রথম অধ্যায়।

সাধারণ বিবরণ।

দ্বিতীয় অধ্যায়।

বিভাগ।

তৃতীয় অধ্যায়।

আদম সুমারি।

চতুর্থ অধ্যায়।

শিক্ষা।

পঞ্চম অধ্যায়।

প্রাকৃতিক বিবরণ।

ষষ্ঠ অধ্যায়।

উৎপন্ন ও বাণিজ্য।

সপ্তম অধ্যায়।

ভূমির কর ও রাজস্ব।

অষ্টম অধ্যায়।

স্বায়ত্তশাসন।

নবম অধ্যায়।

দেশের অবস্থা।

দশম অধ্যায়।

বিবিধ।

পরিশিষ্ট।

ময়মনসিংহের বিবরণ।

প্রথম অধ্যায়।

সাধারণ বিবরণ।

প্রাকৃতিক সীমা; অবস্থান; সাধারণ বিভাগ; পরিমাণ-ফল; প্রাচীন ও আধুনিক বিবরণ; "ময়মনসিংহ" নামের কারণ।

প্রাকৃতিক সীমা।

ময়মনসিংহ পূর্ব্ববাঙ্গালার একটী প্রধান জেলা। এই জেলা আয়তনে বাঙ্গালার তৃতীয় ও জনসংখ্যায় প্রথম স্থানীয়। ইহার আকার বক্র চতুর্ভুজ ক্ষেত্রের ন্যায়। এই জেলার উত্তর সীমা গারো পাহাড়, পূর্ব্ব সীমা শ্রীহট্ট ও ত্রিপুরা, দক্ষিণ সীমা ঢাকা, পশ্চিম সীমা পাবনা, বগুড়া ও রঙ্গপুর জেলা। ১৮৭৯ সনের ১লা জানুয়ারী তারিখের গবর্ণমেণ্ট বিজ্ঞাপনী (Notification) অনুসারে যমুনানদী ময়মনসিংহের পশ্চিম সীমা নির্দ্ধারিত হইয়াছে। যমুনার পশ্চিম তটে এই তিন জেলা অবস্থিত।

অবস্থান।

ময়মনসিংহ জেলা উত্তর-নিরক্ষ ২৩°—৫৭′ ও ২৫°—২৬′ কলার মধ্যে এবং পূর্ব্ব-দ্রাঘিমা ৮৯°—৩৬′ ও ৯১°—১৯′ কলার মধ্যে অবস্থিত।

সাধারণ বিভাগ।

ময়মনসিংহ জেলা সাধারণতঃ দুই ভাগে বিভক্ত। পূর্ব্ব-ময়মনসিংহ ও পশ্চিম-ময়মনসিংহ। ব্রহ্মপুত্রের পূর্ব্বতীর প্রদেশ পূর্ব্ব-ময়মনসিংহ, পশ্চিমতীর প্রদেশ পশ্চিম-ময়মনসিংহ।

পরিমাণ-ফল।

এই জেলার দৈর্ঘ্য, উত্তর-দক্ষিণে ৫৯ হইতে ৯৩ মাইল এবং প্রস্থ পূর্ব্ব-পশ্চিমে ৭০ হইতে ৭৬ মাইল। পরিমাণ-ফল ৬৩৩২ বর্গ-মাইল।

প্রাচীন ও আধুনিক বিবরণ।

অতি পূর্ব্বকালে ময়মনসিংহ কামরূপ রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। গৌড়েশ্বর হোসেনসাহ, কামরূপ অধিকার করিয়া, এই অংশ কামরূপ হইতে পৃথক করিয়া লন ও স্বীয় পুত্র নছরৎ সাহকে ইহার আধিপত্য প্রদান করেন। নছরৎ সাহের নামানুসারে তাঁহার অধিকৃত ভূমি, (বর্ত্তমান ময়মনসিংহ জেলা) নছরৎসাহী নামে অভিহিত হয়। তৎপরে এতদ্দেশে মোগল শাসন প্রবর্ত্তিত হইলে, দিল্লীশ্বর আকবর-সাহ কর্ত্তৃক আদিষ্ট হইয়া তদীয় রাজস্ব-সচিব টোডরমল্ল, বাঙ্গালায় রাজস্ব ও ভূমির বন্দোবস্তে মনোযোগী হন। টোডরমল্লের বন্দোবস্ত কাগজে নছরৎসাহী "সরকার বাজুহা" নামে লিখিত হইয়াছে। ইংরেজ শাসনকালের প্রারম্ভে সরকার বাজুহা "জেলা ময়মনসিংহ" নামে অভিহিত হইয়াছে।

এ পর্য্যন্ত এই জেলা বাঙ্গলার লেপ্টেনাণ্ট গবর্ণরের শাসনাধীন ছিল, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে ১৯০৫ সনের ১৬ই অক্টোবর বঙ্গদেশ বিভাগ হইয়া "পূর্ব্ববঙ্গ ও আসাম" প্রদেশ গঠিত হইলে এই জেলা পূর্ব্ববঙ্গ ও আসামের লেপ্টেনাণ্ট গবর্ণরের শাসনাধীন নীত হইয়াছে।

ময়মনসিংহ নামটী "মমিনসাহীর" পরিবর্ত্তিত সংস্করণ। কথিত আছে দিল্লীশ্বর আকবরসাহের সময়ে মমিনসাহ নামে কোন ব্যক্তি সরকার বাজুহার একাংশের অধীশ্বর ছিলেন। সেই মমিনসাহ হইতে তদীয় অধিকৃত মহালের নাম মমিনসাহী হইয়া ছিল। আইন-ই-আকবর-ই গ্রন্থে মমিনসাহী মহালের নাম দেখা যায়। এই মমিনসাহীর "সাহী" শব্দই লিপি-বিড়ম্বনায় অষ্টাদশ শতাব্দীতে "সিংহ" রূপ ধারণ করিয়া ক্রমে বর্ত্তমানে একেবারে "মৈমনসিংহে" পরিণত হইয়াছে।* মৈমনসিংহ বা ময়মনসিংহ রাজস্বে এ জেলার সর্ব্ব প্রধান পরগণা। পরগণা মমিনসাহী বা মৈমনসিংহের গবর্ণমেণ্ট রাজস্ব সর্ব্বাপেক্ষা অধিক বলিয়া এই জেলা "ময়মনসিংহ" নামে অভিহিত হইয়াছে।

"ময়মনসিংহ" নামের কারণ।

এই জেলা স্থাপন সময়ে ইহার আকার বর্ত্তমান আকারের দ্বিগুণ ছিল।† ক্রমে এ জেলার ভূমি অন্যান্য জেলাভুক্ত হওয়ায় ইহার আয়তন বর্ত্তমান আকারে পরিণত হইয়াছে। এই জেলা বর্ত্তমান আয়তনেও ইংলণ্ডের সর্ব্বশ্রেষ্ঠ জেলা ইয়র্কসায়ারের তুলনায় ১২ অংশ বৃহত্তর।‡

---

* পার্সি "সাহী" শব্দের ইংরেজী লিপিতেই যে এ পরিবর্ত্তনটী ঘটিয়াছে, এ কথা ঠিক বলা যায় না। ইংরেজীতে শুদ্ধরূপে লিখিত হইয়া পরে অপরিষ্কার হস্তাক্ষর নকলের সময়, নকল-কারকও এরূপ ভ্রম করিয়া থাকিতে পারেন। প্রাচীন হস্তলিখিত কাগজপত্রে এরূপ ভ্রম অসংখ্য দেখিতে পাওয়া যায়। কোম্পানীর রাজস্ব কর্ম্মচারী গ্রাণ্ট সাহেবের রাজস্ব বিষয়ক কাগজপত্র ইহার প্রধান সাক্ষ্য। ঐ কাগজপত্র ময়মনসিংহের ইতিহাসের ৬৪ পৃঃ হইতে ৭৫ পৃঃ প্রদত্ত হইয়াছে।

† Collector's First Settlement Report, dated 12-2-1788.

‡ Report on the History and Statistics of the District of Mymensingh, by H. J. Reynold (1868—69).

দ্বিতীয় অধ্যায়।

বিভাগ।

শাসন, বিচার ও রাজস্ব বিভাগ—প্রাচীন কথা ; সদর ও মফস্বল তহসীল কাছারী ; থানা, ফাঁড়ি-থানা, মহকুমা, চৌকী ও রেজেষ্টরী কার্য্যালয়। পরগণা—পরগণার বিবরণ ; ময়মনসিংহ ; জফরসাহী ; আলাপসিংহ ; রণ-ভাওয়াল ; পুখুরিয়া ; কাগমারী ; আটীয়া, বড়বাজু, সেরপুর ; সুসঙ্গ ; নসিরুজিয়াল ; হোসেনসাহী ; হোসেনপুর ; হাজরাদী ; খালিয়াজুরী ; জয়নসাহী ; কুড়িখাই।

শাসন, বিচার ও রাজস্ব বিভাগ।

প্রাচীন কথা।

মোগল শাসনের সময় এ জেলার শাসন ও বিচারক্ষমতা কাননগু ও কাজিদিগের হস্তে ন্যস্ত ছিল। যে সকল স্থানে কাজি বা কাননগুর কার্য্যালয় বর্ত্তমান ছিল না, পরগণার জমিদারগণ সে সকল স্থানের শাসন সংরক্ষণ করিতেন। জমিদারদিগের রাজস্ব প্রদানের ত্রুটির বিচার রাজধানীতে হইত। রাজস্ব প্রদানের ত্রুটি ব্যতীত অন্য কোন বিষয়ে ত্রুটি হইলে জমিদারদিগকে প্রায়ই কোন শাসন করা হইত না। প্রজা-সাধারণ নীরবে জমিদারের অত্যাচার সহ্য করিত।

ইংরেজ শাসনের প্রারম্ভকালেও এই নিয়ম প্রচলিত ছিল। জমিদারগণ স্বীয় স্বীয় রাজস্ব ঢাকার কালেক্টরীতে প্রদান করিতেন। রাজস্ব প্রদানের ত্রুটি হইলে, কোম্পানীর লোক, জমিদার বা

তাহাদিগের আমলাদিগকে ধৃত করিত। প্রজা-সাধারণের সহিত কোম্পানীর অনুমাত্রও সম্পর্ক ছিল না। প্রজাদিগের অভিযোগের বিচার জমিদারগণই করিতেন।

১৭৮৭ সনের ১লা মে ময়মনসিংহ জেলা স্থাপিত হয়।* জেলা স্থাপিত হইলে জেলার কালেক্টরের হস্তে বিচার ও শাসন বিভাগের সম্পূর্ণ ক্ষমতা প্রদত্ত হয়। এইরূপ ক্ষমতা প্রদত্ত হইলেও কালেক্টর রাজস্ব সংগ্রহ ব্যতীত অন্য কোন বিষয়ের অনুসন্ধান লইতেন না।

দশশালা বন্দোবস্তের সময় জমিদারীর অন্তর্গত অনেক মহাল পৃথক হইয়া যাওয়ায়, কার্য্যবাহুল্যে কালেক্টর খাজনা আদায় জন্য কতকগুলি তহসীল কাছারীর মঞ্জুরী আনয়ন করেন। ইহার পর ১৭৯৩ সনে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্ত্তিত হইলে পৃথক জজ নিযুক্ত হইয়া আসিয়া কালেক্টরের হস্ত হইতে বিচারভার গ্রহণ করেন। এই সময় ময়মনসিংহ জেলার আয়তন অত্যন্ত বৃহৎ ছিল। শ্রীহট্ট জেলার তরফ, ত্রিপুরা জেলার মেহের, সরাইল, বরদাখাত প্রভৃতি, নোয়াখালী জেলার ভেলুয়া, পাবনা জেলার সিরাজগঞ্জ, আসামের তুরা প্রভৃতি বহুদূরবর্ত্তী স্থান ময়মনসিংহের কালেক্টরের শাসনাধীন ছিল।

সদর ও মফস্বল তহসীল কাছারী।

এই বিস্তৃত জেলার শাসন সংরক্ষণ জন্য পরগণায় পরগণায় তহসীল কাছারী স্থাপিত হয়; নিম্নে কর্ম্মচারিদিগের নাম সহ সেই প্রাচীন তহসীল কাছারীগুলির নাম প্রদত্ত হইল।†

---

* Board of Revenue's letter to the Collector of Belluah, No. 32, dated 24-4-1787.

† Collector's Letter regarding the establishment of Mymensingh Collectorship, dated 12-10-1804.

সদর কাছারী।

কর্ম্মচারীর নাম।	বেতন।
কালেক্টর মিঃ এফ, বি, গ্রস	১,৫০০৲
সহকারী কালেক্টর সি, ডবলিউ, ষ্টিয়ার	৪০০৲
মির আহাম্মদআলি, দেওয়ান	১৫০৲
জগৎরাম বানার্জি, সেরেস্তাদার	৫০৲
জন পিণ্টো, হেডকেরাণী	৭০৲
জগপ্রেম প্রেগাক, ২য় „	৪০৲
রামগোপাল দাস, পার্সি নবিস	২০৲
রামগোপাল ধর „	২০৲
রাজকিশোর বল „	২০৲
কীর্ত্তিনারায়ণ ঘোষ „	২০৲
রঘুনাথ সরকার „	২০৲
নরসিংহ ঘোষ „	২০৲
বালকরাম পালিত, বাঙ্গালা মোহরের	১৫৲
গোপীনাথ ঘোষ, বাঙ্গলা মোহরের	১৫৲
রামচন্দ্র পালিত „	১৫৲
রামকিশোর রায় „	১৫৲
কাশীকান্ত ঘোষ „	১৫৲
লালাহুলাস চান্দ, মুন্সি	৩০৲
গদাধর সেন, খাজাঞ্চি	২৫৲
রামরূপ সেন, খাজনা-মোহরের	১০৲
রামনিধি সেন „	১০৲
রূপরাম গুপ্ত „	১০৲

কর্ম্মচারীর নাম।	বেতন।
মেহেরআলি, নাজির	১৫৲
সেখ আস্কর, নায়েব-নাজির	১০৲
৩ জন পোদ্দার, রামসিং প্রভৃতি	২৫৲
জীবনকৃষ্ণ সেন, মহাফেজ	৩০৲
দেবী প্রসাদ মজুমদার	৩০৲

তহসীল কাছারী তপে হাজরাদী।

মহম্মদ হাফিজ, তহসীলদার	৫০৲
শোভারাম মজুমদার, পার্সি মুন্সি	১০৲
রাধামাধব ঘোষ	১০৲

তহসীল কাছারী পরগণে হোসেনসাহী ও হোসেনপুর।

চৈতন্য ঘোষ, তহসীলদার	৫০৲
রাধাকান্ত গোপ, পার্সি মুন্সি	১০৲
কাশীনাথ সেন	১০৲

তহসীল কাছারী পরগণে কাগমারী।

ব্রজনাথদাস, তহসীলদার	৫০৲
দিগাম্বর পালিত, পার্সি মুন্সি	১০৲

তহসীল কাছারী বরিকান্দি, কাশীপুর, নোয়াবাদ প্রভৃতি।

ঠাকুরদাস বানাজ, তহসীলদার	৪০৲

তহসীল কাছারী তপে রণভাওয়াল ও পরগণে আলাপসিংহ।

কর্ম্মচারীর নাম।	বেতন।
মির হায়দারবক্স, তহসীলদার	৪০৲
সদাশিব মজুমদার, পার্সি মুন্সি	১০৲

তহসীল কাছারী পরগণে রায়দোম।

মদনমোহন ঘোষ, তহসীলদার	২০৲

তহসীল কাছারী পরগণে পুখুরিয়া।

গুরুদাস বানার্জ্জি, তহসীলদার	৫০৲
সদাশিব ঘোষ, পার্সি মুন্সি	১০৲

তহসীল কাছারী পরগণে নসিরুজিয়াল।

মনোহর পালিত, তহসীলদার	৫০৲
ইন্দ্রনারায়ণ মিত্র, পার্সি মুন্সি	১০৲

এই রূপ তহসীল কাছারীর নিয়ম বহু দিন পর্য্যন্ত প্রচলিত ছিল। তৎপর কয়েকটী থানা ও ফাঁড়িথানার সৃষ্টি হইলে, ১৮১৩ অব্দে, তহসীল কাছারীগুলি উঠিয়া যায়* এবং ১৮১৯ অব্দে কাননগুর কার্য্যালয় পুনঃস্থাপিত হয়। † ১৮২৩ সনে এ জেলায় ১২টী থানা ও ২৫টী কাননগুর কার্য্যালয় ছিল। ‡

---

* Collector's letter, dated 22-11-1819,
† " " " 18-11-1819,
‡ " " " 15-8-1823.

থানা, ফাঁড়ি-থানা মহকুমা, চৌকী ও রেজেষ্টরী কার্য্যালয়।

ক্রমে কার্য্য বাহুল্য, ও সাধারণের অসুবিধার প্রতি লক্ষ্য করিয়া গবর্ণমেণ্ট মহকুমা সৃষ্টির আবশ্যকতা অনুভব করেন। ১৮৪৫ অব্দে জামালপুর মহকুমার সৃষ্টি হইয়া জেলার শাসনকার্য্য দুই ভাগে বিভক্ত হইয়া যায়। সেরপুর, হাজিপুর, সিরাজগঞ্জ ও পিংনা থানা লইয়া জামালপুর বিভাগ; নসিরাবাদ, গাবতলি, মধুপুর, নেত্রকোণা, ঘোষগাঁও, ফতেপুর, গফরগাঁও, মাদারগঞ্জ, নিকলি ও বাজিতপুর থানা লইয়া সদর বিভাগ স্থাপিত হয়। আটীয়া থানার অন্তর্গত স্থান তৎকালে ঢাকা জেলার অধীন ছিল। ১৮৬০ সনে কিশোরগঞ্জ মহকুমা স্থাপিত হইলে, কিশোরগঞ্জ বিভাগ পৃথক হইয়া যায়। ১৮৬৬ সনে বগুড়া জেলা হইতে দেওয়ানগঞ্জ থানা ও ঢাকা জেলা হইতে আটীয়া থানা এ জেলার অন্তর্ভুক্ত হয়। ইহাতে জামালপুর মহকুমার আয়তন বর্দ্ধিত হয়। এইরূপে জেলার বৃদ্ধি হওয়াতে জেলা কালেক্টর গবর্ণমেণ্ট সমীপে অতিরিক্ত শান্তিরক্ষক নিয়োগের প্রার্থনা করেন। ১৮৬৭ সনের ২০ শে মার্চ্চের গবর্ণমেণ্ট বিজ্ঞাপনী (Notification) অনুসারে আরও কয়েকটী থানা ও ফাঁড়ি-থানা সংস্থাপিত হয়, এবং ১৮৬৯ সনে টাঙ্গাইল মহকুমা স্থাপিত হইলে সেই প্রদেশবাসীদিগের অসুবিধা ও অশান্তি দূরীভূত হয়। এইরূপে ১৮৭১ সন পর্য্যন্ত, এ জেলায় ৪টী বিভাগ, ১৬টী থানা ও ১০টী ফাঁড়ি-থানা, ১০টী ফৌজদারী ও ১৪টী দেওয়ানী বিচারালয় সংস্থাপিত হইয়াছিল। অতঃপর ১৮৮২ সনে নেত্রকোণা মহকুমা স্থাপিত হয়।

বর্ত্তমান সময় এ জেলায় ৫টী মহকুমা (বিভাগ), ৯টী চৌকী

(মুনসেফী), ৩০টী পুলিশ ষ্টেশন (থানা), ও ২১টী সব্‌-রেজেষ্টরী কার্য্যালয় স্থাপিত আছে।

মহকুমা—(১) সদর, (২) জামালপুর, (৩) কিশোরগঞ্জ, (৪) টাঙ্গাইল ও (৫) নেত্রকোণা।

চৌকী—সদর মহকুমায়—(১) সদর ও (২) ঈশ্বরগঞ্জ। জামালপুর মহকুমায়—(৩) জামালপুর ও (৪) সেরপুর। কিশোরগঞ্জ মহকুমায়—(৫) কিশোরগঞ্জ ও (৬) বাজিৎপুর। টাঙ্গাইল মহকুমায়—(৭) টাঙ্গাইল ও (৮) পিংনা। নেত্রকোণা মহকুমায়—(৯) নেত্রকোণা।

থানা—সদর মহকুমায়—(১) সদর, (২) ফুলবাড়ীয়া, (৩) গফরগাঁও, (৪) নান্দাইল, (৫) ঈশ্বরগঞ্জ ও (৬) ফুলপুর। জামালপুর মহকুমায়—(৭) জামালপুর, (৮) নালিতাবাড়ী, (৯) দেওয়ানগঞ্জ ও (১০) সেরপুর। কিশোরগঞ্জ মহকুমায়—(১১) কিশোরগঞ্জ, (১২) কটিহাদী ও (১৩) বাজিৎপুর। টাঙ্গাইল মহকুমায়—(১৪) টাঙ্গাইল, (১৫) কালীহাতী ও (১৬) গোপালপুর। নেত্রকোণা মহকুমায়—(১৭) নেত্রকোণা, (১৮) কেন্দুয়া ও (১৯) দুর্গাপুর।

ফাঁড়ি-থানা—সদর মহকুমায়—(১) মুক্তাগাছা। জামালপুর মহকুমায়—(২) মাদারগঞ্জ। কিশোরগঞ্জ মহকুমায়—(৩) বাদলা, (৪) ভৈরব ও (৫) অষ্টগ্রাম। টাঙ্গাইল মহকুমায়—(৬) নাগরপুর, (৭) মৃজাপুর, (৮) ঘাটাইল ও (৯) জগন্নাথগঞ্জ। নেত্রকোণা মহকুমায়—(১০) খালিয়াজুরী ও (১১) বারহাট্টা।*

---

* ১৯০৬ সনের ১৬ই জুনের পূর্ব্ববঙ্গ ও আসাম গেজেটের বিজ্ঞাপন অনুসারে এই ১১টী আউট পোষ্টও থানায় পরিণত হইয়াছে। (No. 6676 J, dated 15-6-06.)

রেজেষ্টারী কার্য্যালয়—সদর মহকুমায়—(১) সদর, (২) ফুলপুর, (৩) গফরগাঁও (৪) নান্দাইল ও (৫) ঈশ্বরগঞ্জ। জামালপুর মহকুমায়—(৬) জামালপুর, (৭) দেওয়ানগঞ্জ ও (৮) সেরপুর। কিশোরগঞ্জ মহকুমায়—(৯) কিশোরগঞ্জ, (১০) কটিহাদী, (১১) বাজিৎপুর ও (১২) করিমগঞ্জ। টাঙ্গাইল মহকুমায়—(১৩) টাঙ্গাইল, (১৪) কালীহাতী, (১৫) নাগরপুর, (১৬) গোপালপুর, ও (১৭) পাকুল্যা। নেত্রকোণা মহকুমায়—(১৮) নেত্রকোণা, (১৯) কেন্দুয়া, (২০) দুর্গাপুর ও (২১) বারহাট্টা।

পরগণা।

এই জেলা ৩৯টী* পরগণায় বিভক্ত। যথা—(১) ময়মনসিংহ, (২) জফরসাহী, (৩) আলাপসিংহ (৪) রণভাওয়াল, (৫) পুখুরিয়া, (৬) কাগমারী, (৭) আটীয়া, (৮) বড়বাজু, (৯) সেরপুর, (১০) সুসঙ্গ, (১১) নসিরুজিয়াল, (১২) হোসেনসাহী, (১৩) হোসেনপুর, (১৪) হাজরাদী, (১৫) খালিয়াজুরী, (১৬) জয়নসাহী, (১৭) কুড়িখাই, (১৮) নছরৎসাহী, (১৯) লতিবপুর, (২০) মকিমাবাদ, (২১) আটগাঁও, (২২) বলরামপুর, (২৩) বরিকান্দি, (২৪) বাউথণ্ড, (২৫) চন্দ্রপ্রতাপ, (২৬) ইদগা, (২৭) ইছফাবাদ, (২৮) রায়দোম, (২৯)

---

* W. W. Hunter সাহেব তাঁহার Statistical Account of Dacca Division গ্রন্থে লিখিয়াছেন এ জেলা ৩২ পরগণায় বিভক্ত। বাস্তবিক পক্ষে এ জেলা ৩২টি পরগণায়ই বিভক্ত; অবশিষ্ট ৭টী পরগণা ভিন্ন জেলায়স্থিত। ঐ সাত পরগণার ২।১টী মহাল মাত্র এ জেলার ভৌজীভুক্ত হইয়াছে। যথা—ত্রিপুরা জেলার বরদাখাত, ঢাকা জেলার চন্দ্রপ্রতাপ, শ্রীহট্ট জেলার আটগাঁও, রঙ্গপুর জেলার পাতিলাদহ ইত্যাদি।

সিংধা-দরজিবাজু, (৩০) কাসেমপুর, (৩১) নিকলী, (৩২) সাগরদী, (৩৩) হাউলী, (৩৪) জফুজিয়াল, (৩৫) ইছাপুর, (৩৬) বরদাখাত, (৩৭) পাতিলাদহ, (৩৮) তুলন্দর, (৩৯) ইছপসাহী।

পরগণার বিবরণ।

এই ৩৯টী পরগণার মধ্যে ১৬টী আদিম। অপর কতকগুলি কালক্রমে এই ১৬টী হইতে ছিন্ন হইয়া ভিন্ন নাম গ্রহণ করিয়াছে। কতকগুলির অংশমাত্র ভিন্ন জেলা হইতে এ জেলার অন্তর্ভুক্ত হইয়াছে। ১৮৫০ অব্দে গবর্ণমেণ্ট পক্ষে যে জরিপ হইয়াছিল, ঐ জরিপে এই ১৬ পরগণাই মূল ধরিয়া ভূমির মাপ হইয়াছিল। নিম্নে এই মূল পরগণাগুলির জমিদারী সংক্রান্ত বিবরণ প্রদত্ত হইল।

ময়মনসিংহ।

ময়মনসিংহ পরগণা মোগল শাসনকালে, মমিনসাহী নামে পরিচিত ছিল; ইহার সরকারী রাজস্ব তৎকালে অন্য আর একটী মহালের সহিত একত্রে ২২০৭৭১৫ দাম* বা ৫৫১৯২৸৵০ আনা ছিল। এই পরগণা পূর্ব্বে জঙ্গলবাড়ীর দেওয়ান বংশের (ঈশাখাঁ বংশের)† জমিদারীর অন্তর্গত ছিল। তৎপরে সপ্তদশ শতাব্দীতে এই জমিদারী টীকরার জমিদার-দিগের হস্তগত হয়। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে নবাব আলিবর্দ্দি-খাঁর কর্ম্মচারী, রামগোপালপুর, গৌরীপুর প্রভৃতি স্থানের জমিদার-গণের পূর্ব্বপুরুষ, শ্রীকৃষ্ণ চৌধুরী, তাহা গ্রহণ করেন। ১৭৮৭ সনে,

* দাম—মোগল শাসন সময়ের প্রচলিত মুদ্রা বিশেষ। ইহার ৪০টীতে কোম্পানীর এক টাকার বিনিময় হইত।

† ঈশাখাঁ বঙ্গীয় দ্বাদশ ভৌমিকের শ্রেষ্ঠ ভৌমিক। সম্রাট আকবর শাহ হইতে ২২ পরগণার শাসনভার লইয়া তিনি এই প্রদেশে আগমন করতঃ জঙ্গল-বাড়ীতে বাসস্থান নির্দ্দেশ করেন। জঙ্গলবাড়ী, হয়বৎ নগর ও ভাগলপুরের দেওয়ান সাহেবগণ ইঁহারই বংশধর।

জেলা বন্দোবস্তের সময়, এই পরগণার প্রথম চারি আনা হিস্যা, উক্ত শ্রীকৃষ্ণ চৌধুরীর পুত্র, কিশোর রায়ের বিধবা পত্নীদ্বয়—রতনমালা ও নারায়ণী দেবীর সহিত, দ্বিতীয় চারি আঁনা হিস্যা কৃষ্ণগোপাল রায়ের দত্তক পুত্র, যুগল রায়ের সহিত, তৃতীয় চারি আনা হিস্যা, শ্রীকৃষ্ণ চৌধুরীর দ্বিতীয় পুত্র, গঙ্গানারায়ণ রায়ের পুত্র হরনাথ রায়ের সহিত ও চতুর্থ চারি আনা হিস্যা, হরনারায়ণের দুই বিধবা পত্নীর সহিত, বন্দোবস্ত হয়। বর্ত্তমান সময়ে গৌরীপুরের জমিদার এই জমিদারীর চারি আনা আড়াই গণ্ডা অংশ, রামগোপালপুরের জমিদার চারি আনা অংশ ও ভবানীপুর, গোলোকপুর, কালীপুর, কৃষ্ণপুর, বাসাবাড়ী, ধনকুড়া, ডৌহাখলা ও মুক্তাগাছার জমিদারগণ অবশিষ্ট অংশের স্বত্বাধিকারী। চিরস্থায়ী বন্দোবস্তে এই পরগণার খাজানা, পরগণা জফরসাহী সহ ১২৩৬০৬৲ টাকা ধার্য্য হয়। ১৮৫০ সনের জরিপ-নক্সায় এই পরগণার জমি ৩৮৬৪১৬ একর ২ রোড ১৫ পোল, গ্রামসংখ্যা ১১৪২ এবং পরিমাণ-ফল ৬০৩·৭৮ বর্গমাইল লিখিত হইয়াছে।

জফরসাহী। জফরসাহী পরগণা টোডরমল্লের বন্দোবস্ত সময়ে "সরকার ঘোড়াঘাটের" অধীন ছিল। দেওয়ান ঈশা খাঁ সম্রাট আকবর সাহ হইতে এই পরগণার আধিপত্য গ্রহণ করেন। তৎকালে ইহার রাজস্ব ৭৩৫৮৩৫ দাম বা ১৮৩৯৫৸৵০ আনা ছিল। অতঃপর এই পরগণা রাজসাহীর জমিদারীর অন্তর্ভুক্ত হয় ও কিছু কাল পরে শ্রীকৃষ্ণ চৌধুরী এই পরগণা ময়মনসিংহ পরগণার অন্তর্ভুক্ত করেন। অদ্যাপি এই পরগণা ময়মনসিংহ পরগণার সহিত এক বন্দোবস্তে চলিতেছে। পৃথক সদর জমা নাই। ১৮৫০ সনের সার্ভে-নকসায় জমির

পরিমাণ ১৬২৩১২ একর, ৩ রোড, ৩০ পোল, গ্রাম সংখ্যা ৩৯৯ ও পরিমাণ-ফল ২৫৩·৬১ বর্গমাইল লিখিত হইয়াছে।

আলাপসিংহ।

আলাপসিংহ পরগণা আইন-ই-আকবর-ই গ্রন্থে আলেপসাহী নামে লিখিত হইয়াছে। ইহার গবর্ণমেণ্ট রাজস্ব ৭৬০৬৬৭ দাম বা ১৯০১৬৷৶১৫ গণ্ডা ছিল। এই পরগণা পূর্ব্বে জঙ্গলবাড়ীর ২২ পরগণা ভুক্ত ছিল। অতঃপর টীকরার জমিদারদিগের জমিদারী অন্তর্ভুক্ত হয়। সপ্তদশ শতাব্দির শেষভাগে তাহা পুনরায় বড়বাজুর চন্দ ও পুঁটিজানার রায়দিগের হস্তগত হয়। নবাব আলিবর্দ্দিখাঁর সময়ে ১১৩২ ও ১১৩৩ বঙ্গাব্দে মুক্তাগাছার বর্ত্তমান জমিদার বংশের পূর্ব্ব পুরুষ শ্রীকৃষ্ণ আচার্য্য, পুঁটীজানার রামচন্দ্র ও ভবানীদেব রায় হইতে।৶০ আনা ও লোকিয়া গ্রাম নিবাসী বিনোদরাম চন্দ হইতে ॥৶০ আনা জমিদারী দুইখণ্ড কওলা সম্পাদনে ক্রয় করেন। ১৭৮৭ সনের বন্দোবস্ত সময়ে এই পরগণার প্রথম আট আনা হিস্যার চারি আনায় শ্রীকৃষ্ণ আচার্য্যের বংশধর শ্যামকিশোর আচার্য্য ও চন্দ্রকিশোর আচার্য্য, এবং চারি আনায় কৃষ্ণকান্ত আচার্য্যের বিধবা পত্নী গঙ্গা দেবী, দ্বিতীয় চারি আনা হিস্যায় রুদ্ররাম আচার্য্য ও তাঁহার ভ্রাতৃদ্বয় ও অবশিষ্ট চারি আনায় রঘুনন্দন স্বত্বাধিকারী ছিলেন। বর্ত্তমান সময়ে ইঁহাদিগের বংশধরগণ কর্ত্তৃক এই পরগণার জমিদারী শাসিত হইতেছে। এই পরগণার অধীনে তপে কুমারিয়া ও তপে সাতসিকা নামে দুইটী তপ্পা আছে। চিরস্থায়ী বন্দোবস্তে পরগণার রাজস্ব ৬৫৩৯৩৲ টাকা ধার্য্য হইয়াছে। ১৮৫০ সনের সার্ভে-নক্সায় ৬০১ গ্রাম ৩২৬৫৫৬ একর, ২ রোড, ১১ পোল জমি ও পরিমাণ-ফল ৫১০·২৪ বর্গমাইল লিখিত হইয়াছে।

রণভাওয়াল।

তপ্পা রণভাওয়াল, ভাওয়াল পরগণার অন্তর্ভুক্ত থাকিয়া আকবর সাহের সময়ে ভাওয়ালবাজু নামে পরিচিত ছিল। রাজস্ব-সচিব টোডরমল্ল এই সমস্ত মহালের রাজস্ব ১৯৩৫১৬০ দাম বা ৪৮৩৭৯৲ টাকা নির্দ্ধারণ করেন। ষোড়শ শতাব্দীতে ভাওয়াল পরগণায় বঙ্গীয় দ্বাদশ ভৌমিকের অন্যতম ভৌমিক ফজলগাজীর আবির্ভাব হয়। গাজী-বংশ ইহার পূর্ব্ব হইতে ভাওয়ালে আধিপত্য করিতেছিলেন। ডাক্তার ওয়াইজ লিখিয়াছেন, খ্রীষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীতে পালওয়ান সাহের পুত্র কায়েম খাঁ, দিল্লীর বাদসাহ হইতে ভাওয়াল পরগণার আধিপত্য গ্রহণ করিয়া লক্ষ্মানদীর তীরে স্বীয় আবাসস্থল নির্দ্ধারিত করেন। অতঃপর আকবর সাহের সময় ইহার বংশধর ফজলগাজী অপর একাদশ ভূম্যধিকারীর সহিত সম্রাটের বিরুদ্ধে উত্থান করিয়া স্বীয় স্বাধীনতা ঘোষণা করেন। ঈশা খাঁ এই দ্বাদশ ভৌমিকের নেতা ছিলেন। ঈশা খাঁ আকবর সাহের বশ্যতা স্বীকার করিলে, দ্বাদশ ভৌমিকের ক্ষমতা বিলুপ্ত হইয়া যায়। অতঃপর তিনি ভাওয়াল পরগণার উত্তর অংশও নিজ ২২ পরগণার সঙ্গে বন্দোবস্ত করিয়া আনেন। এই উত্তর অংশে আকবরের সেনাপতি রাজা মানসিংহের সহিত ঈশা খাঁর যুদ্ধ হয়।* এই রণাভিনয় হইতে ভাওয়াল পরগণার এই অংশের নাম রণভাওয়াল হয়। ক্রমে ঈশা খাঁর বংশধরগণ, রণভাওয়ালকে আলাপসিংহের অন্তর্ভুক্ত করিয়া নিজ নিজ বিভাগক্রিয়া সম্পাদন করেন। অষ্টাদশ শতাব্দীর

---

* ব্রহ্মপুত্রের পূর্ব্ব তীরে এগারসিন্দুর কেল্লা। এই কেল্লার পশ্চিম দিকে, (ব্রহ্মপুত্রের পশ্চিম তীরে) এই যুদ্ধ সংঘটিত হইয়াছিল। এই অংশই রণভাওয়াল নামেপ রিচিত।

প্রথম ভাগের নবাবী আমলের কাগজপত্রে রণভাওয়ালকে আলাপ-সিংহের অন্তর্গত তপ্পা বলিয়া উল্লেখ করা হইয়াছে। ঈশা খাঁ বংশের পর এই তপ্পা ঢাকার মোগলদিগের হস্তগত হয় এবং চিরস্থায়ী বন্দোবস্তের পর পর্য্যন্ত, তাঁহাদিগের হস্তে পরিচালিত হয়। ১৭৮৭ সনে এই তপ্পার (জমিদারীর) ।৵০ আনা অংশ মহম্মদ করিম, ।৵০ আনা অংশ হুসেন আলি ও অবশিষ্ট ।০ আনা অংশ মহম্মদ আলির নামে লিখিত ছিল। ইতঃপূর্ব্বেই এই মহাল হইতে কতকগুলি বড় বড় তালুক বাহির হইয়া যাওয়ায়, মালীকগণের পক্ষে রাজস্ব চালাইয়া জমিদারী রক্ষা করা কঠিন হইয়া উঠে। অতঃপর চিরস্থায়ী বন্দোবস্তের পর, জমিদারীর অংশ রাজস্ব বাকীর জন্য নীলাম হইয়া যায়। এবং বোর্ডের ১৭৯৪ সনের ২৬শে ফেব্রুয়ারীর চিঠি অনুসারে ৩৪টী তালুকসহ পরগণার অংশ ঢাকা জেলার তৌজিতে পরিবর্ত্তিত হয়। অতঃপর ইহার বাকী অংশ ত্রিপুরার কালেক্টরী-ভুক্ত হইয়া গিয়াছে। বর্ত্তমান সময়ে এ জেলায় রণভাওয়ালের জমিদারীর অংশ নাই। এই পরগণার মোট জমি ২০৩৫৪০ একর, পরিমাণ-ফল ৩১৮·০৩ বর্গমাইল, ও গ্রাম সংখ্যা ২৭৯।

পুখুরিয়া।

পুখুরিয়া মোগল শাসনকালে পুখুরিয়াবাজু নামে পরিচিত ছিল। তৎকালে ইহার রাজস্ব ১৭১৫১৭০ দাম বা ৪২৮৭৯।০ টাকা ছিল। অষ্টাদশ শতাব্দীতে এই পরগণা ধনবাড়ীর ইস্পিঞ্জর খাঁ, মনোহর খাঁর অধিকার হইতে নাটোরের মহারাজদিগের হস্তগত হয়।* ঐ শতাব্দীর শেষ পর্য্যন্ত

* পুখুরিয়া পরগণার ভূমিসম্বন্ধীয় যে সকল প্রাচীন দলিল দেখা যায়, তাহাতে বোধ হয়, তৎকালে পুখুরিয়া গড়ের পশ্চিমাংশ ইস্পিঞ্জর খাঁ, মনোহর খাঁর ও পূর্ব্বাংশ সিরলা-নিবাসী কৃষ্ণজীবন রায় ও জগজ্জীবন রায়ের অধীনে ছিল।

তাঁহারা এই পরগণা শাসন করেন। অবশেষে কোম্পানীর রাজস্ব বাকী জন্য ১২০০ বঙ্গাব্দের ২৪শে জ্যৈষ্ঠ (১৭৯৪ সন ৪ঠা জুন) এই পরগণা নীলাম হইলে, পুটীয়ার রাজা ভূপেন্দ্রনারায়ণ রায় ৬২১০০৲ টাকা মূল্যে উহা ক্রয় করেন।* ইতঃপূর্ব্বে এই মহাল রাজসাহীর কালেক্টরীর অধীন ছিল; নীলামের পূর্ব্বে ১১৯৯ সনের প্রথম ভাগ হইতে ময়মনসিংহের কালেক্টরীর অধীন হয়† এবং নীলাম হইলে ক্রেতার সহিত ৭০৬৭২৸৴১০ আনা সিক্কা রাজস্বে চিরস্থায়ী বন্দোবস্ত নির্দ্ধারিত হয়। ১২০৫ সনে পুনরায় রাজস্ব বাকী পড়িলে ॥৴৩-২ কাগ অংশ নীলাম হয় ও তাঁহাদিগের কার্য্যকারক পঞ্চানন্দ সরকার উহা ক্রয় করেন। পঞ্চানন্দ ১২০৮ সনে রাজা ভূপেন্দ্র-নারায়ণের পুত্র জগৎনারায়ণকে উহা কাওলা করিয়া দেন। অতঃপর জগৎনারায়ণের পত্নী রাণী ভুবনময়ীর সহিত অপর অংশী কৃষ্ণেন্দ্রনারায়ণের এক রফা হয়। রফাসূত্রে কৃষ্ণেন্দ্রনারায়ণ রায়

* আবশ্যক বোধে ঐ নীলামের দলিলের বঙ্গানুবাদ নিম্নে প্রদত্ত হইল। মূল দলিলের ভাষা পারস্য।

"বহুল সম্মানিত সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুরের হুকুম অনুসারে বোর্ড অব রেভিনিউর সম্মানিত মেম্বরগণ রাজসাহী প্রভৃতির জমিদার মহারাজা রাম-কৃষ্ণের জমিদারী জেলা ময়মনসিংহের অন্তর্গত পংপুখুরিয়া যাহার সরকারী রাজস্ব নিম্ন তপছিলের লিখিত মত মং ৭০৬৭২৸৴১০ গণ্ডা বটে। বাং ১১৯৯ সনের সরকারের বাকী রাজস্বের আদায়ের জন্য ১৭৯৪ সনের ৪ঠা জুন তারিখে মোঃ বা ২৪শে জ্যৈষ্ঠ ১২০০ সাল কলিকাতা মোকামে বোর্ড অব রেভিনিউ আদালতে বোর্ডের সেক্রেটারী সাহেবের হুজুরে নীলাম হইল। ভূপেন্দ্রনারায়ণ রায় চৌধুরী ৬২১০০৲ টাকা প্রচলিত টাকার মূল্যে খরিদ করিলেন। মূল্যের মুদ্রা সরকারী খাজানা খানায় দাখিল করিয়াছে। উক্ত পরগণা প্রকাশিত ও পরিচিত সীমানা সরহর্দ্দ অনুসারে দরোবস্ত যাহা কিছু উক্ত মহারাজার দখলে ছিল, তৎসমুদায় সত্বে ভূপেন্দ্রনারায়ণের সত্ব বর্ত্তিল ও তাহাকে সমুদায় সত্ব দখল দেওয়া গেল। ইতি।"

† Decrees of the Sudder Dewani Adalat, dated 2-6-1812.

।• আনা ও রাণী ভুবনময়ী ৸• আনা প্রাপ্ত হন।* ১৮৩৭ খ্রীষ্টাব্দের ৬ই জুলাই বাটওয়ারার আখরা-জাত খরচ জন্য কৃষ্ণেন্দ্রনারায়ণের নাবালক পুত্র ভৈরবচন্দ্রের।• আনা অংশ নীলাম হইলে, গবর্ণমেণ্ট ক্রয় করেন। ১২৫৪ বঙ্গাব্দায়, পুনরায় কৃষ্ণেন্দ্রের পুত্র রাজা ভৈরবেন্দ্র-নারায়ণ গবর্ণমেণ্ট হইতে একরার দ্বারা ঐ।• আনা গ্রহণ করেন। ১২৫৫ সনে ভৈরবেন্দ্র আম্বারিয়ার পদ্মলোচন রায়ের নিকট ৵• আনা বিক্রয় করেন ও অপর ৵• আনা তাঁহারই নিকট পত্তন থাকে। ১২৬১ সনে পত্তনি মালীকানাও নীলাম হইয়া যায় এবং পদ্মলোচন রায়ের পুত্র কালীচন্দ্র রায় উহা খরিদ করেন। বর্ত্তমানে আম্বারিয়ার হেমচন্দ্র চৌধুরী পরগণার।• আনা অংশ উত্তরাধিকার-সূত্রে প্রাপ্ত হইয়াছেন। রাণী ভুবনময়ী, ৸• আনা অংশ হইতে দৌহিত্র গোবিন্দপ্রসাদ খাঁ প্রভৃতিকে ৵• আনা অংশ দান করেন এবং বাকী ॥৵• আনা তাঁহাদের থাকে। বর্ত্তমানে ঐ ॥৵• আনা অংশ উত্তরাধিকারসূত্রে রাণী হেমন্তকুমারী ও ৵• আনা অংশ ভবপ্রসাদ খাঁ প্রাপ্ত হইয়াছেন। এই পরগণার কতকগুলি গ্রাম নিজ তালুক বলিয়া নাটোরের জমিদারগণ আপত্তি উপস্থিত করিলে, ১৭৯৭ খ্রীষ্টাব্দে এ জেলার কালেক্টর গ্রস সাহেব ভূমি তদন্তের জন্য ও উভয় পক্ষের প্রমাণ পরিদর্শন জন্য মধুপুরে উপস্থিত হন। ঐ তালুকগুলি নিজ তালুক ও বাজে তালুক নামে বর্ত্তমান সময়ে নাটোরের রাজাদিগের সম্পত্তিভুক্ত হইয়াছে।† পুখুরিয়ার গড়ে

* Collector's letter to Revenue Board, dated 15-4-1817.

† ১৮০৫ সনের ১২ই এপ্রিল তারিখের রেভেনিউ বোর্ডে লিখিত চিঠিতে ময়মনসিংহের কালেক্টর লিখিয়াছিলেন "I can assure the Board that the 15 Taluks in question formed a part of their Nij Taluk and were nominally separated in 1204 B. S., at an over—assessed Jama". এই চিঠির সহিত শিবচন্দ্র রায় ও কৃষ্ণকিশোর রায়ের ২ খণ্ড দরখাস্তও প্রেরিত হয়।

প্রচুর গজারি কাষ্ঠ জন্মিয়া থাকে। এই গড় জয়ানসাহীর গড় নামে পরিচিত। এই পরগণায় ৯৪৯টী গ্রাম এবং ২৭৯৮৬৭ একর ১ রোড ৪ পোল জমি, জমির পরিমাণ ফল ৪৩৭.২৯ বর্গ মাইল। সরকারী রাজস্ব ৭৫২৪৫৲

কাগমারী।

আইন-ই-আকবর-ই গ্রন্থে কাগমারী পরগণার উল্লেখ দেখা যায় না। তৎকালে এই মহাল বড় বাজুর অন্তর্গত ছিল। সম্রাট সাহজাহানের সময় সাহজমান্ নামক একজন পীর এই পরগণার আধিপত্য লাভ করেন। সাহজমান্ হইতে তদীয় অনুচর বাফলা-নিবাসী যাদবেন্দ্র রায় তাহা প্রাপ্ত হন। যাদবেন্দ্রের পুত্র অভাবে ভ্রাতুষ্পুত্র ইন্দ্রনারায়ণ রায় সমস্ত সম্পত্তির অধিকারী হন। এই সময়ে মুর্শদাবাদে বাঙ্গলার রাজস্ব গৃহীত হইত। নবাব মুর্শিদকুলিখাঁর "জমা কামাল তুমারি" কাগজে এই পরগণার উল্লেখ দেখিতে পাওয়া যায়। ইন্দ্রনারায়ণ বিধর্ম্মী হইয়া গেলে, ভ্রাতুষ্পুত্র বিশ্বনাথ চৌধুরী সমগ্র কাগমারীর প্রভুত্ব গ্রহণ করেন। বিশ্বনাথের মৃত্যুর পর তাঁহার তিন পুত্র জমিদারী বিভাগ করিয়া লন। বড় পুত্রের ।৵০ আনা ও ছোট পুত্রের ।/০ আনা অংশ বর্ত্তমান সময়ে কাগমারীর ছয় আনী ও পাঁচ আনী নামে পরিচিত। ছয় আনীর বর্ত্তমান মালীক দীনমণি চৌধুরাণী এবং পাঁচ আনীর বর্ত্তমান মালীক প্রমথনাথ রায় চৌধুরী ও মন্মথনাথ রায় চৌধুরী। মধ্যম পুত্র রামেশ্বর রায় পুত্রহীন হওয়ায় তদীয় ।/০ আনা অংশ, কন্যা শিবানী দাস্যা প্রাপ্ত হন। ঐ অংশ বর্ত্তমানে বিক্রয় ও হস্তান্তর ক্রমে বহু অংশে বিভক্ত হইয়াছে। কন্যার বংশধরগণ, অলোয়ার জমিদার বলিয়া পরিচিত। এই পরগণার গ্রাম সংখ্যা ৯২৬, ভূমির পরিমাণ ২৫৬২২৫ একর

৩ রোড ৪ পোল ও পরিমাণ ফল ৪০০.৩৫ বর্গ মাইল। মোট জমিদারীর গবর্ণমেণ্ট রাজস্ব ২৪১০৯৷৵০।

আটীয়া।

মোগল-শাসন সময়ের ইতিহাস আইন-ই-আকবর-ই গ্রন্থে আটীয়া পরগণার নাম দেখা যায় না। ইহাও তৎকালে বড়বাজুর অন্তর্গত থাকিয়া ঈশাখাঁর শাসনাধীন ছিল। পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে, আলিসাহেন সা বাবা কাশ্মীরী নামক একজন মুসলমান পীর এই পরগণায় স্বীয় আধিপত্য বিস্তার করেন। ১৫০৭ খ্রীষ্টাব্দে পীরের মৃত্যু হয়। পীরের সমাধিমন্দির আটীয়ায় অদ্যাপি বর্ত্তমান আছে।*

পীরের দেহত্যাগের পর সৈয়দ খাঁ পনি এই পরগণা গ্রহণ করেন। সৈয়দ খাঁ হইতে তাঁহার অধস্তন ৬ষ্ঠ পুরুষ খোদানেওয়াজ খাঁ পনি পর্য্যন্ত এই পনি বংশ এই পরগণার ষোল আনা ভোগ করিতেছিলেন। অতঃপর ১৭৮৭ সনে এই পরগণার ৷৷০ আনা খোদানেওয়াজ খাঁর জ্যেষ্ঠ পুত্র আলেপ খাঁ চৌধুরী ও ইমাম বক্স খাঁ ও অপর ৷৷০ আনা কনিষ্ঠ পুত্র আলিয়র খাঁর সহিত বন্দোবস্ত হয়। অতঃপর আলেপ খাঁর অংশ বা "বড় আট আনার" ৶০ আনা তৎপুত্রগণের মধ্যে কোচালি খাঁ প্রাপ্ত হন।† ঐ ৶০ আনার ⁄০ আনা তাঁহার বিবাহিতা স্ত্রীর গর্ভজাত পুত্র জাফর আলি খাঁ, ৻১৮৷ কড়া নিকাহিতা স্ত্রীর পুত্র বিরাম আলি খাঁ ও ৻১৮ কড়া কন্যা রণ খাতুন প্রাপ্ত হন। রণ খাতুনকে ধনবাড়ীর বেজআলি চৌধুরী বিবাহ করিলে ঐ অংশ ধনবাড়ীর জমিদারেরা প্রাপ্ত হন। বিরাম আলির ৻১৮৷ গণ্ডা নীলাম হইয়া গেলে বালিয়াটীর সাহা জমিদারগণ

* Calcutta Gazette of 17-9-1902. (Report on the Archœological Survey of Bengal).

† Collector's letter, dated 9-9-1803.

৻১১। গণ্ডা ও ষষ্ঠী মজুমদার ৻৭ গণ্ডা ক্রয় করেন। জাফর আলির ৴৹ নীলাম হইলে দেলদুয়ারের রহিছদ্দিন চৌধুরী ক্রয় করেন। রহিছদ্দিন চৌধুরীর পুত্র সদরদ্দিনের মৃত্যুর পর এই এক আনা সদরদ্দিনের স্ত্রী আশ্রফন্নেছা, কন্যা দৌলত খাতুন ও সফিকন্নেছা এবং পুত্র চাঁদ চৌধুরী প্রাপ্ত হন। চাঁদ চৌধুরীর অপুত্রক মৃত্যু হইলে তাঁহার দুই ভগ্নী, স্ত্রী ও মাতা, পাকুল্লা চলিয়া যান। অতঃপর প্রসিদ্ধ মুচি মিঞা, তাঁহাদিগকে তথা হইতে পুনরায় দেলদুয়ারে আনিয়া চাঁদ চৌধুরীর স্ত্রীকে ও ক্রমে দুই ভগ্নীকে বিবাহ করেন। এইরূপে মুচি মিঞা এই ৴৹ আনা জমিদারী হস্তগত করেন। মুচি মিঞা এক খুনি মোকদ্দমায় "ফেরার" হইয়া মক্কা চলিয়া যান। যাইবার পূর্ব্বে "হেবা" করিয়া নিজ জমিদারী অংশের ।৶১৹ অংশ স্ত্রী দৌলত খাতুনকে দিয়া যান। এদিকে সমস্ত সম্পত্তি ক্রোক হইয়া নীলাম হইয়া যায় এবং ঢাকার নবাব সাহেব ক্রয় করেন। অতঃপর দৌলত খাতুন দাবিদারীমূলে নিজ ।৶১৹ আনা অংশ রক্ষা করেন; ঐ অংশ বর্ত্তমান সময়ে তৎপুত্র দেলদুয়ারের জব্বর মিঞা ও বগুড়ার নবাব আবদুল সোভান চৌধুরী পাইয়াছেন। বড় আট আনীর বাকী ।৵৹ আনা অংশের ৻১৮৷৷৴৴ আলেপ খাঁ চৌধুরীর ভগিনী ও তৎপর ভাগিনেয় ছলিম নগরের গহের আলি চৌধুরী প্রাপ্ত হন; বাকী ।৴১।৴ ক্রান্তি ষোল আনা রূপে ।৶৹ আনা ঢাকার নবাব সাহেব ও ৷৷৴৹ আনা সায়াদত আলি খাঁর স্থলে ক্রমে চান্দ মিঞা ওরফে ওয়াজেদ আলি খাঁ পনি পাইয়াছেন। ছোট আট আনীর আলিয়র খাঁর মৃত্যু হইলে তাঁহার বিবাহিতা স্ত্রী রতন বিবির কন্যা রমজান খাতুন ৵৫ গণ্ডা ও নিকাহিতা স্ত্রী মতিবিবির পুত্র জাহাইয়ার খাঁ ।৹ চারি আনা ও কন্যা জান

খাতুন /১৫ গণ্ডা প্রাপ্ত হন। রমজান খাতুনের ৵৫ ও জান খাতুনের /১৫ গণ্ডা হিস্যা ঢাকার নবাব সাহেবের নিকট ৪০,০০০৲ 'চল্লিশ হাজার টাকার জন্য রেহেনাবদ্ধ থাকে, এবং অবশেষে এই টাকার জন্য এই ।০ চারি আনা অংশ নবাব সাহেব গ্রহণ করেন। অবশিষ্ট জাহাইয়ার খাঁর ।০ আনা অংশ তাঁহার মৃত্যুর পর, তৎপত্নী রসুন খাতুন প্রাপ্ত হন। রসুন খাতুনের /১০ আনা অংশ বিক্রয় হইলে কৃষ্ণপুর, গয়হাটা প্রভৃতি স্থানের জমিদারগণ ক্রয় করেন। বাকী ৵১০ হিস্যা রাখিয়া রসুন খাতুনের মৃত্যু হইলে, তাঁহার পিতা কামাল খাঁ ঐ ৵১০ হিস্যা প্রাপ্ত হন। কামাল খাঁর মৃত্যুর পর, তাঁহার দুই কন্যা, দৌলত খাতুন ও ইদন খাতুন ៸৮/ করিয়া ও দুই পুত্র, ছালামত আলি খাঁ ও মাজাম আলি খাঁ ៸১৬॥// করিয়া অংশ প্রাপ্ত হন। ছালামত খাঁর দুই স্ত্রী, ছালাহেন্নেছা ও লক্ষ্মী বিবি। ছালাহেন্নেছার এক পুত্র, নহেছ উদ্দিন আলি খাঁ ও কন্যা রাহাতন্নেছা খাতুন, বিভাগ অনুসারে এক অংশ প্রাপ্ত হন। লক্ষ্মী বিবির এক কন্যা, বদরন্নেছা ও পুত্র কুদ্রত আলি খাঁ, অপর অংশ গ্রহণ করেন। দৌলত খাতুনের ៸৮/ অংশ তৎপুত্র দেলদুয়ারের ছৈয়দ আবদুল জব্বার ও নবাব আবদুল ছোভান প্রাপ্ত হন। ইদন খাতুনের ៸৮/ অংশ লতিফন্নেছা ও মির আতহর আলি প্রাপ্ত হইয়া অভাব হইলে আতহর আলির অংশ হইতে কিছু অংশ খরিদসূত্রে করটীয়ার আমজদালী প্রাপ্ত হইয়াছেন। লতিফন্নেছার অংশ "মত উল্লি" সূত্রে আবদুল রহেমান চৌধুরী পাইয়াছেন। ইহারা পাকুল্লার জমিদার নামে পরিচিত। অবশিষ্ট মাজাম আলি খাঁর ៸১৬॥// ক্রান্তি, দুই কন্যা নুরন্নেছা ও নজমন্নেছা এবং দুই পুত্র আবদুল আজিজ খাঁ ও আবদুল হাকিম খাঁ প্রাপ্ত হন। আবদুল

আজিজ খাঁ পূর্ব্বোক্ত রাহাতুন্নেছাকে বিবাহ করিয়া তাঁহার অংশও প্রাপ্ত হন। এই অংশ বর্ত্তমান সময় তাঁহার পুত্র গেন্দা মিঞা প্রাপ্ত হইয়াছেন। আবদুল হাকিম খাঁর অংশ, তৎপুত্রদ্বয় আবু আহম্মদ গজনভি ও আবদুল হালিম গজনভি প্রাপ্ত হইয়াছেন। ইহারা দেলদুয়ারের জমিদার বলিয়া পরিচিত। সার্ভে নকসায় এই পরগণার ভূমির পরিমাণ ৪৪১৩৩০ একর ৩ রোড ৩৪ পোল, পরিমাণ-ফল, ৬৮৯.৫৮ বর্গ মাইল ও গ্রামসংখ্যা ৭৯৯ প্রদত্ত হইয়াছে। মোট পরগণার জমিদারী রাজস্ব ৫৪১৩৬৲ টাকা।

আইন-ই-আকবর-ই গ্রন্থে বড়বাজু পরগণার নাম দেখা যায়। তৎকালে ইহার সরকারী রাজস্ব, আরও চারিটী মহালের সহিত, ৪১৭৮১৪০ দাম বা ১০৪৪৫৩॥০ আনা নির্দ্দিষ্ট ছিল। সরকার বাজুহার অন্তর্গত মহালগুলির মধ্যে, বড়বাজুই সর্ব্বাপেক্ষা বৃহৎ "বাজু" ছিল। ব্লকম্যান্ সাহেব, বাজুর বহুবচন হইতে "বাজুহা" নামের উৎপত্তির কারণ নির্দ্দেশ করিয়াছেন।* এই বাজু হইতে পশ্চিম ময়মসিংহে "বাজুর সমাজ" পরিচিত। আকবর সাহের সময়ে আটীয়া ও কাগমারী উভয় পরগণা, এই বাজুর অন্তর্গত ছিল। এবং সেই কারণেই এই দুই পরগণার নাম, আইন-ই-আকবর-ই গ্রন্থে বা টোডরমল্লের বন্দোবস্ত কাগজে দেখা যায় না। ঈশা খাঁর প্রাধান্য সময়ে ঈশা খাঁ, এই পরগণা স্বীয় শাসনাধীন করেন। অতঃপর ঈশাখাঁবংশের অধঃপতনের সঙ্গে সঙ্গে, বড়বাজু তাঁহাদিগের হস্তচ্যুত হয় ও বেল-

বড়বাজু।

* "The name Bajuha is the plural of the Parsian word Baju, an arm, a wing; as all the Mahals on this Sarkar have the word Baju after their names."

H. Blochmann's History & Geography of Bengal.

কুচির আবজাল মহম্মদ সাহেবের পূর্ব্ব-পুরুষের হস্তগত হয়। প্রাচীন দলিলাদিতে আবজাল মহম্মদ সাহেবেরই নাম লিখিত দেখা যায়। ইনি একজন শ্রেষ্ঠ সাধক ছিলেন। ইহাঁর নামে বড়বাজু পরগণার সর্ব্বত্র দরগা স্থাপিত হইয়াছিল। হিন্দু ও মুসলমান সমভাবে এখনও সেই স্বর্গীয় পুরুষের নামে "সিন্নি মানত" করে। প্রবাদ যে, তাঁহার নামে সিন্নি রাখিলে অসাধ্য সাধন করা যায়। এতৎসম্বন্ধে বহু অদ্ভুত গল্প প্রচলিত আছে। ইঁহার লোকান্তরের পর, ইঁহার বংশধরেরা জমিদারী প্রাপ্ত হন। ১৭৮৭ সনে, এই পরগণার ।৶০ আনা হিস্যায় সিরাজ আলি চৌধুরী, ৻১০ হিস্যায় হরিব্রজ রায়, ⁄১০ হিস্যায় শিবনাথ ও রাধানাথ, ৵৫ হিস্যায় কমলরাম ও গোকুলরাম, ৵৫ হিস্যায় জয়দেবের ৭ পুত্র ও অবশিষ্ট ৵৫ হিস্যায় মামুদ সুফার পুত্র মহম্মদ জিয়ান মালিক ছিলেন। ১৮০৩ সনে সিরাজ আলি চৌধুরীর মৃত্যুর পর, বিবন বিবি আপনাকে সিরাজ আলির বিধবা পত্নী' বলিয়া ।৶০ আনা অংশ দাবী করেন। কিন্তু জান খাতুন, প্রকৃত পত্নী স্থির হওয়ায়, তিনিই তখন ঐ অংশ প্রাপ্ত হন।* অতঃপর ব্রহ্মপুত্র নদের গতি পরিবর্ত্তিত হইয়া যবুনা (যমুনা) নদীর উদ্ভব হইলে, এই পরগণার ॥⁄০ অংশের ভূমি যবুনার পশ্চিম তটে পতিত হয়। ১৮৭৫ সনের ১লা এপ্রিল হইতে ঐ॥⁄০ আনা পাবনা জেলায় খারিজ হইয়া গিয়াছে। অবশিষ্ট ।৶০ :আনা ময়মনসিংহের ২৬ নং জমীদারী বলিয়া পরিচিত। বর্ত্তমান সময়ে করটীয়া, কাগমারী,

* *Vide* Collector's letter, dated 1-10-1803. বন্দোবস্ত কাগজ ও দলিলে বিবন বিবির নাম দেখা যায়। সম্ভবতঃ তিনি পরে প্রকৃত ওয়ারিশ (স্ত্রী) সাব্যস্থ হইয়াছিলেন। এই জান খাতুন, মতিবিবির কন্যা ও আটীয়ার জমিদারীর মালীক, জানইয়ার খাঁর ভগ্নী। (আটীয়া দ্রষ্টব্য।)

টিকরিপাড়া, ভাঙ্গনি প্রভৃতির জমিদারগণ এই ।৶০ আনা হিস্তার মালীক। এই ।৶০ আনার সরকারী রাজস্ব ৯৮৫৩৶০। ১৮৫০ সনের জরিপে সমগ্র পরগণায় ১৮০০১১ একর ১ রোড ৯ পোল জমি, পরিমাণ-ফল ২৮১.২৭ বর্গ মাইল, ও গ্রামসংখ্যা ৬৬৯ নির্দ্দিষ্ট হইয়াছিল।

সেরপুর।

সেরপুর, আইন-ই-আকবর-ই গ্রন্থে, দশ-কাহনিয়া বাজু নামে অভিহিত হইয়াছে। প্রবাদ এই, তৎকালে এই স্থানে ব্রহ্মপুত্র নদের বিস্তার এত অধিক ছিল যে, তাহার "পারাপার" জন্য দশ কাহন কড়ি নির্দ্ধারিত ছিল। এই "পারাপারের" মাশুলের পরিমাণ হইতেই, এই বিস্তৃত মহাল "দশ-কাহনিয়া" নামে পরিচিত হয়। আকবর বাদসাহের সময় এই পরগণার সরকারী রাজস্ব ৬৪৫৬১০ দাম, অর্থাৎ ৪১১৪০।০ আনা ছিল। মোগল শাসন আরম্ভের পূর্ব্বে, এই পরগণা বা মহাল কোচরাজ দলিপ (দরিপ) সামন্তের রাজ্যান্তর্গত ছিল।* দ্বিতীয় ফিরোজ সাহার শাসন সময়ে তদীয় অনুচর মজলিস-সা হুমায়ুন, দলিপ সামন্তকে নিহত করিয়া, সেরপুর মুসলমান-শাসন অন্তর্ভুক্ত করেন। অতঃপর ষোড়শ শতাব্দীর শেষ ভাগে, ঈশা খাঁর প্রাধান্য কালে তাহা ঈশা খাঁর করায়ত্ত হয় ও তৎপর তাহার অনুচর গাজিদিগের† হস্তগত হয়। এই গাজিদিগের শেষ জমিদার

* সেরপুর পরগণার অন্তর্গত গড়দরিপা গ্রামে অদ্যাপি দরিপ বা দলিপ সামন্তের রাজধানীর ভগ্নাবশেষ বর্ত্তমান আছে।

† কথিত আছে, দিল্লীশ্বর আকবর সাহ ঈশাখাঁকে "মসনদ আলি" উপাধি প্রদান করিয়া দ্বাদশ পারিষদ সহ এতদ্দেশে প্রেরণ করেন। এই দ্বাদশজন মধ্যে, চারিজন গাজি ও চারিজন মজলিস বংশীয় পারিষদ ছিল। ঈশা খাঁর মৃত্যুর পর গাজিগণ সেরপুর ও ভাওয়াল পরগণা এবং মজলিসগণ নসিরুজিয়াল ও খালিয়াজুরী পরগণা গ্রহণ করেন।

সেরআলি গাজির নামানুসারে সেরপুর পরগণা পরিচিত হয়। সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে সেরআলি হইতে রামনাথ নন্দী এই পরগণা গ্রহণ করেন।* সপ্তদশ শতাব্দী পর্য্যন্ত এই পরগণা সরকার বাজুহার অন্তর্গত ছিল। অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে, এই পরগণা চাকলে কড়েবাড়ীর অধীনে নীত হয়। ঐ শতাব্দীর শেষভাগে নন্দী ও দাস বংশীয় জমিদারদিগের মধ্যে এই পরগণা বিভক্ত হইয়া যায়। ইংরেজ শাসনের প্রারম্ভে, এই পরগণা ভীমনারায়ণ, প্রতাপনারায়ণ ও কৃষ্ণচন্দ্রের নামে লিখিত ছিল। বর্ত্তমান সময়ে ইঁহাদের উত্তরাধিকারিগণ ও মহারাজ সূর্য্যকান্ত, কালীপুরের ধরণীকান্ত লাহিড়ী চৌধুরী প্রভৃতি এই জমিদারী ভোগ করিতেছেন। দশশালা বন্দোবস্তে ইহার সদর জমা ২৪৪৭৪৶০ আনা ধার্য্য হইয়াছে। সার্ভে নক্সায় জমির পরিমাণ ৫০৫১১৯ একর ১ রোড ৪ পোল, গ্রামসংখ্যা ৭৪৫ ও ভূমির পরিমাণফল ৭৮৯.২৫ বর্গমাইল প্রদত্ত হইয়াছে। এই জেলায় সেরপুর সর্ব্বাপেক্ষা বৃহৎ পরগণা।

সুসঙ্গ।

মোগল শাসন আরম্ভের বহু পূর্ব্ব হইতে সুসঙ্গ-রাজগণ সুসঙ্গ পরগণার অধিপতি। অষ্টাদশ শতাব্দীর প্রারম্ভে, রাজকুমার যাদবেন্দ্র অপুত্রক পরলোক গমন করিলে, ৵০ আনা অংশ, তদীয় দৌহিত্র পূর্ব্বধলার ভাদুড়ীদিগের হস্তগত হয়। ১৭৮৭ সনে এই দুই অংশের চৌদ্দ আনা অংশে রাজা রাজসিংহ ও দুই আনা অংশে শিবরাম সিংহের পৌত্রগণ (ঘাগরা ও পূর্ব্বধলা বংশ) মালীক ছিলেন। অতঃপর ১৮৬৩ সনে, (১২৭৯ আশ্বিন), রাজা গোপীনাথের উত্তরাধিকারসূত্রে শঙ্করপুরের প্রাণদা ও বরদা রাজকুমারীদ্বয় ৶৵০ আনা অংশ হইতে ।১৩/ অংশ

---

* স্বর্গীয় হরচন্দ্র চৌধুরী প্রণীত "বংশানুচরিত।

পৃথক করিয়া নেন। এই রাজকুমারীদ্বয়ের অংশ হইতে, নারায়ণ-ডহরের রামচরণ মজুমদার ৷১৩৷৴ ক্রয় করেন। ইহার পর রাজকুমারী-দ্বয়ের অবশিষ্ট অংশ বিভাগ হইলে, রাজকুমারী বরদা দেবীর দুই আনা হইতে, নারায়ণডহরের বর্ত্তমান জমিদারগণ পুনরায় ৷১৩৷৴ গ্রহণ করেন। অতঃপর রাজকুমারী বরদা দেবীর উত্তারাধিকারী হইতে, অবশিষ্ট অংশ ১৩০১ বঙ্গাব্দের ৩রা ভাদ্র, সুসঙ্গের বর্ত্তমান মহারাজগণ ক্রয় ও পত্তনিসূত্রে গ্রহণ করেন। রাজকুমারী প্রাণদা দেবীর অংশ তৎ দত্তক পুত্র ঈশানচন্দ্র লাহিড়ী প্রাপ্ত হইয়া ১৩১২ সনের চৈত্র মাসে সুসঙ্গ-মহারাজদিগকে পত্তনী দিয়াছেন। চিরস্থায়ী বন্দোবস্তে সমগ্র জমিদারীর রাজস্ব ২০৩৭৭৷৴০ আনা নির্দ্ধারিত হইয়াছে। ১৮৫০ সনে এই পরগণায় ৯৫৪ গ্রাম, ৩৭৯৮৯৮ একর ১ রোড ২৩ পোল জমি, ও ৫৯৩·৫৯ বর্গ মাইল পরিমাণফল ছিল।

নসিরুজিয়াল।

আইন-ই-আকবর-ই গ্রন্থে, নসিরুজিয়াল পরগণা, নছরৎ-ও-জিয়াল নামে পরিচিত ছিল। সেই সময়, আরও তিনটী মহাল সহ, এই মহালের সরকারী রাজস্ব ১৮৬৭৭১৫ দাম বা ৪৬৬৯২৸৴০ আনা ছিল। বাঙ্গলার শাসনকর্ত্তা হোসেনসাহ কামরূপ অধিকার করিয়া, তাহার শাসনভার তৎপুত্র নছরৎ সাহের হস্তে প্রদান করেন। নছরৎ সাহ কামরূপের রাজা কর্ত্তৃক বিতাড়িত হইলে, পলায়নপর হইয়া গারো পাহাড় অতিক্রম করিয়া এই স্থানে আশ্রয় গ্রহণ করেন। এই ঘটনা হইতে এই পরগণা নছরৎ-ও-জিয়াল নামে অভিহিত হইয়াছে। নছরৎ ক্রমে তাঁহার সমস্ত প্রদেশ, নছরৎসাহী নামে অভিহিত করেন। আকবর সাহের সময় পর্য্যন্ত, এই প্রদেশ (সাধারণতঃ সম্পূর্ণ ময়মনসিংহ জেলা) নছরৎসাহী নামে পরিচিত ছিল। অতঃপর

ঈশা খাঁর শাসনকালে এই পরগণা ঈশা খাঁর হস্তগত হয়। ঈশা খাঁর মৃত্যুর পর, তাঁহার পারিষদ মসজিদ জালাল, নছরৎ-ও-জিয়াল পরগণার আধিপত্য গ্রহণ করেন। এই মসজিদ জালালের সুরক্ষিত আবাস-বাটীর বিচিত্র ভগ্নাবশেষ, রোওয়াইল-বাড়ীর নিবিড় অরণ্যে অন্ধকারে লয় পাইতেছে। দেওয়ান মসজিদ জালালের বংশধর দেওয়ান ফতেইয়ার খাঁর সময়ে, ইঁহাদিগের অবনতি ঘটে, ও মহালের ।৵১০ আনা হিস্যা বাহির হইয়া যায়। এই ।৵১০ আনার ।১০ আনা, আঁধার মাণিকের জমিদার, ও ৵০ দুই আনা নওপাড়ার চৌধুরীদিগের হস্তগত হয়। ১১৮৬ বঙ্গাব্দে, দেওয়ান সাহেবগণ দুর্দ্দশার চরম সীমায় উপনীত হন, এবং মহালও হস্তান্তরিত হইয়া যায়। এই সময় দুর্গাব্রহ্ম, মহালের ।১০ আনা, কিশোর চাঁদ ⁄০ আনা, মামুদ মানুয়ার ৵৩৫, অমর কৃষ্ণ ⁄৩৷৷, প্রেমনারায়ণ ৴১১৫, মহম্মদ মুজাফর ৶১২৷৷, রামরাম ৵০ আনা, ও শ্যামকিশোর ⁄০ এক আনা হিস্যার মালীক দণ্ডায়মান হন। ১১৮৮ সনে গবর্ণমেণ্ট, মালীকগণ হইতে সমস্ত হিস্যা গ্রহণ করেন, ও রামগোপাল ঘোষ নামক এক ব্যক্তির নিকট ইজারা পত্তন করেন, এবং জমিদারগণ নির্দ্দিষ্ট মালিকানা পাইতে থাকেন। অতঃপর ১৭৮৭ সনে উপর্য্যুক্ত মালীকগণের উত্তরাধিকারিগণ, যথাক্রমে তাঁহাদের পৈতৃক হিস্যা প্রাপ্ত হইতে সমর্থ হন। অনন্তর, চিরস্থায়ী বন্দোবস্তের সময় মুক্তাগাছার নারায়ণ আচার্য্য, ধনকুড়ার গিরিশগোবিন্দ রায় চৌধুরী প্রভৃতি বহু ক্ষুদ্র ক্ষুদ্র অংশ পৃথক করিয়া নেন। এইরূপে ১৮০০ সনের পূর্ব্বেই, এই মহাল ক্ষুদ্র ক্ষুদ্র কুড়ি অংশে বিভক্ত হইয়া যায়। বর্ত্তমান সময়ে, আঁধারমাণিক, নওপাড়া, মুক্তাগাছা, কোরাটী, কৃষ্ণপুর, ভবানীপুর, আঠারবাড়ী, ধনকুড়া প্রভৃতির জমিদারগণ

এই পরগণার মালীক। ১৮৫০ সনের জরিপ-কাগজে জমির পরিমাণ ১২৪২৬১ একর, ১৩ পোল, পরিমাণফল ১৯৪·১৬ বর্গ মাইল, গ্রাম-সংখ্যা ২৮৪ প্রদত্ত হইয়াছে। মোট জমিদারীর সরকারী রাজস্ব ২০০৮৬৸৶০।

হোসেনসাহী

হোসেনসাহী পরগণা, বাঙ্গালার শাসনকর্ত্তা হোসেনসাহের নামে পরিচিত। হোসেনসাহ, ব্রহ্মপুত্রের পূর্ব্বতটভূমি জয় করিয়া, তাহা নিজ নামে পরিচিত করিয়াছিলেন। তিনি ব্রহ্মপুত্র তীরে, যে স্থানে অবস্থান করিয়াছিলেন, সে স্থানও তাঁহার নিজ নামে হোসেনপুর বলিয়া পরিচিত। টোডরমল্লের বন্দোবস্তে, এই পরগণার রাজস্ব ১৮২৭৫৪০ দাম বা ৪৫৬৮৮৷৷০ আনা নির্দ্ধারিত হয়। এই বন্দোবস্তের পর, ইহা ঈশা খাঁর শাসনান্তর্গত হয়। ঈশা খাঁর বংশের অধঃপতনের সঙ্গে সঙ্গে এই পরগণাও তাঁহাদিগের হস্তচ্যুত হয়, এবং তাঁহাদিগের পারিষদ বেত্রাটীর দেওয়ানদিগের হস্তগত হয়। অতঃপর অষ্টাদশ শতাব্দীতে, নাটোর রাজবংশের প্রাধান্য সময়ে, এই পরগণা নাটোরের শাসনাধীন হয়। ১৭৯৩ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত, এই পরগণা রাজসাহীর কালেক্টরের অধীন ছিল। ঐ সনে মহারাজ রামকৃষ্ণের জমিদারী নীলাম হইলে, এই পরগণা খাজে আঁরাতুন নামক আর্ম্মাণী ক্রয় করেন; এবং মহালও রাজসাহীর কালেক্টরী হইতে এই জেলার কালেক্টরীর অধীন হয়। অতঃপর আরাতুনের বংশধরদিগের মধ্যে এই জমিদারী বিভক্ত হইয়া যায়। বিভাগ অনুসারে বিবি কেথারিনা, বিবি এজিনা, ষ্টিফেন্স ও কেসপার্জ্জ, জমিদারী চারি সমান ভাগে প্রাপ্ত হন। তৎপর আঠারবাড়ীর শম্ভুরায় কেসপার্জ্জের অংশ, মোহিনী মোহন রায় কেথারিনার অংশ, নীলকর

ওয়াইজ ও গোবিন্দ দত্ত এজিনার অংশ এবং ওয়াইজ স্বতন্ত্র ভাবে ষ্টিফেন্সের অংশ ক্রয় করেন। এই নীলকর ওয়াইজের নামে এক সময় ময়মনসিংহের আবাল-বৃদ্ধ-বনিতা ভয়ে থরথরি কম্পিত হইত। ওয়াইজ সাহেব এদেশ পরিত্যাগ করিলে, তাঁহার জমিদারী হোসেনসাহীর চারি আনা অংশ মুক্তাগাছার জমিদার রামকিশোর আচার্য্য চৌধুরী ও অবশিষ্ট অংশ গাঙ্গাটীয়ার দীননাথ চক্রবর্ত্তী, মসূয়ার হরিকিশোর রায়, সরারচরের জয়গোবিন্দ রায় ও টি, টি, কেলানোজ ক্রয় করেন। রামকিশোর আচার্য্য চৌধুরীর ।০ আনা অংশ, তাঁহার মৃত্যুর পর, তৎপুত্র জগৎকিশোর আচার্য্য চৌধুরীর নাবালক অবস্থায়, পৈতৃক ঋণের জন্য, কোর্ট অব ওয়ার্ডস কর্ত্তৃক বিক্রীত হয়; এবং উহা ১২৮৫ সনে শম্ভুরায়ের পুত্র, মহিমাচন্দ্র রায় চৌধুরী ক্রয় করেন। অন্যান্য মালীকগণের ক্ষুদ্র ক্ষুদ্র অংশও ক্রমে বিক্রয় হইয়া যায়। বর্ত্তমান সময়ে মহিমাচন্দ্র রায় চৌধুরীর পত্নী জ্ঞানদাসুন্দরী চৌধুরাণী, এই পরগণার মালীক ও পত্তনিসূত্রে ৸৶০ আনা, গাঙ্গাটীয়ার অতুলচন্দ্র চক্রবর্ত্তী ও অন্যান্য অবশিষ্ট দুই আনা অংশের মালীক আছেন। সার্ভেনক্সায় জমির পরিমাণ ২০৮২৭৬ একর ১ রোড ৩১ পোল, পরিমাণফল ৩২৫.৪৩ বর্গ মাইল ও গ্রামসংখ্যা ৭০৭ প্রদত্ত হইয়াছে। গবর্ণমেণ্ট রাজস্ব ৪৫৪৫৭৸৶০।

হোসেনপুর। জোয়ার হোসেনপুর, হোসেনসাহী পরগণার অন্তর্গত একটী বৃহৎ জোয়ার।* হোসেনসাহীর পূর্ব্ব জমীদারগণ শাসন সৌকর্য্যার্থে এই মহাল মূল পরগণা হইতে

---

* জোয়ার– পরগণার অন্তর্গত বিভাগ বিশেষ।

নবাবী আমলে পরগণার জমিদারগণ, খাজনা আদায়ের সুবিধার জন্য, পরগণার অংশ পৃথক করিয়া, ভিন্ন ভিন্ন জিম্মাদারের হস্তে রাখিতেন। এই সকল অংশ বা বিভাগ, তপ্পা জোয়ার প্রভৃতি নামে পরিচিত হইত। জিম্মাদারগণও যথাক্রমে তপ্পাদার, জোয়ারদার প্রভৃতি উপাধি-ভূষণে ভূষিত হইতেন।

পৃথক করিয়া লইয়াছিলেন। এই বিভাগ-সম্পাদন, টোডরমল্লের রাজস্ব বন্দোবস্তের পরে হইয়াছিল ; নতুবা টোড়রমল্লের বন্দোবস্ত কাগজে ইহার উল্লেখ দেখা যাইত। সম্ভবতঃ ঈশা খাঁর বংশধরগণ কর্ত্তৃক এই জোয়ার মূল মহাল হইতে পৃথক হইয়াছিল। এই মহালও কালক্রমে হোসেনসাহীর সহিত নাটোর-রাজবংশের হস্তগত হয়, ও পরে আর্ম্মাণী আরাতুন ক্রয় করেন। এই জোয়ারের অন্তর্গত কতিপয় বৃহৎ বৃহৎ মহাল লইয়া আরাতুনের সহিত কাটাখালীর (কিশোরগঞ্জ) সুপ্রসিদ্ধ পরামাণিকদিগের বহুদিন বিবাদ চলিয়াছিল। পরিশেষে পরামাণিকদিগের জয় লাভ হয়, ও জোয়ার হোসেনপুরের সমস্ত মহাল তালুকদারগণ নিজ তালুক বলিয়া কালেক্টরীতে খারিজ করিয়া ফেলেন; সুতরাং জমিদারী স্বত্ব লুপ্ত হইয়া যায়। সার্ভে নক্সায় এই জোয়ারের জমির পরিমাণ ৮৭২৬৭ একর ১ রোড ১৭ পোল। পরিমাণফল ১৩৬·৩৬ বর্গ মাইল, ও গ্রামসংখ্যা ২৮৭ প্রদর্শিত হইয়াছে।

হাজরাদী।

টোডরমল্লের বন্দোবস্ত সময়ে হাজরাদী সরকার বাজুহার অন্তর্গত ছিল না। তৎকালে এই অঞ্চলে লক্ষ্মণ হাজরা নামক এক কোচরাজা রাজত্ব করিতেছিলেন। ঈশা খাঁ এতৎপ্রদেশে উপস্থিত হইলে লক্ষ্মণ হাজরা পলায়ন করেন। এই লক্ষ্মণ হাজরার নামানুসারে ঈশা খাঁ এই প্রদেশকে "হাজরাদী" নামে পরিচিত করেন। এই তপ্পা দশ শালা বন্দোবস্তের সময় পর্য্যন্ত ঈশা খাঁর বংশধরগণ কর্ত্তৃক শাসিত হইতেছিল। ১৭৮৭ খ্রীষ্টাব্দে, এই পরগণার ।৵০ আনা অংশে দেওয়ান আছালত খাঁর বংশধরগণ।* ।/০ আনা অংশে দেওয়ান

* বন্দোবস্ত কাগজে ইঁহাদের নাম প্রদত্ত হয় নাই। বোধ হয় মনস্থর খাঁ ও মজহর খাঁ।

খোদাদাদ খাঁ, ও অপর ।৵০ আনা অংশে খোদানেওয়াজ খাঁর পুত্র আউলীআলী খাঁ ও নবিনেওয়াজ খাঁর পুত্র (অলি) নেওয়াজ খাঁ ভোগ দখল করিতেন। অতঃপর ১৮০০ সনে জমিদারী রক্ষণে অসমর্থ হইয়া ষোল আনার মালীকগণ একত্রে সমগ্র জমিদারী গবর্ণমেণ্টে ইস্তেফা প্রদান করেন। গবর্ণমেণ্টেও ৩৫২৯।৵০ আনা বাৎসরিক মালীকানা সাব্যস্তে হাজরাদীর জমিদারী খাস করিয়া ফেলেন বর্ত্তমানে জমিদারীর যে অংশ মালীকগণ ভোগ করিতেছেন, তাহা বাদসাহী নিষ্কর। সার্ভে নকসায় সমগ্র পরগণার ভূমির পরিমাণ ২০৬১২১ একর ০ রোড ৩৭ পোল। পরিমাণফল ৩২২·০৭ বর্গ মাইল ও গ্রামসংখ্যা ৪০০ প্রদত্ত হইয়াছে।

খালিয়াজুরী।

খালিয়াজুরী পরগণা এক সময়ে "ভাটী" নামে পরিচিত ছিল। এই স্থানে কামরূপের রাজধানী প্রতিষ্ঠিত ছিল। চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগে জীতারি নামক কোন ক্ষত্রিয় সন্ন্যাসী কর্ত্তৃক এতৎপ্রদেশ অধিকৃত হইলে, তাহা কামরূপরাজ্যের শাসনচ্যুত হয়। আইন-ই-আকবর-ই গ্রন্থে ঈশা খাঁকে এই "ভাটী" অঞ্চলের অধীশ্বর বলিয়া লিখিত হইয়াছে। এই "ভাটী" মহাল তৎকালে সরকার বাজুহার জলকর মহালের অন্তর্গত ছিল। ঈশা খাঁর মৃত্যুর পর এই পরগণা ঈশা খাঁর পারিষদ মজলিস দিগের হস্তগত হয়। অল্পকাল পরে মজলিসদিগের হস্ত হইতে হোমবংশের শাসনাধীন হয়। সেই সময় হইতে বিগত উনবিংশ শতাব্দীর আরম্ভকাল পর্য্যন্ত এই পরগণা তাঁহাদিগেরই হস্তে শাসিত হইতে থাকে। ১৭৮৭ খ্রীষ্টাব্দে জেলা বন্দোবস্তের সময়

* Collector's letter to the Board of Revenue, dated 11-9-1802

এই পরগণা রামশঙ্কর চৌধুরী, জয়প্রসাদ চৌধুরী, অনুপনারায়ণ চৌধুরী, মোহনরাম চৌধুরী, মাণিকরাম চৌধুরী, আবুলওয়াল্লা চৌধুরী, মহম্মদ গহুর, মহম্মদ রুশন ও মহম্মদ রঞ্জি, এই কয় ব্যক্তির নামে লিখিত ছিল। এই হিন্দু ও মুসলমান মালীকগণ একই পূর্ব্ব-পুরুষের সন্তান।* ১২০৪ বঙ্গাব্দে তৎকালীন মালীকগণ ঋণগ্রস্ত হইয়া, পরগণার ॥০ আনা হিস্যা খাজে ওয়ালীস নামক একজন আর্ম্মাণীর নিকট ৫০০১৲ টাকা মূল্যে বিক্রয় করেন ও অবশিষ্ট ॥০ আট আনা তাঁহার নিকটেই ৯ বৎসর মেয়াদে ইজারা পত্তন করেন। কিছুদিন পরে উক্ত সাহেব, ইজারা মহালের তর্কে মালীকগণের নামে ক্ষতিপূরণের নালিশ করেন। মালীকগণ জমিদারী রক্ষার জন্য ঐ ॥০ আনা, হিস্যা শিবচরণ দত্ত ও আক্তরজমা খাঁ নামক দুই ব্যক্তির "বিনামীতে" এক কাওলা সম্পাদন করেন। এই সময় আর্ম্মাণী, ওয়ালীসেব দাবির ডিক্রির জন্য, মহাল ক্রোক হয়। মালীকগণ অনন্যোপায় হইয়া ১২১৫ সনে এই ॥০ আনা জমিদারী ও ধানকুড়ার রামকৃষ্ণ ও রাজকৃষ্ণ রায়ের নিকট বিক্রয় করেন। ওয়ালীসের মৃত্যুর পর তাঁহার দুই কন্যা ॥০ আনা জমিদারীর মালীক হন। এই কন্যাদ্বয়ের এক কন্যার।০ আনা অংশ, করটিয়ার জমিদার সায়াদত-আলি খাঁ ২২০০০৲ টাকায় ক্রয় করেন, ও অপর কন্যার।০ আনা উপর্য্যুক্ত রামকৃষ্ণ ও রাজকৃষ্ণ রায়ের উত্তরাধিকারী গিরীশ বাবু ও গোবিন্দ বাবু ৩২০০০৲ টাকায় ক্রয় করেন। এইরূপে ধানকুড়ার জমিদারগণ ৸০ আনা ও কর টিয়ার জমিদার।০ আনা প্রাপ্ত হন।

* প্রবাদ যে, মুর্শিদকুলি খাঁ খালিয়াজুরী পবগণা "খাস" করিয়া ফেলিলে, খালীয়াজুরীর হিন্দু জমিদারদিগের একজন মুর্শিদাবাদ যাইয়া, মুসলমান ধর্ম্মে দীক্ষিত হন ও জমিদাবী উদ্ধার করেন। তাহার মৃত্যুর পর তাঁহার হিন্দু ও মুসলমান উভয় সন্তানগণই সম্পত্তি প্রাপ্ত হন।

ধানকুড়ার জমিদারগণের হিস্যা হইতে পূর্ব্ব মালীক কদম্বশ্রীর আক্তরজমা খাঁ আদালত যোগে ৴৪৷২ চারি গণ্ডা এক কড়া দুই কাগ অংশ পৃথক করিয়া লইয়াছেন। সার্ভে নক্সায় জমির পরিমাণ ১৭১১৭৩ একর—০—২৫ পোল। পরিমাণ-ফল ২৬৭৷৪৬ বর্গ মাইল ও গ্রামসংখ্যা ১৬৪ প্রদত্ত হইয়াছে। সদর জমা ১৬৫১৴৯ সিক্কা বা ১৭৬১৴০ আনা।

জয়নসাহী।

আইন-ই-আকবর-ই গ্রন্থে জয়নসাহী পরগণার উল্লেখ দেখা যায় না। সম্ভবতঃ তৎকালে ইহা "সায়র-জলকর" মহালের অন্তর্গত ছিল। সরকার বাজুহার অন্তর্গত যে "সায়র-জলকর" মহাল লিখিত হইয়াছে, তাহা খালিয়াজুরী ও জয়নসাহী ব্যতীত অন্য কোন স্থান বলিয়া অনুমান করা যায় না। এই সায়র-জলকর মহালের বাদসাহী রাজস্ব, রাজস্ব-সচিব টোডরমল্ল ২৬১২৮০ দাম বা ৬৫৩২৲ টাকা নির্দ্ধারণ করেন। প্রবাদ যে, ঈশা খাঁর শাসন সময়ে সায়রের এই অংশ জয়নসাহ নামক কোন ব্যক্তির তত্ত্বাবধানে পরিচালিত হইত এবং তাঁহার নামানুসারে পরগণার নামকরণ হইয়াছিল। ঈশা খার সনন্দ অনুসারে দেখা যায়, এই পরগণা তৎকালে ঈশা খাঁর ২২ পরগণার অন্তর্ভুক্ত ছিল। এই বংশের অধঃপতনেব পর, এই পরগণা, ফতে খাঁ ও জা × × * খাঁ বাদসাহী ফবমান অনুসারে ভোগদখল করেন। ক্রমে জেলা-বন্দোবস্ত কালে, ১৭৮৭ খ্রীষ্টাব্দে, মহম্মদ মনোহর আলি ও নুর হায়দরের সহিত এই পরগণার বন্দোবস্ত হয়।

* ১৮৪৩ সনের ২৭শে মে তাবিখের লাখেরাজ বাজেআপ্তি মোকদ্দমার রোবকারী দ্রষ্টব্য। ঐ দলিলেব এই স্থান ছিন্ন হওয়ায়, নামটী সম্যক অবগত হওয়া গেল না।

কিছুকাল পরে মনোহর আলির ॥১৪ গণ্ডা হিস্যা বিক্রয় হইলে, কালীপ্রসাদমুন্সি ক্রয় করেন। ১২০৩ সনে নুর হায়দরের ।৶৫। কড়া জমিদারী, যাহা নয় কোষা * নামে পরিচিত, তাহা হইতে ৵১। রামসুন্দর দেব ক্রয় করেন। রামসুন্দর গোলাপ বিবির নিকট বিক্রয় করেন। ১২০৫ সনে গোলাপ বিবির ৵১। অংশ হইতে ৻৪।৮ তিল নীলাম হইয়া যায়, ও রামনিধি দাস ক্রয় করেন। ১২০৬ সনে নুর হায়দরের অংশ ।৴৪ গণ্ডাও নীলাম হইয়া যায় এবং রামনারায়ণ সিং ক্রয় করেন। ১২০৭ সনে ঐ অংশ রাম-নারায়ণ সিং হইতে পঞ্চানন দাস গ্রহণ করেন। পঞ্চানন দাস

* পরগণা জয়নসাহীর অংশ "নয়কোষা" ও "দশকোষা" নামে পরিচিত থাকিবার একটী বিশেষ ঐতিহাসিক কারণ আছে। মুসলমান শাসনকালে মহালের নির্দ্দিষ্ট রাজস্ব ব্যতীত সীমান্ত প্রদেশস্থ মহালগুলির উপর দেশরক্ষার্থে সৈন্য প্রতিপালন জন্যও এক প্রকার কর ধাযা ছিল। ঐ কর দ্বারা সেই সেই প্রদেশে রক্ষিত সৈন্যগণের ব্যয় নির্ব্বাহ হইত। এইরূপ সৈন্য প্রদান ব্যতীত সেই সকল পরগণা হইতে নির্দ্দিষ্ট সংখ্যক হস্তী, অশ্বও প্রদান করিতে হইত। যে সকল মহাল, সায়র-জলকরের অন্তর্গত ছিল, ঐ সকল মহাল হইতে হস্তী, অশ্বের পরিবর্ত্তে নির্দ্দিষ্ট সংখ্যক যুদ্ধোপযোগী কোষ বা নৌকা প্রদান করা হইত। যে পরগণা যত সংখ্যক কোষপ্রদানের জন্য দায়ী, সেই পরগণা তত "কোষা" বা "কোষা" বলিয়া পরিচিত ছিল। এই কোষ (নৌকা বা নাও) প্রদানের জন্য যে পৃথক কর ধায্য থাকিত তাহার নাম "নাওযারা জমা"। পরগণা জয়নসাহীর নাওয়ারা হইতে সৈন্য পরিচালনোপযোগী কুড়ি খানা কোষ রক্ষিত হইত, ও কায্যকালে ব্যবহৃত হইত। এই পরগণার উপর কুড়িখানা কোষা প্রদানের ভার ছিল বলিয়া নবাবী কাগজপত্রেও এই পরগণা কুড়ি কোষা নামে পরিচিত ছিল। পরে পরগণা দুই মালিকের মধ্যে বিভক্ত হইয়া যাওয়ায়, সাড়ে নয়কোষা ও সাড়ে দশকোষা নামে অভিহিত হইতে থাকে। কাল ক্রমে সাড়ে লোপ হইয়া, মহাল নয়কোষা ও দশকোষা নামে পরিচিত হইয়া গিয়াছে। এইরূপ যুদ্ধোপযোগী কোষ প্রদানের জন্য এই "কোষা" নামের দৃষ্টান্ত বিরল নহে। জেলা ত্রিপুরার অন্তর্গত সরাইল পরগণা হইতে বাইশ খানা কোষ প্রদান করিতে হইত বলিয়া উক্ত পরগণাও "বাইশ কোষা" নামে পরিচিত ছিল। অতঃপর সরাইল পরগণা চৌদ্দ কোষা ও আট কোষাতে বিভক্ত হইয়া গিয়াছে।

হইতে ঐ অংশ ঐ সনে মতি বিবি গ্রহণ করেন। ১২০৮ সনে অপর দুই ক্ষুদ্র অংশও পঞ্চানন দাস নীলাম খরিদ করেন, এবং চান্দ বিবির নিকট বিক্রয় করেন। ১২০৯ সনে মতি বিবির অংশ পুনরায় নীলাম হয় এবং আহাম্মদ উল্লা ক্রয় করেন, ১২১১ সনে চান্দ বিবি আহাম্মদ উল্লাব অংশ নীলামে ক্রয় করিয়া নিজ ক্ষুদ্র হিস্যা কালীপ্রসাদের নিকট বিক্রয় করেন। ১২১৩ সনে, কুলদ্দিন (Kuladeen) (*sic*) চান্দ বিবির অংশ ক্রয় করেন। ১২১৬ সনে চান্দ বিবি পুনরায় কালীপ্রসাদের হিস্যা ক্রয় করেন, ও ১২২৮ সনে কুলদ্দিনের হিস্যা ক্রয় করিয়া সম্পূর্ণ নয় কোষা (।৴৫। কড়া) জমিদারীর মালিক হন। এবং মৃত্যুর সময় (১২৪২ সন) পর্য্যন্ত তাহা ভোগ করেন। তাঁহার মৃত্যুর পর, ১৮৩৬ খ্রীষ্টাব্দে, নয় কোষা রাজস্ব বাকীতে নীলাম হইয়া যায়, ও গবর্ণমেণ্ট পক্ষে ২৩০০০৲ হাজার টাকা মূল্যে খরিদ হইয়া তালুকী স্বত্বে বন্দোবস্ত হয়। অতঃপর কালীপ্রসাদ মুন্সি তাঁহার ক্রীত অংশ ॥১৪ গণ্ডা ১২২০ সনের ২রা বৈশাখ ঢাকার গাজে নিকলস্ মার্কারের নিকট বিক্রয় করেন।* ১২৮৪ সনে এই ॥১৪ গণ্ডা অংশ ষোল আনা রূপে ধরিয়া ॥০ আনা ঢাকার নবাব আবদুল গণি ক্রয় করেন। অতঃপর মহারাজা সূর্য্যকান্ত ৵১৭২ ও আম্বাড়ীয়ার হেমচন্দ্র চৌধুরী ।/২২ গণ্ডা ক্রয় করেন। গবর্ণমেণ্টের জরিপ কাগজে এই পরগণার জমির পরিমাণ ১৫৭৭২২ একর—০ রোড ৩১ পোল। পরিমাণ-ফল ২৪৬'৪৪ বর্গ মাইল, ও গ্রামসংখ্যা ১৪৬

* Collector's letters, dated 29-7-1837, 9-3-1839, & Report of Babu Dharam Chandra Ghose, Deputy Collector dated 24-8-1839.

প্রদর্শিত হইয়াছে। বর্ত্তমান জমিদারীর অংশ দশকোষা নামে পরিচিত। এই দশকোষার সরকারী রাজস্ব ১০৫২৫৸৶০।

কুড়িখাই।

তপ্পা কুড়িখাই পূর্ব্বকালে বরদাখাত পরগণার অন্তর্ভুক্ত থাকিয়া ঈশা খাঁর শাসনাধীনে ছিল। ঈশা খাঁর বংশধরগণের ক্রম-বিভাগের সঙ্গে সঙ্গে এই অংশ পরগণা হইতে পৃথক হইয়া যায়। অতঃপর ঈশা খাঁর অধস্তন পঞ্চম বংশধর দেওয়ান আদম খাঁ বিভাগ অনুসারে কুড়িখাইর সম্পূর্ণ অংশ প্রাপ্ত হইযা জঙ্গলবাড়ী ত্যাগ করেন ও ভাগলপুর আসিয়া বাসস্থান নির্দ্দেশ করেন। দেওয়ান আজম খাঁর বংশধর দেওয়ান ২য় এয়জ মহম্মদ খাঁর সময়ে, সরকারী রাজস্বের ত্রুটিতে, মহাল মুর্শিদাবাদের নবাব কর্ত্তৃক "খাস" হইয়া যায়। এই ঘটনা ইংরেজ শাসনের প্রারম্ভে অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ঘটিয়াছিল। ১৭৮৭ সনে জেলা স্থাপন হইলে, জেলার কালেক্টর, মহম্মদ ঘোসী (Ghosi) (*sic*) নামক কোন ব্যাক্তির সহিত এই মহালের বন্দোবস্ত করেন। ইহার পর পুনরায় মহাল ভাগলপুরের দেওয়ানদিগের হস্তগত হয়। কিন্তু দেওয়ান-বংশধর ইব্রাহিম খাঁর সময় মহাল নীলাম হইয়া যায়, এবং মুক্তাগাছার ভবানীকিশোর আচার্য্য চৌধুরী উহা ক্রয় করেন। ভবানীকিশোর এই মহাল অধিকার করিতে উদ্‌যোগ করিলে, ভৈরব বাজারে এক ভয়ানক দাঙ্গা হাঙ্গামার সূত্রপাত হয়। কথিত আছে এই "হাঙ্গামায়" এত লোক নষ্ট হইয়াছিল যে, মনুষ্য রক্তে মেঘনা নদের জল রঞ্জিত হইয়া প্রবাহিত হইয়াছিল। ভবানীকিশোর আচার্য্য চৌধুরীর উত্তরাধিকারী জগৎকিশোর আচার্য্য চৌধুরী বর্ত্তমান সময়ে এই পরগণার ষোল আনা জমিদারীর মালীক। এই জমিদারীর সদর জমা ১০৯১০৸৶০ আনা।

তৃতীয় অধ্যায়।

আদম সুমারি।

জনসংখ্যা—প্রাচীন কথা; অধিবাসী, প্রবাসী ও নিবাসীর সংখ্যা; প্রবাসীর সংখ্যার বিবরণ; থানা ওয়ারি এলাকার পরিমাণ-ফল, গ্রামসংখ্যা ও লোক-সংখ্যা। ধর্ম্ম ও ধর্ম্ম মন্দির—ধর্ম্মাবলম্বীর সংখ্যা; থানা ও মহকুমা ওয়ারি ধর্ম্মাবলম্বীর সংখ্যা, মুসলমান ও হিন্দু অধিবাসী সংখ্যার তুলনা; খৃষ্টান মিসন; প্রেতোপাসক; ব্রাহ্মসমাজ; বৈষ্ণব-সম্প্রদায়; দেবালয়; মসজিদ। জাতি—বিভিন্ন জাতির কথা; বিবাহিত ও অবিবাহিতের সংখ্যা; ভাষা বিভিন্ন ভাষীর সংখ্যা; উচ্চারণের বিভিন্নতা; গ্রাম্যশব্দ।

জনসংখ্যা।

বিগত ১৯০১ সালের সেন্সস্ অনুসারে ময়মনসিংহ জেলার লোকসংখ্যা ৩৯১৫০৬৮।

এ জেলায় ১৮৮১ সনে প্রথম লোকগণনা আরম্ভ হয়।* তৎপর দশ বৎসর পর ক্রমে তিন বার গণনা হইয়াছে। ১৮৮১ সনে আদম সুমারির বিজ্ঞাপন প্রচারিত হইলে, সমগ্র দেশে এক অশান্তির ভাব লক্ষিত হয়। অশিক্ষিত লোক, উদ্দেশ্য বুঝিতে না পারিয়া দাঙ্গা হাঙ্গামার সূত্রপাত

প্রাচীন কথা।

* ১৮৭২ সনেও লোকসংখ্যা গণনা করা হইয়াছিল, কিন্তু সে গণনা সূক্ষ্ম রূপে হয় নাই। প্রকৃত প্রস্তাবে সেন্সাস্ ১৮৮১ সন হইতেই আরম্ভ হয়।

করিয়াছিল।* সেন্সস্ অশিক্ষিত লোকের মনে নানা আতঙ্ক উৎপাদন করিয়াছিল। তাহারা সেন্সস্‌কে "ছেনিকাড়ার ধুম" বলিত।

জনসংখ্যা ক্রমে বৃদ্ধি হইয়া চলিয়াছে। প্রতি দশ বৎসরে কত বৃদ্ধি হইয়াছে, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

	১৮৭২	১৮৮১	১৮৯১	১৯০১
পুং	১১৮৮৮১৬	১৫৫৫০০৫	১৭৮৮৬১৬	২০১৪৮০৫
স্ত্রী	১১৬২৮৭৯	১৫০০২৩২	১৬৮৩৫৭০	১৯০০২৬৩
মোট	২৩৫১৬৯৫	৩০৫৫২৩৭	৩৪৭২১৮৬	৩৯১৫০৬৮

এই জেলায় বিভিন্ন স্থানের বহু লোক চাকুরী ও ব্যবসায় করিয়া থাকে। এ জেলারও বহুলোক ভিন্ন ভিন্ন জেলায় আছে। এই উভয় সংখ্যাসহ জেলা নিবাসী ও জেলার বর্ত্তমান (১৯০১ সনের আদম-স্থমারির) অধিবাসী সংখ্যার তালিকা প্রদত্ত হইল্প।

অধিবাসী, প্রবাসী ও নিবাসীর সংখ্যা।

	মোট	পুরুষ	স্ত্রী
জেলার লোকসংখ্যা	৩৯১৫০৬৮	২০১৪৮০৫	১৯০০২৬৩
প্রবাসী (ভিন্ন স্থানের লোক)	১১৫০১০	৮২৭৬০	৩২২৫০
বিদেশ বাসী	৮০৫৬৫	৪৫৯৭১	৩৪৫৯৪
জেলা নিবাসী	৩৮৮০৬২৩	১৯৭৮০১৬	১৯০২৬০৭

* সেন্সাসের পরও বহুদিন লোকের আতঙ্ক দূর হইয়াছিল না। এতৎ সম্বন্ধে তৎকালীন জেলা কালেক্টর আলেক্‌জাণ্ডার সাহেব লিখিয়াছিলেন :—

"I do not remember ever to have noticed such strangulation in public opinion, that is, if we consider that of the masses and not that of the educated minority; perhaps it was the excitement caused by the census last year." General Administration Report, 1881-82.

প্রবাসীর সংখ্যার বিবরণ।

উপর্য্যুক্ত তালিকায় অবগত হওয়া যায়, ১৯০১ সনের লোক গণনার সময় ভিন্ন ভিন্ন স্থানের ১১৫০১০ জন লোক এ জেলায় ছিল এবং এই জেলারও ৮০৫৯৫ জন ভিন্ন ভিন্ন স্থানে ছিল। কোন স্থানের কত লোক এই জেলায় ও এই জেলার কত লোক কোন স্থানে ছিল, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

	এই জেলার লোক অন্য স্থানে	অন্য স্থানের লোক এই জেলায়		এই জেলার লোক অন্য স্থানে	অন্য স্থানের লোক এই জেলায়
বর্দ্ধমান বিভাগ	৩৫০	৬৮০	পাবনা	৬১৩৩	৬৬৭৯
বর্দ্ধমান	৮৯	৩৪৯	পাটনা বিভাগ	৬৮	১৮৬০৪
বীরভূম	২৩	১২	পাটনা	৩৭	৪৮৮
বাঁকুড়া	২৪	১৬১	গয়া	৪	১৫৭
মেদিনীপুর	২৪	২৯	সাহাবাদ	১৮	১০৫১
হুগলী	৯১	১১০	সারণ	৯	১৩৭৪৬
হাবড়া	৯৯	১৯	চাম্পারণ বিভাগ	১৪	১৮৬০৪
রাজসাহী বিভাগ	২০৪২৫	৯১৩৭	চাম্পারণ	১২	১৮২
			মজফরপুর	১	১৯৯৫
রাজসাহী	১২৮৩	২৮৯	দ্বারভাঙ্গা	১	৯৮৫
দিনাজপুর	৮৪২	২৩	ছোটনাগপুর বিভাগ	৫৭	২৩৫
দার্জিলিং	১২	৬	হাজারিবাগ	৪১	১৬২
জলপাইগুড়ি	৬৩	—	রাঞ্চি	০	৩
রংপুর	১০২৬৬	৯৬৯	মানভূম	১০	৭০
বগুড়া	১৭২৬	১১৭১	সিংহভূম	৬	০

	এই জেলার লোক অন্য স্থানে	অন্য স্থানের লোক এই জেলার		এই জেলার লোক অন্য স্থানে	অন্য স্থানের লোক এই জেলায়
উড়িষ্যা বিভাগ	২৫৫	৩৯৩	ঢাকা বিভাগ	২৮৫১১	২৪৮৫৩
কটক	১২	২৩৬	ঢাকা	২৭২৭৭	২২৪৩৪
বালেশ্বর	২২	৭২	ফরিদপুর	৮৬৬	১৮৫৩
আঙ্গুল	২	১	বাখরগঞ্জ	৩৬৮	৫৬৬
পুরী	২১৯	৮৪	চট্টগ্রাম বিভাগ	২৭৬৫	১০৪৭৬
প্রেসিডেন্সি বিভাগ	৪৮৮৭	১৭১৬	ত্রিপুরা	২৬৫২	১০১১৮
২৪ পরগণা	৩০৯	৫৫	নোওয়াখালি	৪৮	১১২
কলিকাতা	৩৪২২	২১২	চট্টগ্রাম	৬৫	২৩৬
নদীয়া	৩৫৫	৯৩১	কোচবিহার	৭৩০	৩২
মুর্শিদাবাদ	৩৩৬	১১৫	পার্ব্বত্য ত্রিপুরা	৪০	০
যশোহর	৯৯	৩১৫	আজমীঢ়	০	১৫
খুলনা	৩৬৬	৫২	আসাম	০	৯৮৯০
ভাগলপুর বিভাগ	১৫৮	৯৯৯	ছোটনাগপুর	০	১
ভাগলপুর	৩	৮৩	বেরার	০	১
মুঙ্গের	৪৫	৮৮০	বোম্বাই	০	১১
পূর্ণিয়া	৪	১৫	সিন্ধু	০	১১
মালদহ	৬৬	১৬	ব্রহ্মা	০	৯
সাঁওতাল পরগণা	৪০	৫	মধ্যপ্রদেশ	০	২৭
			মান্দ্রাজ	০	৬
			যুক্তপ্রদেশ	০	৩৬৮৯১
			পঞ্জাব	০	৪৩

	এই জেলার লোক অন্য স্থানে	অন্য স্থানের লোক এই জেলায়		এই জেলার লোক অন্য স্থানে	অন্য স্থানের লোক এই জেলায়
মিত্ররাজ্য সমূহের	০	৬৫৮	ইউরোপ	০	১২
ভারতবর্ষের বাহিরে এসিয়ার অন্য স্থানের		৩০৩	আফরিকা	০	১
			অষ্ট্রেলিয়া	০	৬

থানওয়ারি এলাকার পরিমাণ ফল, গ্রাম সংখ্যা ও লোক সংখ্যা।

বিগত আদমসুমারির সময় প্রতি থানার এলাকায় কত অধিবাসী ছিল, এলাকার পরিমাণফল ও গ্রাম সংখ্যা সহ তাহা প্রদর্শিত হইল। (পরিশিষ্ট—"ক" দ্রষ্টব্য।)

ধর্ম্ম ও ধর্ম্মমন্দির।

ধর্ম্মাবলম্বীর সংখ্যা।

এ জেলায় হিন্দু ও মুসলমানের সংখ্যাই অধিক। গত ১৯০১ সনের সেন্সাসে কোন্ ধর্ম্মাবলম্বী কত লোক এ জেলায় বাস করিত তাহা প্রদর্শিত হইল।

ধর্ম্মাবলম্বী	মোট	পুরুষ	স্ত্রী
হিন্দু	১০৮৮৮৫৭	৫৬৯৩৫২	৫১৯৫০৫
ব্রাহ্ম	১০৩	৫৬	৪৭
মুসলমান	২৭৯৫৫৪৮	১৪২৯৭৬৪	১৩৬৫৭৮৪
জৈন	২৯২	২৬০	৩২
খৃষ্টান	১২৯১	৬৭৯	৬১২
বৌদ্ধ	১৪	১৪	০
প্রেতোপাসক	২৮৯৫৮	১৪৬৭৭	১৪২৮১
অন্যান্য	৫	৩	২
মোট	৩৯১৫০৬৮	২০১৪৮০৫	১৯০০২৬৩

১৮৮১ ও ১৮৯১ সনে জনসংখ্যা গণনার সময়, কোন্ ধর্ম্মাবলম্বী লোক কত ছিল, তাহার সংখ্যাও প্রদত্ত হইল।

	১৮৮১		১৮৯১	
ধর্ম্মাবলম্বী।	পুরুষ	স্ত্রী	পুরুষ	স্ত্রী
হিন্দু	৫০৪৫৭৩	৪৮৩০৩৫	৫৪৮৪৭৩	৪৯৭০৯৩
মুসলমান	১০৩৭০০২	১০০৪৫২১	১২২৪৬৯৪	১১৭১৭৮২
খৃষ্টান	৮২	৬৯	১০৮	১০৩
প্রেতোপাসক	১৩৩৪৮	১২৬০৭	১৫০৭০	১৪৫৩৯
অন্যান্য	...	..	২৭১	৫৩

থানা ও মহকুমা ওয়ারি ধর্ম্মাবলম্বীর সংখ্যা।

প্রতি থানা ও মহকুমায় হিন্দু, মুসলমান, খ্রীষ্টিয়ান ও প্রেতোপাসকের সংখ্যা কত, তাহা পৃথক করিয়া দেখান গেল (পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য)।

মুসলমানের সংখ্যা হিন্দুর সংখ্যার প্রায় তিন গুণ অধিক।

মুসলমান ও হিন্দু অধিবাসী সংখ্যার তুলনা।

হিন্দুর সঙ্গে তুলনায় মুসলমান জনসংখ্যার বৃদ্ধির অনুপাতও অধিক। হিন্দু অধিবাসীর তুলনায় জামালপুরে মুসলমানের বৃদ্ধির অনুপাত অন্যান্য উপবিভাগ অপেক্ষা অধিক। প্রায় সাড়ে চারি গুণ। নেত্রকোণায় মুসলমানের সংখ্যা অপর উপবিভাগগুলি অপেক্ষা ন্যূন। হিন্দুর সংখ্যা টাঙ্গাইল মহকুমায় অন্যান্য মহকুমা অপেক্ষা অধিক। জামালপুরে হিন্দু অধিবাসীর সংখ্যা অন্যান্য উপবিভাগ হইতে কম; মুসলমানের সংখ্যা সদর মহকুমায় সর্ব্বাপেক্ষা অধিক। (পরিশিষ্ট "খ")।

খৃষ্টান মিশন।

১৮৩৭ খৃষ্টাব্দে এ জেলায় প্রথম খৃষ্টান-মিসনের কার্য্য আরম্ভ হয়। এই মিসন The Australian Victorian Baptist Foreign Mission

নামে পরিচিত। প্রথম প্রথম প্রচারকগণ ঢাকা থাকিয়াই এ জেলায় মিসনের কার্য্য চালাইতেন। ১৮৮৫ খৃষ্টাব্দে রেভারেণ্ড এলিসন, ময়মনসিংহ নগরে আগমন করেন। তাহার পর হইতে রীতিমত প্রচারের কার্য্য চলিতেছে। কতিপয় বৎসর যাবৎ টাঙ্গাইলে ব্যাপটীষ্ট মিসন চার্চ্চ প্রতিষ্ঠিত হইযাছে। সুসঙ্গের অন্তর্গত বিরেশিরীতেও একটী গির্জা আছে। খৃষ্টান অধিকাংশই গারো, হাজং প্রভৃতি পার্ব্বত্য জাতি। ইহাদের সংখ্যা নেত্রকোণা মহকুমায় সর্ব্বাপেক্ষা অধিক। দুর্গাপুর থানাতে খৃষ্টানের সংখ্যা ৫৬৮। তৎপর ফুলপুব ; ফুলপুব থানায় খৃষ্টানের সংখা ৩৪৬।

প্রেতোপাসক।

প্রেতোপাসকগণ সমস্তই গারো। ইহারা রোগ উপশম এবং অন্যান্য বিবিধ উৎপাৎ নিবারণের জন্য "দেও" আহ্বান করিয়া থাকে। কোন বৃক্ষের নীচে বেড়াদিয়া সেই স্থানে ছাগ, শুকব ইত্যাদি পশু বলি দেয়। ইহাতেই নাকি তাহাদের অভীষ্ট দেবতাকে আহ্বান করা হয়।

ব্রাহ্ম সমাজ।

এ জেলায় সাধারণ ব্রাহ্ম ও নববিধান উভয় সমাজভুক্ত ব্রাহ্মই আছেন। নসিরাবাদ নগরে দুই সমাজের দুইটী উপাসনা মন্দির আছে। ১৮৫৪ খৃঃ অব্দে ময়মনসিংহ নগরে ব্রাহ্ম-সমাজ প্রতিষ্ঠিত হয়।

বৈষ্ণব সম্প্রদায়।

ভেকধারী বৈষ্ণবেব সংখ্যা এ জেলায় ১২০৯১। তন্মধ্যে পুরুষ ৪৯৫২, স্ত্রী ৭১৩৯। এ জেলায় ভেকধারী বৈষ্ণবগণ অধিকাংশই রামকৃষ্ণ গোসাঞির শিষ্য। উক্ত মহাপুরুষের আখড়া শ্রীহট্ট জেলার অধীন বিথঙ্গল। এ জেলায় সাইটধা, গুরই, কিশোরগঞ্জ প্রভৃতি স্থানে তাঁহার শিষ্যদিগের আখড়া আছে। রামকৃষ্ণের মতাবলম্বী ব্যতীত, বাউল, গুরুসত্য,

আগলশঙ্কর প্রভৃতি ভিন্ন ভিন্ন মতাবলম্বী লোকও অনেক দেখা যায়। নেত্রকোণা মহকুমার অন্তর্গত ইচলিয়া গ্রামে আগলশঙ্করের আখড়া বিশেষ উল্লেখ যোগ্য।

ষোড়শ শতাব্দীতে শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুর প্রচারিত বৈষ্ণবধর্ম্ম এ জেলায় প্রবেশ করিয়াছিল। ভক্ত প্রধান মাধবাচার্য্য* সর্ব্ব প্রথমে এতদ্দেশে চৈতন্য ধর্ম্ম প্রচার করেন। আটীয়ার নিবিড় অরণ্যে গুপ্তবৃন্দাবন নামক স্থান শ্রীশ্রীমহাপ্রভুর নামের স্মৃতি আজও বহন করিতেছে।

দেবালয়।

এ জেলায় হিন্দু দিগের ধর্ম্ম কর্ম্মের জন্য জামালপুরের দয়াময়ীর বাড়ী, সেরপুরের রঘুনাথজীর বাড়ী, কিশোর-গঞ্জের ঝুলনবাড়ী, ভোগবেতালের গোপীনাথজীর বাড়ী, মঠখলার কালীবাড়ী, হুসেনপুরের কুলেশ্বরীর বাড়ী, লস্কর পুরের শিববাড়ী, মধুপুরের মদনগোপালের বাড়ী, টাঙ্গাইলের কালী-বাড়ী, দেউপুরে কালীবাড়ী, বেথৈরের আনন্দময়ী কালীবাড়ী, ময়মনসিংহের দুর্গাবাড়ী ও কালীবাড়ী প্রভৃতি প্রসিদ্ধ।

মসজিদ।

মুসলমানদিগের ধর্ম্মস্থান—জামালপুরের অন্তর্গত দুর্ম্মুটের সাহা কামালের দরগা, কিশোরগঞ্জের অন্তর্গত ইটনার মসজিদ, টাঙ্গাইলের অন্তর্গত কদিম হামজানির মসজিদ, নেত্রকোণার অন্তর্গত মদনপুর ও সেকান্দর নগরের দরগা এবং সদরের অন্তর্গত মুক্ষির সাহা নিমকিনের দরগা বিশেষ প্রসিদ্ধ।

* চণ্ডী প্রণেতা মাধবাচার্য্য একজন প্রসিদ্ধ ব্যক্তি। ইনি চৈতন্যের সম-সাময়িক লোক।

জাতি।

এই জেলায় বৈদ্যের সংখ্যা অতি অল্প। টাঙ্গাইল অঞ্চলেই অধিক। কিশোরগঞ্জ উপবিভাগে বৈদ্য ও কায়স্থে বিবাহ সম্বন্ধ চলিত। টাঙ্গাইল অঞ্চলে বৈদ্য-কায়স্থের সমাজ পৃথক। সময়ে সময়ে বৈদ্য এবং কায়স্থগণ আপন আপন শ্রেষ্ঠতা প্রতিপাদনের আন্দোলন করিয়া থাকেন।

বৈদ্য ও কায়স্থের হুজুগ ব্যতীত অন্যান্য জাতির মধ্যেও শ্রেষ্ঠতা স্থাপনের হুজুগ বিরল নহে। এই আন্দোলন আদম সুমারির (সেন্সস্) সময়েই আরম্ভ হয়; আবার কিছুদিন পরেই লুপ্ত হইয়া যায়। এই জেলায় এই হুজুগ ১৮৭১ সন হইতে আরম্ভ। গবর্ণমেণ্ট ইচ্ছা করিলে এই হুজুগ হইতে প্রচুর "নজরানা" গ্রহণ করিতে পারিতেন।*

বিগত সেন্সসের সময় এই জেলার হালুয়াদাসগণ "মাহিষ্য" উপাধি পাইবার জন্য আবেদন করে। গবর্ণমেণ্টে আবেদন গ্রাহ্য হয়।† কিন্তু তাঁহারা যখন দেখিলেন যে, মাহিষ্য হইলে লোকে মহিষের সন্তান বলিবে তখন তাঁহাদের সে উন্নতি স্পৃহা তিরোহিত হইয়া যায়। তাঁহারা তাঁহাদের প্রার্থনা উঠাইয়া নেন।‡

* ১৯০১ সনের Distict Census Reportএ তদানীন্তন সেন্সস্ ডিপুটী কালেক্টর এই হুজুগ লক্ষ্য করিয়া লিখিয়াছিলেন—If government had not objected to the payment NAZARANA (fine), it would have afforded an opportunity of securing an innocent income.

† Census Superintendent's letter No 1627, dated 21-11-1900.

‡ এই ব্যাপারে একটী পুলিস কর্ম্মচারী হালুয়াদাসদিগকে বুঝাইয়াছিলেন যে, মহিষ শব্দ অপত্যার্থে ষ্ণ প্রত্যয় করিলে মাহিষ্য হয়। সেন্সস্ ডিপুটী কালেক্টর

মুসলমানদিগের মধ্যে কুলু ও জোলা সম্প্রদায় যথা ক্রমে বেপারি ও কারিকরবাচ্যে অভিহিত হইবার জন্য প্রার্থনা করে। সেন্সস্ সুপারিণ্টেণ্ডেণ্ট তাহাদের প্রার্থনা অগ্রাহ্য করিলে, তাঁহারা গবর্ণমেণ্টে প্রার্থনা করে; গবর্ণমেণ্ট তাহাদের প্রার্থনা গ্রাহ্য করেন।* গবর্ণমেণ্টের আদেশ আসিতে বিলম্ব হওয়ায় এবার তাহারা প্রার্থিত উপাধি প্রাপ্ত হয় নাই।

যুগী, সূত্রধর ও সাঁহার ব্রাহ্মণেরা "ব্রাহ্মণ" শ্রেণী ভুক্ত হইবার প্রার্থনা করেন। তাঁহাদিগকে "বর্ণ ব্রাহ্মণ" শ্রেণীভুক্ত করা হয়।

সদর মহকুমার বারুইগণ কায়স্থ শ্রেণীভুক্ত হইবার জন্য বহু চেষ্টা করিয়াছিল। অনেক দলিল পত্রও দাখিল করিয়াছিল। কোন ফল হয় নাই।

সেরপুর ও নালিতাবাড়ী থানার রাজবংশীগণ "ব্যর্থ ক্ষত্রিয়" পদবী লাভের জন্য চেষ্টা করিয়াছিল। তাহাদের চেষ্টা রাজপুরুষের কর্ণগোচর করাইতে অযথা বিলম্ব হওয়ায় তাহাদের এবারের প্রয়াস বিফল হয়।

যুগিগণ যজ্ঞসূত্র ধারণে প্রয়াসী হইয়া বিলক্ষণ অর্থব্যয় করিয়াছিল। যুগীর ব্রাহ্মণেরা প্রতিবাদী হওয়ায় আত্মকলহে কোন ফল হয় নাই। অনেক স্থানের যুগী সূত্রধারণ করিয়াছিল। কিশোর-

---

রিপোর্টে লিখিয়াছেন "He (Police S I) called some of these castemen and explained that the word "Mahishya" was derived from the Sanskrit word Mahish (মহিষ) by adding the affix sna (ষ্ণ) and signified the offspring of buffaloes, * * * and they expressed no desire to change "Halua Das" into "Mahishya"—District Census Report, 1901

* Census Superintendent's letter No. 1200, dated 25-2-1901.

গঞ্জের "যুগীমারা" মোকদ্দমার পর হইতে যুগিগণ দুইভাগে বিভক্ত হইয়া যায়।

চণ্ডালেরা অনেক স্থানে "চঙ্গ" বলিয়া পরিচিত ছিল; উন্নতির পর্য্যায়ে আসিয়া "নমশূদ্র" হইয়াছে।

বিভিন্ন জাতির সংখ্যা।

নমশূদ্রের সংখ্যা এই জেলায় সর্ব্বাপেক্ষা অধিক। তৎপরে কৈবর্ত্ত ও কায়স্থ। কৈবর্ত্ত, সাহা ও তিয়র জাতিব পুরুষ অপেক্ষা স্ত্রী লোকের সংখ্যা অধিক দেখা যায়। মুসলমান ধর্ম্মাবলম্বীর সংখ্যা সর্ব্বাপেক্ষা অধিক হইলেও তাঁহারা সেখ, সৈয়দ, মোগল, পাঠান, কুলু ও জোলা প্রভৃতি ভিন্ন ভিন্ন জাতিতে বিভক্ত।

হাজং এবং হদি বাঙ্গালার অন্য কোন জেলাতে নাই। ইহারা ময়মনসিংহের আদিম নিবাসী। এবং বর্ত্তমানেও কেবল ময়মনসিংহেরই অধিবাসী।

গারোদিগের মধ্যে ২১৪২ পুরুষ ও ২০৯১ স্ত্রী—হিন্দু ও খৃষ্ট ধর্ম্মাবলম্বী। অবশিষ্ট প্রেতোপাসক।

এই জেলায় বহু জাতীয় অধিবাসীর বাস। প্রত্যেক জাতির লোক সংখ্যা প্রদত্ত হইল। (পরিশিষ্ট "গ" দ্রষ্টব্য।)

বিবাহিত ও অবিবাহিতের সংখ্যা।

এই জেলায় হিন্দু ও মুসলমান দিগের মধ্যে বিবাহিত, অবিবাহিত ও স্বামী অথবা স্ত্রীহীন অধিবাসীর সংখ্যা কত, তাহা বয়ক্রম অনুসারে প্রদর্শিত হইল। (পরিশিষ্ট "ঘ" দ্রষ্টব্য।)

ভাষা।

বাঙ্গালা, হিন্দি, গারো ও কোচ এই চারি ভাষা এই জেলাবাসীদিগের কথিত ভাষা। প্রবাসীরা অন্যান্য ভাষায়ও বাক্যালাপ করিয়া থাকে। কোন্ ভাষায় কত জন কথোপকথন করে, নিম্নে তাহা প্রদর্শিত হইল :—

বিভিন্ন ভাষীর সংখ্যা।

কথিত ভাষা।	ভাষীর সংখ্যা।
বাঙ্গলা	৩৮১৬৭৫১
হিন্দি	৬৩২৭৪
গারো	৩১৮৪০
কোচ	২৪৯০
উড়িয়া	৩৭৪
খাস	৪
আসামী	২
মারওয়ারী	৪৪
তেলুগু	২
তামিল	২
মণিপুরী	২৯
ব্রহ্মী	৬
পারস্য	৬৮
পাষ্টু	১০৩
গ্রীক	১
ইংরেজী	৪৬

কথিত ভাষা।			ভাষীর সংখ্যা।
আরবী	...	...	২৩
চীনা		..	১৮
			মোট—৩৯১৫০৬৮

বাঙ্গালা ভাষায় বাক্যালাপকারীদিগের মধ্যে ৪৪২৪ জন হাজং ভাষায় ও গারোভাষায় বাক্যালাপকারীদিগের মধ্যে ১৪১৭ জন আটং ও ১৪৬ জন দোয়াল ভাষায় বাক্যালাপ করে।

গারোজাতির সংখ্যা এই জেলায় ৩৩১৯১; ইহার মধ্যে ৩১৮৪০ জন বাদে অবশিষ্ট বাঙ্গালা ভাষা ব্যবহার করিয়া থাকে।

উচ্চারণের বিভিন্নতা।

এই জেলায় শব্দের উচ্চারণ এবং ধ্বনিও সকল স্থানে একরূপ নহে। "কাক" শব্দটীকে পূর্ব্ব ময়মনসিংহ বাসী উচ্চারণ করেন "কাউয়া" পশ্চিম ময়মনসিংহবাসী, "কাইআ"। এইরূপ খাইবাম, খাইয়াম, খামু, খাইমু। গেছিলা, গেছলা, গেছল, যাইছাল। করবাম, করুম, করমু, ইত্যাদি।

পূর্ব্ব ময়মনসিংহের পূর্ব্ব প্রান্তের অধিবাসীদিগের উচ্চারণ ও ধ্বনির সহিত শ্রীহট্ট ও ত্রিপুরাবাসীদের উচ্চারণ ও ধ্বনির এবং পশ্চিম ময়মনসিংহের অধিবাসীদিগের ধ্বনি ও উচ্চারণের সহিত ঢাকা, বগুড়া ও পাবনাবাসীদিগের ধ্বনি ও উচ্চারণের সাদৃশ্য লক্ষিত হয়।

গ্রাম্য শব্দ।

এই জেলার সাধারণ লোকের কথিত গ্রাম্যশব্দগুলি অধিকাংশই, সংস্কৃতের অপভ্রংশ। কতকগুলি গ্রাম্য শব্দের নমুনা প্রদত্ত হইল। (পরিশিষ্ট "ঙ" দ্রষ্টব্য।)

চতুর্থ অধ্যায়।

শিক্ষা।

শিক্ষার সূত্রপাত, বিদ্যালয় সম্বন্ধীয় প্রাচীন বিবরণ; স্কুল, কলেজ, মাদ্রাসা ও টোল, স্ত্রীশিক্ষা; শিক্ষিত, অশিক্ষিতের সংখ্যা, সাহিত্য —সভাসমিতি, লাইব্রেরী।

শিক্ষার সূত্রপাত।

১৮৪৬ সনে এই জেলায় ইংরেজী শিক্ষা বিস্তারের সূত্রপাত হয়। বলা বাহুল্য ইতঃপূর্ব্বে স্থানে স্থানে পার্সি ও আরবি ভাষার পাঠাগার হইতে কেবল ঐ ঐ ভাষাই শিক্ষা দান করা হইত। ১৮৪৬ সনের জানুয়ারী মাসে নারায়ণডহরে মধ্যইংরেজী স্কুল প্রতিষ্ঠিত হয়। ঐ সনের নবেম্বর মাসে হার্ডিঞ্জ সাহেবের অমর কীর্ত্তি হার্ডিঞ্জস্কুল স্থাপিত হয়। ১৯০১ অব্দের আশ্বিন মাসে স্কুলটী উঠিয়া গিয়াছে। হার্ডিঞ্জস্কুল স্থাপনের পর অল্পকাল মধ্যেই স্থানে স্থানে বহু মধ্যইংরেজী ও বঙ্গবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

১৮৫৩ অব্দের ৩রা নবেম্বর বর্ত্তমান গবর্ণমেণ্ট জেলাস্কুল প্রতিষ্ঠিত হয়।

বিদ্যালয় সম্বন্ধীয় প্রাচীন বিবরণ।

১৮৬৪ অব্দে এই নগরে একটী নর্ম্মাল স্কুল প্রতিষ্ঠিত হইয়াছিল; ১৮৭৬ অব্দে ঐ স্কুল উঠিয়া যায়।

১৮৬৭ অব্দে এই জেলায় কতটী বিদ্যালয় ছিল তাহা নিম্নে প্রদর্শিত হইল :—

		বিদ্যালয়েরসংখ্যা	ছাত্রসংখ্যা
গবর্ণমেণ্টস্কুল—			
এণ্ট্রেন্স	১	৭	৬৩৭
বঙ্গবিদ্যালয়	১		
নর্ম্মাল	১		
মডেল	৪		
মধ্যইংরেজী—			
সাহায্য প্রাপ্ত		১৭	৯৪০
অপ্রাপ্ত সাহায্য		৮	২০৩
মধ্যবাঙ্গালা—			
সাহায্য প্রাপ্ত		২৯	৯৪৮
অপ্রাপ্ত সাহায্য		১৮	৫৭৭
বালিকাবিদ্যালয়—			
সাহায্য প্রাপ্ত		১	৯
অপ্রাপ্ত সাহায্য		৬	৬৩
সার্কেল		২৩	৬০৭
		১০৯	৩৯৮৪

১৮৭০ খৃষ্টাব্দে সন্তোষ জাহ্নবী স্কুল স্থাপিত হয়। ইহাই এই জেলার মফস্বলের প্রথম এণ্ট্রেন্স স্কুল।

স্কুল, কলেজ, মাদ্রাসা ও টোল।

১৮৭১ খৃষ্টাব্দে সার জর্জ্জ কেম্বেলের নিম্নশিক্ষা বিস্তারবিষয়ক মন্তব্য প্রকাশিত হইলে বহু প্রাইমারী স্কুল প্রতিষ্ঠিত হয়।

১৮৭৪ অব্দে এই নগরে একটী মধ্যইংরেজী স্কুল স্থাপিত হয়। ১৮৭৮ অব্দের ১৩ই নবেম্বর ঐ স্কুলটী এণ্টেন্স স্কুলে পরিণত হয়। ইহাই নসিরাবাদ এণ্ট্রেন্স স্কুল।

১৮৭৯ অব্দে সুসঙ্গে "দুর্গাপুর এণ্ট্রেন্স স্কুল" নামে একটী স্কুল স্থাপিত হয়। কিছুদিন পরে তাহা উঠিয়া যায়।

১৮৮২ সনের আশ্বিন মাসে নসিরাবাদ এণ্ট্রেন্স স্কুলটীও উঠিয়া যায়।

১৮৮৩ সনের ১লা জানুয়ারী ময়মনসিংহ ইনিষ্টিটিউসন স্থাপিত হয়। ঐ সনের ৩১শে জানুযারী নসিরাবাদ এণ্ট্রেন্স স্কুল পুনরুজ্জীবিত হয়। ১৮৮৪ অব্দে মযমনসিংহ ইনিষ্টিটিউসনের কর্ত্তৃপক্ষ ১৭৫০৲ টাকা দিয়া এই স্কুলটী ক্রয় করেন।

১৮৮৬ সনে ইনিষ্টিটিউসন "সিটিস্কুল ময়মনসিংহ ব্রেঞ্চ" নাম গ্রহণ করে।

১৯০৫ সনে কিশোরগঞ্জ "হরিমোহন ইন্‌ষ্টিটিউসন" নামে একটী এণ্ট্রেন্স স্কুল স্থাপিত হয়।

বর্ত্তমান বর্ষে কলিকাতা জাতীয় শিক্ষাপরিষদের প্রতিষ্ঠা হইয়াছে। এই শিক্ষাপরিষদের কায্য পরিচালন জন্য গৌরীপুরের ভূম্যধিকারী ব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী নগদ পাঁচলক্ষ টাকা ও মুক্তাগাছার সূর্য্যকান্ত আচার্য্য বার্ষিক দশ হাজার টাকার ভূসম্পত্তি দান করিয়াছেন।

জাতীয় শিক্ষা-পরিষৎ স্থাপিত হইলে, ঐ শিক্ষাপরিষদের অধীনে এই ময়মনসিংহ নগরে একটী জাতীয় বিত্থালয় স্থাপিত হইয়াছে এবং কিশোরগঞ্জের হরিমোহন ইন্‌ষ্টিটিউসনটীও জাতীয় বিত্থালয়ের অন্তভুক্ত হইয়াছে।

বর্ত্তমান সময়ে এই জেলায় ২১টী এণ্ট্রেন্স স্কুল। এই এণ্ট্রেন্স স্কুল গুলির মধ্যে ১৯টী সরকারী বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃত্বাধীনে ও দুইটী জাতীয় শিক্ষা-পরিষদের অধীনে পরিচালিত। সরকারী বিশ্ব-বিদ্যালয়ের অধীন ১৯টী এণ্ট্রেন্স স্কুলের মধ্যে একটী গবর্ণমেণ্টের সম্পূর্ণ খরচে ও ছয়টী গবর্ণমেণ্টের আংশিক সাহায্যে পরিচালিত হয়। স্কুল গুলির ছাত্র সংখ্যা ও আয় এবং স্থাপনের সময় প্রদত্ত হইল। (পরিশিষ্ট "চ" দ্রষ্টব্য।)

বর্ত্তমান সময়ে (১৯০৫-৬ অব্দে) এই জেলায় মধ্যইংরেজী স্কুলের সংখ্যা ৭০, ছাত্র সংখ্যা ৬০৭৬ ; এই ৭০টী স্কুলের ৪৯টী সরকারী সাহায্যপ্রাপ্ত, ছাত্র সংখ্যা ৪৪০৮ ও ২১টী অপ্রাপ্ত সাহায্য, ছাত্র সংখ্যা ১৬৬৮।

মধ্যবাঙ্গালা স্কুল ৪৯টী ; এই ৪৯টীর মধ্যে ৮টী জেলা বোর্ডের ও মিউনিসিপ্যালিটীর সাহায্য প্রাপ্ত, ছাত্র সংখ্যা ৪৪৪ ; ৩৮টী সরকারী সাহায্য প্রাপ্ত, ছাত্র সংখ্যা ১৬৮৭ ও ৩টী অপ্রাপ্ত সাহায্য, ছাত্র সংখ্যা ২৮৩।

উচ্চ প্রাইমারী স্কুল ২৬৩টী, ছাত্র সংখ্যা ১১৩৯৭ এই ২৬৩টী স্কুলের মধ্যে ৫টী স্কুল গবর্ণমেণ্টের, ছাত্র সংখ্যা ১৯৪ ; ৩টী জেলা বোর্ডের সাহায্য প্রাপ্ত, ছাত্র সংখ্যা ৮৩, ২৫১টী সরকারী সাহায্য প্রাপ্ত, ছাত্র সংখ্যা ১০৮৯৮ ও ৪টী অপ্রাপ্ত সাহায্য, ছাত্র সংখ্যা ২২২।

নিম্ন প্রাইমেরী স্কুল ১৫২০, ছাত্র সংখ্যা ৩৮৫৭৫ ; তন্মধ্যে ২টী জেলা বোর্ডেব সাহায্য প্রাপ্ত, তাহাতে ছাত্র সংখ্যা ৪৪ ; ১৩৫১টী সরকারী সাহায্য প্রাপ্ত, ছাত্র সংখ্যা ৩৫০৪৯ ; অপ্রাপ্ত সাহায্য ১৬৭, ছাত্র সংখ্যা ৩৪৮২।

বালিকাদিগের জন্য মধ্যবাঙ্গালা বালিকা বিদ্যালয় একটী, বালিকার সংখ্যা ৪৫। বালিকাদিগের জন্য এণ্ট্রেন্স স্কুল একটী, তাহা Nasirabad Alexander Girl School. ১৮৭৩ সনে এই বালিকা বিদ্যালয়টী প্রতিষ্ঠিত হয়। গোলোকপুরের কুমার উপেন্দ্রচন্দ্র চৌধুরীর ব্যয়ে এই বিদ্যালয়ের গৃহ নির্ম্মিত হইয়াছে। পূর্ব্বে ইহা মধ্যবাঙ্গালা বালিকা বিদ্যালয় ছিল, ১৯০৪ সনের ফেব্রুয়ারি মাস হইতে এই মধ্যবাঙ্গালা বালিকা বিদ্যালয়টী এণ্ট্রেন্স স্কুলে পরিণত হইয়াছে। বালিকার সংখ্যা ১০৮। গবর্ণমেণ্ট ইহাতে বার্ষিক ২২০০৲ টাকা সাহায্য দান করেন।

উচ্চ প্রাইমেরী বালিকা বিদ্যালয় ১০টী; বালিকার সংখ্যা ৩০০। এই দশটীর মধ্যে ৯টী সরকারী সাহায্য প্রাপ্ত, ছাত্রীসংখ্যা ২৩৯; ১টী অপ্রাপ্ত সাহায্য, ছাত্রীসংখ্যা ৬১; নিম্নপ্রাইমেরী বালিকা বিদ্যালয় সংখ্যা ৩১৮, বালিকার সংখ্যা ৫১৫৯; এই ৩১৮টার মধ্যে সরকারী সাহায্য প্রাপ্ত ২৮৩টী, ছাত্রীসংখ্যা ৩৭১০; অপ্রাপ্ত সাহায্য ৩৫টী, ছাত্রীসংখ্যা ৪৪৯।

এই জেলায় কলেজ দুইটী। টাঙ্গাইল প্রমথ-মন্মথ কলেজ ও ময়মনসিংহ সিটিকলেজ। দুই কলেজেই এফ্, এ, পর্য্যন্ত অধ্যাপনা হয়। ১৯০০ সনের ২৩শে জুন সন্তোষের ভূম্যধিকারী ভাতৃদ্বয়ের নামে তাঁহাদিগেরই ব্যয়ে টাঙ্গাইলে প্রমথ-মন্মথ কলেজ প্রতিষ্ঠিত হইয়াছে, এবং ঐ সনের ২৭শে ডিসেম্বর শিক্ষা-সমিতি কর্ত্তৃক তাহা বিশ্ববিদ্যালয়ভুক্ত হইয়াছে। পরবৎসর, ১৯০১ সনের ১৮ই জুলাই ময়মনসিংহ-সিটি-কলেজিয়েট স্কুলে কলেজ বিভাগ খোলা হয়। এবং পরবর্ত্তী এপ্রেল মাসে, সিণ্ডিকেট এই কলেজ বিশ্ববিদ্যালয়ভুক্ত করেন।

টেক্‌নিকেল স্কুল একটী; এই স্কুল কাশীকিশোর টেক্‌নিকেল স্কুল, নামে পরিচিত। রামগোপালপুরের জমিদার রায় যোগেন্দ্র-কিশোর রায় চৌধুরী বাহাদুর তাঁহার স্বর্গীয় পিতৃদেবের নামে এই বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ছাত্রসংখ্যা ৫৯; জেলাবোর্ড এই বিদ্যালয়ের কার্য্য পরিচালন করিয়া থাকেন। ইহার ব্যয়ের জন্য রায় বাহাদুর ১৫ হাজার টাকা ডিষ্ট্রীক্ট বোর্ডের হস্তে প্রদান করিয়াছেন।

এই জেলায় সরকারী সাহায্য প্রাপ্ত মাদ্রাসার সংখ্যা ১৬টী, ছাত্রসংখ্যা ৯৯৪; অপ্রাপ্ত সাহায্য ১০টী, ছাত্রসংখ্যা ২৯৩; এতদ্ব্যতীত আরও ১৭ স্থানে ৪৭৫ জন ছাত্র পার্সি ও আরবি ভাষা শিক্ষা করিয়া থাকে এবং ১৪০ স্থানে ২৩৩৩ জন পুরুষ ও ২ স্থানে ৩০ জন স্ত্রীলোক কোরাণ শিক্ষা করিয়া থাকে।

সরকারী সাহায্য প্রাপ্ত সংস্কৃত টোল ১৮, ছাত্রসংখ্যা ২৯০; অপ্রাপ্ত সাহায্য ১৩, ছাত্রসংখ্যা ৮১; এতদ্ব্যতীত আরও ১৪ স্থানে ১৪৩ জন ছাত্র সংস্কৃতশিক্ষা লাভ করিয়া থাকে।

শিক্ষকদিগের জন্য এই জেলায় ৫টী শিক্ষাগার আছে; তাহাতে ৬০ জন শিক্ষকতার জন্য শিক্ষাগ্রহণ করিতেছেন। সাধারণ বাঙ্গলা শিক্ষার জন্য পৃথক বিদ্যালয় ২টী, ছাত্র সংখ্যা ১২টী। কলেজ ব্যতীত এ জেলার মোট বিদ্যালয়ের সংখ্যা ২৪৮৯ এবং ছাত্রসংখ্যা ৭৪২৫৫।

শিক্ষাকার্য্য পরিদর্শন জন্য এ জেলায় ২ জন ডিপুটি ইন্‌স্পেক্টর, ১০ জন সবইন্‌স্পেক্টর, ৯ জন সার্কেল পণ্ডিত, ও ১৭ জন ইন্‌স্পেক্‌টিং পণ্ডিত নিযুক্ত আছেন।

এই জেলার শিক্ষাসংক্রান্ত বিষয় ঢাকা বিভাগের স্কুল ইন্‌-স্পেক্টরের অধীন।

স্ত্রীশিক্ষা

অন্তঃপুরে স্ত্রীশিক্ষা বিস্তার জন্য এই নগরে বহুপূর্ব্বে অন্তঃপুর স্ত্রীশিক্ষা-সমিতি নামে একটি সমিতি ছিল; কালে তাহা উঠিয়া যায়। অতঃপর কলিকাতা-প্রবাসী ময়মনসিংহবাসিগণের যত্নে "ময়মনসিংহ সম্মিলনী সভা" নামে একটী সভা কলিকাতায় স্থাপিত হয়। সম্মিলনীর চেষ্টায় অন্তঃপুর-স্ত্রীশিক্ষা বৃদ্ধি পাইয়াছে। অন্তঃপুর-স্ত্রীশিক্ষার বিস্তার ও উন্নতির জন্য জেলাবোর্ড প্রতি বৎসর সম্মিলনীকে ২৫০৲ টাকা অর্থ সাহায্য করিয়া থাকেন।

শিক্ষা বিষয়ে মহামহোপাধ্যায় পণ্ডিত চন্দ্রকান্ত তর্কালঙ্কারের নাম সর্ব্বত্র সুপরিচিত। এতদ্দেশীয় দিগের মধ্যে স্বর্গীয় আনন্দ-মোহন বসু সর্ব্ব প্রথম কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের সর্ব্বোচ্চ গণিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিলেন। তিনি গত ৪ঠা ভাদ্র পরলোক গমন করিয়াছেন।

টাঙ্গাইলের অন্তর্গত বাঘিলের কুমুদিনী মিত্র এই জেলার মহিলা দিগের মধ্যে প্রথম বি, এ, পরীক্ষায় উত্তীর্ণা হইয়াছেন।

শিক্ষিত ও অশিক্ষিতের সংখ্যা।

১৮৮১ সনে মাত্র ৬৭২৮৩ জন পুরুষ ও ৯৪০ জন স্ত্রীলোক লেখা পড়া জানিত। এর দশ বৎসর পর ১৮৯১ সনে এই জেলায় শিক্ষিতের সংখ্যা পুরুষ ১০৮২৪০ ও স্ত্রী ২৮৯৪ হয়। ১৯০১ সনে শিক্ষিত পুরুষের সংখ্যা ১৩৯৫৮৬ ও শিক্ষিতা স্ত্রীলোকের সংখ্যা ৬৮০০ হইয়াছে।

১৯০১ সনে এই জেলার হিন্দু, মুসলমান ও প্রেতোপাসক দিগের মধ্যে কত অধিবাসী বাঙ্গালা ও কত অধিবাসী ইংরেজী ভাষায় অভিজ্ঞ ছিল তাহা থানা ওয়ারি প্রদর্শিত হইল। (পরিশিষ্ট "ছ" দ্রষ্টব্য।)

সাহিত্য।

এ জেলার প্রাচীন ও আধুনিক সাহিত্যের অবস্থা পরিজ্ঞাত হইবার জন্য "ময়মনসিংহ সারস্বত সমিতি" বিগত ১৩১২ সনের বৈশাখ মাসে "কৃষি-শিল্প প্রদর্শনী"র সহিত সাহিত্য প্রদর্শনীরও অনুষ্ঠান করিয়াছিলেন। সাহিত্য প্রদর্শনীর প্রকাশিত বিবরণী দ্বারা এ জেলার সাহিত্য চর্চ্চার একটা মোটামুটি অবস্থা পরিজ্ঞাত হওয়া যাইতে পারে।

প্রদর্শনীতে এ জেলার প্রাচীন লেখকদিগের রচিত হস্ত-লিখিত গ্রন্থ ও আধুনিক লেখকদিগের মুদ্রিত ও অমুদ্রিত গ্রন্থ প্রদর্শিত হইয়াছিল। প্রাচীন কবিদিগের মধ্যে পরম হংস পূর্ণানন্দ গিরি, নারায়ণ দেব, রামেশ্বর নন্দী, অনন্ত দত্ত, রাজা রাজসিংহ, দ্বিজবংশী দাস, গঙ্গানারায়ণ, জগন্নাথ দাস, মুক্তারাম নাগ প্রভৃতি এ জেলা-বাসী প্রাচীন কবিগণের হস্ত-লিখিত গ্রন্থ প্রদর্শিত হইয়াছিল।

আধুনিক হস্ত লিখিত গ্রন্থ বিভাগে এ জেলাবাসী ২০ জন লেখকের ৪৭ খানা গ্রন্থ প্রদর্শিত হইয়াছিল। এই দেড় বৎসরে ৪৭ খানার তিন খানা গ্রন্থ মুদ্রিত হইয়াছে। মুদ্রিত গ্রন্থ বিভাগে এ জেলায় ৭৬ জন লেখকের ১০১ খানা গ্রন্থ প্রদর্শিত হইয়াছিল। এই সকল গ্রন্থকারদের মধ্যে ২১ জন কিশোরগঞ্জ, ২০ জন টাঙ্গাইল, ১৫ জন সদর, ৯ জন নেত্রকোণা, ও ৯ জন জামালপুর বিভাগের।

মহিলা গ্রন্থকর্ত্রী এ জেলায় ৪ জন। দুই জন টাঙ্গাইল ও দুই জন কিশোরগঞ্জের। বর্ত্তমান সময়ে "আরতি" দ্বারা ময়মন-সিংহের সাহিত্য আলোচনা হইতেছে। ইসলামপুরের মুসলমান সমাজ হইতে "হানি ফি" এবং টাঙ্গাইল হইতে "উত্থান" নামক দুই খানা মাসিক পত্রিকা বাহির হয়।

মুদ্রা যন্ত্র।

বর্ত্তমান সময়ে এ জেলায় সাতটী মুদ্রা যন্ত্র আছে। ময়মনসিংহ সদরে "চারু যন্ত্র", "বাসন্তী যন্ত্র", "সুহৃদ যন্ত্র", "ডিষ্ট্রিক্ট বোর্ড" "প্রেস"; টাঙ্গাইলে "মহম্মদী ও আহাম্মদী যন্ত্র" এবং কিশোরগঞ্জে "আয্য যন্ত্র"।

সংবাদ পত্র।

এ জেলায় দুই খানা সাপ্তাহিক সংবাদ পত্র চলিতেছে। "চারু-মিহির" ও "স্বদেশ সম্পদ"। দুই খানাই সদর হইতে পরিচালিত হয়। "চারুমিহির" রাজ-নৈতিক, অন্য খানা কৃষি-শিল্প বিষয়ক।

সভা সমিতি।

এ জেলায় রাজনৈতিক সভা ৬টী,—"ময়মনসিংহ সভা" "আঞ্জমিয়া ইসলামিয়া" "কিশোরগঞ্জ জনসাধারণ সভা", "টাঙ্গাইল জনসাধারণ সভা" "নেত্রকোণা জন-সাধারণ সভা" ও "জামালপুর জনসাধারণ সভা"।

"সুহৃদ সমিতি" দেশীয় ব্যায়াম ও সাহিত্য প্রভৃতি নানা বিষয়েরই আলোচনা হইয়া থাকে।

লাইব্রেরী।

এই নগরে ১৮৮৪ সনে "সাহিত্য সমিতি" নামে একটী লাইব্রেরী স্থাপিত হইয়াছিল। ঐ লাইব্রেরী কয়েক বৎসর থাকিয়া উঠিয়া যায়। নসিরাবাদ সূর্য্যকান্ত-টাউনহলে একটী বৃহৎ লাইব্রেরী ছিল; করোনেসনের সময় তাহা অগ্নিতে ভস্মীভূত হইয়া গিয়াছে। সেরপুরের "হেমাঙ্গ-লাইব্রেরী," টাঙ্গাইলের "রমেশচন্দ্র-লাইব্রেরী" ও সদরের "বেতাগরী-লাইব্রেরী" সাধারণের জন্য স্থাপিত হইয়াছে। গৌরীপুরে ও মুক্তাগাছায় কোন কোন জমিদারদিগেরও এক একটী লাইব্রেরী আছে। তাহা সাধারণের জন্য উন্মুক্ত নহে। এতদ্ব্যতীত প্রতি স্কুলে ও কলেজে ক্ষুদ্র বৃহৎ এক একটী পুস্তকালয় আছে।

পঞ্চম অধ্যায়

প্রাকৃতিক বিবরণ।

নদ, নদী ও খাল--ব্রহ্মপুত্র নদ; যবুনা; মেঘনা; ক্ষুদ্র ক্ষুদ্র নদী ও খাল। বিল ও হাওর। বন। পাহাড়-পর্ব্বত। গ্রাম; সদর মহকুমা; জামালপুর মহকুমা; কিশোরগঞ্জ মহকুমা; টাঙ্গাইল মহকুমা; নেত্রকোণা মহকুমা; ঐতিহাসিক স্থান।

নদ, নদী ও খাল।

ব্রহ্মপুত্র, এবং মেঘনা নদ ও যবুনা নদী এই জেলার প্রাকৃতিক বিভাগ ও সীমা রক্ষা করিতেছে।

ব্রহ্মপুত্র নদ।

ব্রহ্মপুত্রের উৎপত্তি ও গতি সম্বন্ধে দুইটী মত প্রচলিত আছে। কেহ বলিতেছেন, ব্রহ্মপুত্র তিব্বতের অন্তর্গত মানস-সরোবর হইতে উদ্ভূত হইয়া হিমালয় প্রদক্ষিণপূর্ব্বক বাঙ্গালার মধ্য দিয়া সাগরে পতিত হইয়াছে। কেহ বলিতেছেন, ব্রহ্মপুত্র আসাম-পর্ব্বতমালা-মধ্যস্থিত ব্রহ্মকুণ্ড বা লৌহিত্য-সরোবর হইতে উৎপন্ন হইয়া মানস-সরোবর-উদ্ভূত সেংপুর সহিত মিলিত হইয়া গিয়াছে। ব্রহ্মকুণ্ড স্বচক্ষে দেখিয়া আসিয়া ডাক্তার গ্রিফিথ্স্ এই পরবর্ত্তী মত প্রচার করিয়াছেন। * পুরাণাদিতেও ব্রহ্মকুণ্ডের কথাই লিখিত আছে। পরশুরাম

* Journal of the Asiatic Society of Bengal.

মাতৃহত্যা-পাপে কলুষিত হইয়া পরশু মোচন জন্য এই ব্রহ্মকুণ্ডে অবগাহন করিলে হস্তস্থিত পরশু স্খলিত হয়। পরশুরাম লৌহিত্যবারির কলুষনাশন গুণে আকৃষ্ট হইয়া নরলোকের হিতার্থে তাঁহাকে গিরিকুণ্ড হইতে ভূতলে আনয়ন করেন। ভূতলে অবতীর্ণ হইয়া ব্রহ্মপুত্র তীর্থরাজ লৌহিত্যনদ রূপে পরিচিত হন *।

ব্রহ্মপুত্র আসাম প্রদেশ অতিক্রম করিয়া চিল্‌মারির নিকট ময়মনসিংহ জেলায় প্রবেশ করিয়াছে। ঐ স্থান জেলার উত্তর-পশ্চিম কোণে রংপুর জেলার অন্তর্গত। ব্রহ্মপুত্র ঐ স্থান হইতে পূর্ব্বদক্ষিণাভিমুখে প্রবাহিত হইয়া টোক পর্য্যন্ত ময়মনসিংহ জেলাকে দুইটি প্রাকৃতিক বিভাগে বিভক্ত করিয়া গিয়াছে। ঢাকা ও ময়মনসিংহ জেলার সীমারূপে টোক হইতে ভৈরববাজারের কিঞ্চিৎ উত্তর পয্যন্ত প্রবাহিত হইয়া মেঘনায় পড়িয়াছে। †
চিলমারী হইতে ভৈরববাজার পর্য্যন্ত ব্রহ্মপুত্র এই জেলার ১২০ মাইল স্থান অধিকার করিয়াছে।

এক সময়ে ব্রহ্মপুত্র এক সুবিশাল নদ ছিল। মুসলমান রাজত্ব সময়ে স্থানে স্থানে ইহার প্রশস্ততা ৮।১০ মাইলেরও অধিক ছিল। মুসলমান ঐতিহাসিক মিন্‌হাজাউদ্দিন লিখিয়াছেন, তৎকালে (ত্রয়োদশ শতাব্দীতে) ব্রহ্মপুত্র গঙ্গার তিন গুণ ছিল। আইন-ই-আকবরিতে প্রকাশ, সেরপুর হইতে জামালপুর পর্য্যন্ত ব্রহ্মপুত্র দশ মাইল প্রশস্ত ছিল। এই দশ মাইলের পারাপার

* কলিকাপুরাণ দ্রষ্টব্য।

† ব্রহ্মপুত্রের প্রাচীন খাত বর্ত্তমান সময়ে আড়ালিয়া নামে পরিচিত। এই খাত মঠখলার নিকট হইতে ধলেশ্বরী নদী পয্যন্ত বিস্তৃত। ব্রহ্মপুত্রের প্রধান শাখা টোকের নিকট উৎপন্ন হইয়া "শীতল লক্ষ্মী" নামে নারায়ণগঞ্জ স্পর্শ করিয়া প্রবাহিত হইতেছে।

জন্য দশ কাহণ কড়ি নির্দ্দিষ্ট ছিল। সেরপুরও সেই কারণে "দশ কাহনিয়া সেরপুর" নামে পরিচিত ছিল। ময়মনসিংহের নিকট ব্রহ্মপুত্র বর্ত্তমান নগর হইতে বোকাইনগর পর্য্যন্ত ১২ মাইল প্রশস্ত ছিল। ইংরেজ রাজত্বের প্রারম্ভে যখন এই নসিরাবাদ নগর প্রতিষ্ঠিত হয়, তৎকালের একখানা পত্রে তদানীন্তন কালেক্টর বেয়ার্ড (Byard) সাহেব লিখিয়াছিলেন "ব্রহ্মপুত্রের ন্যায় ভীষণ নদীর তীরে এ জেলার সদর মহকুমা স্থাপন আমি কোন মতেই সঙ্গত মনে করি না। বেগুনবাড়ীর কোম্পানীর কুঠি ব্রহ্মপুত্রের বিশাল উদরে স্থান পাইয়াছে।"

ঐ সময় নসিরাবাদ হইতে শম্ভুগঞ্জ পর্য্যন্ত ব্রহ্মপুত্রের প্রশস্ততা ছিল। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে যবুনার উৎপত্তির পর ব্রহ্মপুত্রের গতির পরিবর্ত্তন হওয়ায় প্রাচীন ব্রহ্মপুত্র তাহার সে বিশালত্ব হারাইয়াছে; গ্রীষ্মকালে ইহার প্রশস্ততা কোন কোন স্থানে ৩০০ হস্তের অধিক থাকে না। ১৮৬৬ খৃষ্টাব্দে জেলার কালেক্টর H. J. Reynolds বলিয়াছিলেন "দশ বৎসর পূর্ব্বে আমি ব্রহ্মপুত্রের যে অবস্থা দেখিয়াছিলাম, বর্ত্তমান অবস্থা তাহা অপেক্ষা অনেক শোচনীয়। আমার বিশ্বাস এইরূপ অবস্থায় ২৫ বৎসর চলিলে বিশাল ব্রহ্মপুত্র নিশ্চয় একটী অদৃশ্য সূত্রের আকার ধারণ করিবে।" তিনি ইহাও বলিয়াছিলেন "যদি উজানের বালির বাঁধ সরিয়া যাইয়া যবুনার প্রবাহিত স্রোত ব্রহ্মপুত্রের খাতে প্রবাহিত হয়, তাহা হইলে ব্রহ্মপুত্র পূর্ব্ব বিশালত্ব প্রাপ্ত হইতে পারে।" রেনল্ডস সাহেবের উক্তি অক্ষরে অক্ষরে ফলিয়াছে। গ্রীষ্মকালে ব্রহ্মপুত্র অনেক স্থলে হাঁটিয়া পার হওয়া যায়। পূর্ণ-বর্ষায় তাহা পিয়ারপুর ও হুসেনপুরের নিকট দুই মাইল পর্য্যন্ত প্রশস্ত

হইয়া থাকে। তখন একটু ভীষণ আকার ধারণ করে। ১৮৭৮ সনের সেপ্টেম্বর মাসে গবর্ণমেণ্ট একবার ইঞ্জিনিয়ার ও ওভারসিয়ার নিযুক্ত করিয়া ব্রহ্মপুত্রের সংস্কারের চেষ্টা করিয়াছিলেন। এর পর নদবক্ষে স্থানে স্থানে বাঁধ দেওয়া হইয়াছিল, ফল বিশেষ কিছুই হয় নাই। অশোক অষ্টমীতে ব্রহ্মপুত্র তীর্থরাজ বলিয়া আখ্যাত হয়। সেই দিনের ব্রহ্মপুত্র-স্নান হিন্দুর একটী পরম পবিত্র কার্য্য। বহুদূর হইতে হিন্দ নরনারী ব্রহ্মপুত্রে স্নানের জন্য সমাগত হইয়া থাকেন; ব্রহ্মপুত্র-তীরবর্ত্তী দেওয়ানগঞ্জ, বাহাদুরগঞ্জ, জামালপুর, পিয়ারপুর, বেগুনবাড়ী, নসিরাবাদ, হুসেনপুর, মঠখলা প্রভৃতি স্থান স্নানঘাট বলিয়া পরিচিত। ১৮৫০ সনের সার্ভে নক্‌সায় দেখা যায় যে ব্রহ্মপুত্র নদ এই জেলার ১৩৩২০ একর ৩ রোড ২৬ পোল জমি অধিকার করিয়াছে; এই ভূমির পরিমাণ ফল ২০·৮১ বর্গমাইল।

যবুনা।

অষ্টাদশ শতাব্দীর প্রথমভাগে যবুনা নদীর উৎপত্তি হইয়াছে। যমুনা এতদ্দেশে যবুনা নামেও অভিহিত হইয়া থাকে; অষ্টাদশ শতাব্দীর পূর্ব্বে ইহা জনায়ী নামে পরিচিত থাকিয়া একটি ক্ষুদ্র খালের ন্যায় প্রবাহিত হইত। ১৭৭৮ খ্রীষ্টাব্দে রেনেল সাহেব বঙ্গদেশের যে মানচিত্র প্রস্তুত করেন তাহাতে তিনি যবুনার কোন চিহ্নই দেখান নাই। *

* ১৭৭৮ সনে রেনেল সাহেব তাঁহার মানচিত্র প্রকাশ করেন। ঐ মানচিত্র ময়মনসিংহের ইতিহাসে প্রদত্ত হইয়াছে। ঐ মানচিত্রে যবুনার উল্লেখ নাই। ইহার ৩০ বৎসর পর বকানন হেমিণ্টন এই জেলার ভূমি জরীপ করেন। তাঁহার লিখিত বিবরণে ব্রহ্মপুত্রের প্রধান শাখা যবুনার বিষয় প্রথম অবগত হওয়া যায়, সুতরাং এই ত্রিশ বৎসরের মধ্যে কোন এক সময়কে যবুনার উৎপত্তিকাল অনুমান করা যাইতে পারে।

ব্রহ্মপুত্র তখন বিশালকায় মহাস্রোত। ইহার পর দাওকোবার নিকট ব্রহ্মপুত্রের মুখ পলি পড়িয়া বন্ধ হইয়া যাওয়ায় ক্ষুদ্রতোয়া জনায়ী নদীতে ব্রহ্মপুত্রের প্রবলতর স্রোত প্রবাহিত হয় ও যবুনার উৎপত্তি হয়। যবুনা এ জেলার পশ্চিম সীমা সম্পূর্ণ রক্ষা করিয়া চলিয়াছে। যবুনা উত্তর প্রান্তর হইতে দক্ষিণ প্রান্ত পর্য্যন্ত এই জেলার ৯৪ মাইল ভূমি অধিকার করিয়াছে। অতঃপর হুরাসাগরের সহিত যুক্ত হইয়া পদ্মার সহিত মিলিত হইয়াছে। ঐ মিলিত স্থানের নাম বাইশ কোদালিয়ার মোহনা। বর্ষাকালে যবুনা প্রস্থে ৪।৫ মাইলও হইয়া থাকে। তখন বড়বাজু, পুখুরিয়া, কাগমারী ও আটীয়া প্রভৃতি পরগণার অনেক ভূমি যবুনা-গর্ভে মগ্ন অবস্থায় থাকে। সার্ভে ম্যাপে দেখা যায় যে, যবুনা ১৮৫০ সনে ৪১০৫৪ একর ৯ পোল জমি অধিকার করিয়াছিল। এই জমির পবিমাণ-ফল ৬৪.১৩ বর্গমাইল।

মেঘনা ময়মনসিংহের পূর্ব্বদিক দিয়া প্রবাহিত হইয়াছে। তথায় ইহার এক শাখা ধনু নামে পরিচিত। ঘোরাউতরা মেঘনার শাখা। ঘোরাউতরা জয়নসাহী পরগণার মধ্য দিয়া ও ধনু নসিরূজিয়াল ও খালিয়াজুরীর মধ্য দিয়া প্রবাহিত হইয়াছে।

মেঘনা।

সুরমা খালিয়াজুরী পরগণাকে শ্রীহট্ট জেলা হইতে পৃথক্ করিয়াছে।

ক্ষুদ্র ক্ষুদ্র নদী ও খাল।

কংস, সুসঙ্গ ও ময়মনসিংহ পরগণার মধ্য দিয়া প্রবাহিত হইয়া ধনুতে পড়িয়াছে।

সোমেশ্বরী সুসঙ্গের উত্তর পাহাড় হইতে নির্গত হইয়া রাজধানী দুর্গাপুরের নিম্ন দিয়া প্রবাহিত হইয়া গিয়াছে।

টাঙ্গাইল মহকুমার অন্তর্গত বৈষ্ণববাড়ী হইতে যবুনার একটী শাখা বাহির হইয়াছে। ইহার নাম লৌহজঙ্গ। লৌহজঙ্গ নদী টাঙ্গাইল, করটীয়া ও জামূর্কী প্রভৃতি স্থানের নিকট দিয়া প্রবাহিত হইয়া ঢাকা জেলার বংশাই নদীর সহিত মিলিত হইয়াছে।

যবুনার আর একটী শাখার নাম এলঙ্গজানী। এলঙ্গজানী দেউলা গ্রামের নিকট হইতে বহির্গত হইয়া মাণিকগঞ্জের নিকট ধলেশ্বরার সহিত মিলিত হইয়াছে।

নিতাই, সেরপুরের উত্তর পাহাড় হইতে নির্গত হইয়া কংসে পড়িয়াছে।

ঝিনাই, জামালপুরের নিকট দিয়া দক্ষিণ পশ্চিমদিকে চলিয়া যবুনা ও ব্রহ্মপুত্রকে মিলিত করিযাছে।

মগরা, নেত্রকোণার নিম্ন দিয়া প্রবাহিত হইয়া ঘোরাউতরায় পড়িয়াছে।

সুতিয়া, রণভাওয়ালের মধ্য দিয়া আসিয়া বেগুনবাড়ীর নিকট ব্রহ্মপুত্রে পড়িয়াছে।

খিরনদী, আটীয়া রণভাওয়ালের গজারিগড় হইতে বাহির হইয়া কাওরাইদ, রেলষ্টেশনের অল্প উত্তরে সুতিয়ার সহিত মিলিত হইয়াছে।

কাওনা (নরশুন্দা), হুসেনপুরের দক্ষিণ দিকে ব্রহ্মপুত্র নদ হইতে বহির্গত হইয়া কিশোরগঞ্জের পার্শ্ব দিয়া প্রবাহিত হইয়া ধনুতে পড়িয়াছে।

বিল ও হাওর।

এ জেলার নিম্নলিখিত বিল ও হাওরগুলি প্রসিদ্ধ।

পুখুরিয়া পরগণায়—হাওদা বিল ; সেরপুর পরগণায়—ইচলি ও

আড়ুয়া ভেড়ূয়া; সুসঙ্গ পরগণায়—জারিয়া, রাজধলা, নালিয়া ও মগুরা; ময়মনসিংহ পরগণায়—গোবিন্দচাতল ও মাকরা; নসিরুজিয়াল পরগণায়—নরুনসার, জালিয়ার হাওর, গণেশের হাওর ও তলার হাওর; জয়নসাহী পরগণায়—বাঙ্গলা, বাহের চাতল, দীঘা; আলাপসিংহ পরগণায়—বড় বেলা; হাজরাদী পরগণায়—বড়হাওর; খালিয়াজুরী পরগণায়—চিলমৃগা; আটীয়া পরগণায়—নড়াইল।

বন।

মধুপুরের গড় এ জেলার বৃহৎ বনভূমি। এই গড় গড়জয়ানসাহী বা গড়গজালী বলিয়াও পরিচিত। ইহা এ জেলার দক্ষিণ সীমা হইতে আরম্ভ করিয়া, পশ্চিম দিকে কাঠবাড়ী পর্য্যন্ত বিস্তৃত। দক্ষিণ অংশ ভাওয়ালের জঙ্গল বলিয়া পরিচিত। মধুপুর জঙ্গল উত্তর দক্ষিণে দীর্ঘে ৪৫ মাইল ও প্রস্থে ৬ হইতে ১৬ মাইল। আনুমাণিক পরিমাণ ফল ৪২০ বর্গ মাইল। এই জঙ্গলের ভূমি কঙ্করময় এবং সমভূমি হইতে অনুমান ৬০ হইতে ১০০ ফিট উচ্চ। এই গড়ের গজারী কাট ঘরের খুঁটা ও কয়লারূপে ব্যবহৃত হইয়া থাকে। পূর্ব্বকালে এই বনে হাতীর খেদা হইত এবং অনেক হাতী ধরা পড়িত। এখন এই জঙ্গলে হাতী দেখা যায় না। ব্যাঘ্র, ভল্লুক, মহিষ, শূকর, হরিণ প্রভৃতির অভাব নাই। পূর্ব্বে এই জঙ্গল হিংস্র জন্তু ও দস্যু তস্করের জন্য অতিশয় ভয়ানক ছিল। এখন ঐ সমস্ত ভয়ের কারণ দূর হইয়াছে। এখন মধুপুরজঙ্গল বলিলে লোকের মনে তত ভয়ের সঞ্চার হয় না। ১৮৭৭ সনে দীননাথ সেন মধুপুরের বন ভূমি পরীক্ষা করিয়া বলিয়াছিলেন এই

স্থানে লৌহখনি আবিষ্কৃত হইতে পারে। দীননাথ বাবুর মন্তব্যের উপর নির্ভর করিয়া গভর্ণমেণ্ট স্থান পরিদর্শন জন্য কেমিক্যাল পরীক্ষক নিযুক্ত করেন। গবর্ণমেণ্টের নিযুক্ত রাসায়নিক পরীক্ষকও দীন বাবুর মতে মত প্রদান করেন।

পাহাড়-পর্ব্বত।

এ জেলার উত্তর সীমায় সুসঙ্গের ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড় অবস্থিত। ইতঃপূর্ব্বে এ জেলার উত্তরস্থিত গারো পর্ব্বতও সুসঙ্গ মহারাজদিগের অধীন ছিল। ১৮৬৯ সনে তাহা আসামপ্রদেশের অন্তর্ভূক্ত হইয়াছে।* সুসঙ্গের ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়গুলি রাজধানী দুর্গাপুর হইতে ২।৩ মাইল অন্তরে অবস্থিত।

গ্রাম।

এই জেলায় মোট ৯৭৭৮ খানা গ্রাম ও নগর। ইহার ৭ খানা নগরে ১০ হাজারের অধিক লোক বাস করে। ১ খানা নগরে ৫ হাজারের অধিক, ১০৩ খানা গ্রামে দুই হাজারের অধিক, ৪৭৬ খানা গ্রামে হাজারের অধিক; ১৫৩১ খানা গ্রামে পাঁচশতের অধিক ও ৭৬৬০ খানায় ৫০০ লোকের কম বসতি করে, নিম্নে কতকগুলি গ্রামের নাম প্রদত্ত হইল :—

নসিরাবাদ, কুমারগাতা, মাইজবাড়ী, মুক্তাগাছা, তারাটী, বেগুণবাড়ী, বিষ্ণাগঞ্জ, বড়গ্রাম, দুল্লা, ঘাটুরি, চণ্ডীমণ্ডল, গয়েশপুর, সোণারগাঁও, বাঁশাটী, কুশমাইল, মানকোণ, দেবগ্রাম, ফুলবাড়ীয়া, পণ্ডিতবাড়ী, পুঁটীজানা,

সদর মহকুমা।

* Garo Hills Act (Act XII of 1869).

মাণিকপুর, কলাডোহা, গাবতলী, ঘোগা, রায়নগর, আসিমপাটুলী, এনায়েতপুর, সরাবাড়ী, গুপ্তবৃন্দাবন, ভবানীপুর, অলহরী, মোক্ষপুর, আমিরাবাড়ী, গুজিয়ামমল্লিকবাড়ী, কংশেরকোল, ভরাডুবা, বরাইদ, পুরুবা, রংচাপরা, দিঘা, ভাওয়ালিয়া, বাজু, দৌলতপুর, আঠার দানা, বাগুয়া, ভারইল, রাওনা, চণ্ডালগাও, খারুয়াইল, হরিরবাড়ী, পালগাও, কাচিনা, ডাকাতিয়া, বনকুয়া, ধলিয়া, রান্দিয়া, ভাটগাও, পাঁচগাও, ধলিপাড়া, ধিৎপুর, মুখী, মশাখালী, পাইথাল, লঙ্গাইর, ফরিদপুর, দত্তেরবাজার, লামকাইন, সঙ্গীব, উস্থী, বড়বাড়ী চিপান, উথুরী, গফরগাঁও, বনগ্রাম, সাকচূড়া, সালটীয়া, জন্মেজয়, শিবগঞ্জ, পুখুরিনা, রৌহা, মেহুয়ারি, রছুলপুর, লক্ষ্মণপুব, ধলা, পাকাটী, বালিপাড়া, বাহাদুরপুর, রায়পুর, কাজিগাঁও, কালীহারী, বৈলর, কাঁঠাল, কালীবাজার, কুষ্টিয়া (সেনবাড়ী), ধানীখলা, ভাবখালী, বয়রা, ছত্রপুব, বলাশপুব, দাপুনিয়া, আমুদপুর, ঘাগরা, শম্ভুগঞ্জ, ডৌহাখলা, রামগোপালপুর, বাসাবাড়ী বোকাইনগর, ভবানীপুর, গোলোকপুর, কৃষ্ণপুর, কালীপুর, গৌরীপুর, ভালুকা বিষ্কা, তাজপুর, ঈশ্বরগঞ্জ, কাঁঠালিয়া, তুলন্ধর, বরাহত, কুমরাশাসন, উচাখিলা, বিনোদপুর, মাদারগঞ্জ, চরপাড়া, ধিৎপুর, চান্দুরা, মাইজভাগ, তারাটী, কুমাকলী, আঠারবাড়ী, কোরাটী, বাঁশাটী, মণ্ডলী, ধরগাঁও, পাইকুড়া, চণ্ডীপাশা, অরণ্যপাশা, বারৈগ্রাম, আচারগাও, সিঙ্গদহ, রায়পাশা, নান্দাইল, কাহেৎগ্রাম, বারপাড়া, চপৈ, বনাটী, শ্রীরামপুর, সুন্দাইল, খানপুর, খারুয়া, মহিশকোড়া, বনগ্রাম, বাহাদুরপুর, বেতাগরী, দেওয়ানগঞ্জ, নাগপুর, সিংরাইল, নন্দীগ্রাম, দত্তগ্রাম, ভুলসুমা, লাউটীয়া, সিদলা, বালিখাঁ, ঢাকিরকান্দা, তারাকান্দা, কোকাইল, কাশীপুর, বোরারচর দেওনা, পয়ারী,

ফুলপুর, সিঙ্গেশ্বর, আমতইল, সুথাই, বওলা, দাদড়া, হাসনপুর, হালুয়াঘাট, ইত্যাদি।

জামালপুর মহকুমা।

জামালপুর, সিংজানী, পাথালিয়া, চন্দ্রা, রসিদপুর, রামনগর, ফুলবাড়িয়া, ইদিলপুর, রায়পুর, মুনমাঝিবাজার, সরীপপুর, বেলটীয়া, পিঙ্গলহাটী, জয়রামপুর, নান্দিনা, রঘুনাথপুর, খরখরিয়া, তারাগঞ্জ, তুলসিরচর, শ্রীবাড়ী, নরুন্দী, ইটাইল, পিয়ারপুর, সৈলেরকান্দা, রাজাপুর, মাদারপুর, চিতলীয়া, জিগতলা, মোহনপুর, মহেশপুর, বানারেরপার, রণরামপুর সাহাবাজপুর, পলাশতলা, শ্রীপুর, কৈডোলা, পাকুল্লা, রসিদপুর, মাতার পাড়া, দীঘপাইত, পিণ্ডারহটি, ডুহেরপার, বাঙ্গালী, বাউসী, গুণেরবাড়ী, কেন্দুয়া, কালীবাড়ী, হাশীল, ভাতড়া, জয়নগর, মহিরামকোল, ফুলকোচা, মালঞ্চা, মেষ্টা, হারপুর, শ্যামগঞ্জ, শ্যামপুর, হাজিপুর, জালালপুর, গুজামাণিকা, নয়ানগর, বাঘাডোবা, গুণারিতলা, মাদারগঞ্জ, কাতলামারী, গোলাবাড়ী, বালিজুড়ী, চিকাজানি, ডুম্মুট, পীরোজপুর, কলাবাঁধা, মেঘারবাড়ী, খরমা, দেওয়ানগঞ্জ, ইসলামপুর, মাদারেরচর, চাড়্গিলারচর, বাহাদুরাবাদ, হাতীভাঙ্গা, ষাঁড়মারা, হরিণধরা, বক্সিগঞ্জ, রঘুনাথপুর, ছনকান্দা, রৌহা, খোনা, তারাকান্দী, বয়রা, সেরপুর, নৌহাটা, রামকৃষ্ণপুর, কামারেরচর, শ্রীবর্দ্দী, বাণীসিমুল, বাণেশ্বরদী, কাকিনাকোড়া, টেঙ্গরাপাড়া, ভায়াডাঙ্গা, পাইকোড়া, যোগানীয়া, নখলা, পাঁঠাকাটা, নারায়ণখলা, হাসনখিলা, নালিতাবাড়ী, বাদে, চাল্লিশকাহণীয়া, খলিশাকুরা, ধানসাইল, বনগাঁও, কামারপাড়া, তারাগঞ্জ, খাগরা, গাগলাজানী, বারুকপাড়া, গোবিন্দগঞ্জ, বালুঘাটা, কুলকান্দী, বেড়কুরশা, গুঠাইন, পলবান্দা, ইত্যাদি।

কিশোরগঞ্জ মহকুমা।

কিশোরগঞ্জ, হয়বৎনগর, নগুয়া, জগদল, ধুলজুড়ী, ধনকোড়া, হুসেনপুর, চৌদার, গোবিন্দপুর, গাঙ্গাটীয়া, ব্রাহ্মণকচুরী, নীলগঞ্জ, তালজাঙ্গা, রাউতী, সাঁচাইল, বোরগাঁও, দাম্যা, সেকান্দরনগর, দিঘদাইর, পাতুয়াইর, গুজাদিয়া, মহীনন্দ, সুলাকিয়া, সুবন্দী, বৌলাই, জঙ্গলবাড়ী, করিমগঞ্জ, কিরাতুন, বর্শীকুড়া, থানেশ্বরবাদলা, বেতাগা, সুহিলা, মৃগা, ইটনা, উয়াড়া, জয়সিদ্ধি, রাহেলা, চারিগাঁও, ঢাকী, পানহার, কামাবাটীয়া, নিয়ামতপুর, জয়কা, পাটধা, যশোদল, করমুলী, সিংপুর, মিটামৈন, ঘাগরা, অষ্টগ্রাম, কাস্তুল, দিঘিরপাড়, বালিগাঁও, হিলচিয়া, জনিদপুর, গুরই, সাজনপুর, তপেনিকলী, মৃজাপুর, তারপাশা, দামপাড়া, বাগজুরকান্দি, লাহুন্দ, করগাঁও, দেওপাশা, ধারীশ্বর, মামুদপুর, জারৈতলা, কামালপুর আঠারবাড়িয়া, সাহাপুর, চাতল, বাঘহাটা, মুমুরদিয়া নাগেরগাঁও, চাঁদপুর, পুকরা, বেড়াটী, গচিহাটা, সহশ্রাম, ঢুলাদিয়া, বনগ্রাম, কাহেতপল্লী, মাইজহাটী, কালিয়াচাপড়া, সাধুপুর, চণ্ডীপাশা, সাহেদল, দ্বীপেশ্বর, জামাইল, লক্ষিয়া. মির্জ্জাপুর, আঙ্গীয়াদি, হুসেনদী, বাদিয়া, মধ্যপাড়া, বানীগাম, উখড়াশাল, পাঁচগাতী, ভিটাদিয়া, মশুয়া, চারিপাড়া, বেতাল, বাঘবেড়, আটঘরিয়া, ভোগবেতাল, আচমিতা, এগারসিন্দুর, মটথলা, কটিহাদী, ফতেপুর, সুলতানপুর, সরারচর, ভাগলপুর, চড়িয়াকোণা, বাজিতপুর, নান্দিনা, সাদিরচর, রামদী, বসন্তপুর, আগরপুর, কাপাসাটীয়া, নাজিরদিঘি, সসেরদিঘি, দিলালপুর, তাতারকান্দী, গজাড়িয়া, নওয়াপাড়া, শিমুলকান্দী, চিনারচর, ভৈরববাজার, ইত্যাদি।

টাঙ্গাইল মহকুমা।

টাঙ্গাইল, বাঘিল, আকুরটাকুর, বেতকা, আশকপুর, কাগমা র, সাঁকরাইল, আলিসাকান্দা, সন্তোষ, পোড়াবাড় , বেলতা, বিন্নাফৈর, আলোয়া, পাথরাইল, পুটী-জানী, দেওজান, আটীয়া, হিঙ্গানগর, জালালীয়া, দেলহুয়ার, নান্দুরিয়া, এলাসিন, আড়ড়া, ভাড়ড়া, চৌবাড়িয়া, পাহাড়পুর, ঘুনি, ডাঙ্গা, বিনানৈ, ছিলিমাবাদ, ধুবরিয়া, ভাদ্রা, কেদারপুর, মহম্মদনগর, নাগরপুর, গয়হাটা, বড়নগর, মামুদপুর, মৈশামুড়া, নাগরপাড়া, পাটুলী, বানাইল, আটঘড়ি, ভাটগাঁও, দেওহাটা, মির্জ্জাপুর, গল্লী, তুরপাশা, ভব্ড়া, পাকুল্লা, মৈষ্টা, জামুর্কী, বাথুলী, কাঞ্চনপুর, আদাজান, বাঁশাইল, মাদারজানী, কৈজুরী, করটিয়া, পাইকুড়া, বল্লা, রতনগঞ্জ, কোকডহবা, ভণ্ডেশ্বর, কালীহাতী, কুরুয়া, সয়া, পটল, শিয়ালখোল, পালিমা, বাংরা, সহদেবপুর, বাঁশী, এলেঙ্গা, মগ্‌রা, বড় বাঁশালিয়া, টেরথী, বেথইর, গালা, ডৌহাজানী, পলশিয়া, নারান্দিয়া, দৌলতপুর, নগরবাড়ী, কয়রা, কাশতলা, ধলাপাড়া, ঘাটাইল, সুতী, সুবর্ণখালী, নবগ্রাম, মধুপুর, গোপালপুর, কামাখ্যামোহনপুর, নন্দনপুর, তুবাইল, পৌলী, কোনাবাড়ী, আম্বাড়িয়া, সয়া, চাপারকোনা, ধনবাড়ী, পোগলদিঘা, সরিষাবাড়ী, জগন্নাথগঞ্জ, ঝাওয়াইল, মহেড়া, পাকুটীয়া, ছলিমনগর, কালোহা, কাঁটালিয়া, দান্থা, বন্দ্যকাওয়ালজানী, নন্দনপুর, বাবনাপাড়া, আঘইদ, নারায়ণপুর, শিমলাবাদ, দোয়াজানী, মানড়া, তাড়াইল, হালালিয়া, বনগ্রাম, লাঙ্গলজোড়া, বড়টিয়া, বাঘজান, কড়াইল, ত্রিমোহন, দেউপুর, পাথরঘাটা, ছাওয়ালী, ঘারিন্দা, পৌজান, পৌলি, নিকলা, জামুরিয়া, বেড়াবোচনা, পিংনা ইত্যাদি।

নেত্রকোণা মহকুমা।

নেত্রকোণা, দুর্গাপুর (সুসঙ্গ), বাকলজোরা, বাঘবেড়, নারায়ণডহর, পূর্ব্বধলা, আগিয়া, ঘাগরা, রৌহা, বারৈপাড়া, নওয়াপাড়া, হোগ্‌লা, রায়পুর, কর্ণপুর, তাতিয়র, চল্লিশকাহণিয়া, দশধার বেতাটী, মৌগাতী, শঙ্করপুর, চারুলিয়া, হাকুলিয়া, শিমুলাটী, পুরাকান্দুলিয়া, জারিয়া, ভিতরগাঁও, কালিহাড়া, মৌয়াটী, মঙ্গলসিদ্ধি, দত্ত নগুয়া, চন্দনকান্দী, রামপুর, আশুজিয়া, মদনপুর, দলপা, রামেশ্বরপুর, তেলিগাতী, টেঙ্গা, আরপাশা, মনাঙ্, শ্যামগঞ্জ, পাঁড়া, শিমূলকান্দী, ইচলিয়া, মেদনী, পুখুরিয়া, বাংলা, ধিতপুর, শিবনগর, সিমলজানি দুঘিয়া, কাঁটলি, আমতলা, টাকুরাকোণা, দত্তগাও, হাটশিরা, দেউলী, সরমাজিয়া, চাপারকোণা, আন্দাদিয়া, বারঘর, কাশতলা, গরমা, বারহাট্টা, কালিকা, দুর্গাপুর, দারিয়াপুর' কৈলাটী, মনাস, টেঙ্গাপাড়া, মোহনগঞ্জ, সিংধা, বাহাম, বটতলী, নওয়াপাড়া, দেওথান, বার্ত্তাকোণা, খলাপাড়া, দত্তগাঁতী, মাঘান, মানশ্রী, সমাজ, কমলপুর, নৈহাটী, দেবদ্বার, তারাচাপুর, মদন, সুখারি, লুণেশ্বর, নাজিরগঞ্জ, মঙ্গলশ্রী, খালিয়াজুড়ী, কদমশ্রী, হাসনপুর, ফতেপুর, মজফরপুর, রাজদেওতলা, জাঙ্গিরপুর, কাটিহালী, বারড়ী, জাওলা, হাজরাগাতী, জয়পাশা, শিবপুর, লস্করপুর, পারলা, নওয়াপাড়া, আইথর কেন্দুয়া, মাশ্‌কা, গুরালী, কাশীপুর, সাঝিউড়া, কুণ্ডলী, বৈরাটী, চিরাং, গোপালাশ্রম, সান্দিকোণা, ইটাম্রতলা, আটাশিয়া, কৈলাটী, ফতেপুর, পাইকুড়া, পুগলগাঁও লক্ষ্মীগঞ্জ, হাতকুণ্ডলী, বাশাউরা, ইত্যাদি।

ঐতিহাসিক স্থান।

নিম্নলিখিত স্থানসমূহে প্রচীন চিহ্ন বর্ত্তমান আছে। সদর মহকুমায়—কেল্লাবোকাইনগর, কেল্লা তাজপুর, মধুপুরবন, গুপ্তবৃন্দাবন। জামালপুর মহকুমায়—

গড়জরিপা (দরিপা), দুর্ম্মূট। কিশোরগঞ্জ মহকুমায়—জঙ্গলবাড়ী, বত্রিশ, ভোগবেতাল, কেল্লা এগার সিন্দুর, সেকান্দর নগর। টাঙ্গাইল মহকুমায়—আটীয়া, কাগমারী, নারায়ণপুর। নেত্রকোণা মহকুমায়—সুসঙ্গ, মদনপুর, রোয়াইলবাড়ী।

ষষ্ঠ অধ্যায়।

উৎপন্ন ও বাণিজ্য।

ভূমি; কৃষি; আবাদি ও অনাবাদি ভূমি; ফসল; খনি; বাণিজ্যোপযোগী হাট বাজার; মেলা; আমদানী রপ্তানী; আমদানী রপ্তানীর তালিকা। ইতরপ্রাণী—পশু, পক্ষী, মৎস্য। খেদা। উদ্ভিদ্। শিল্প—বস্ত্রশিল্প, অন্যান্য শিল্প। পরগণার মাপ। ওজন ও পরিমাণ।

ভূমি।

এই জেলার ভূমি সাধারণতঃ উর্ব্বরা। বহু নদ নদী ও খাল বিলের আধিক্যই ইহার একমাত্র কারণ। জেলার পূর্ব্ব দক্ষিণ ও পশ্চিমভাগের অনেক ভূমি বর্ষাকালে জলপ্লাবিত হয়। এই সকল স্থানের ফসল-উপযোগী জমি নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত,—(১) বালুয়া (বালুকাময়); (২) রেতি বা ডুয়াসিলা (বালু ও আঁটালিয়া মিশ্রিত); (৩) পৈন (বিল বা নদীর ধারের সারবান্ ভূমি); (৪) মাটিয়াল (আটাল টান জমি); (৫) কান্দা (উচ্চ ভূমি (৬) বাইদ, নামা, ডোবা বা পেকা; (৭) করচা (জলার তটস্থ ভূমি); (৮) নাঠা (অনুর্ব্বরা); কিন্তু এই সকল জমি সাধারণতঃ বালুয়া, ডুবা, ও মাটীয়াল এই তিন নামে পরিচিত। বালুয়া জমি প্রায়ই নদীর তীর বা চর প্রদেশে দেখিতে পাওয়া যায়; এইরূপ জমি ব্রহ্মপুত্র ও যবুনার তীরেই অধিক। কোন কোন স্থানে নদীগর্ভ হইতে ১০।১৫ মাইল দূরেও বালুয়া স্থান দেখা যায়। এই

সকল বালুয়া জমি পাট ও নীল চাষের উপযোগী। ডোবা বা পেকা জমিকে জলা ভূমি বলা যায়। এই জমি খালিয়াজুরী, জয়নসাহী, সুসঙ্গ ও নসিরুজিয়াল প্রভৃতি পরগণায় অধিক পরিমাণে দেখিতে পাওয়া যায়। এই জমিতে বোর ধান রোপণ করা হইয়া থাকে; মাটিয়াল বা টান জমি সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। ইহাতে নানা জাতীয় ফসল উৎপন্ন হইয়া থাকে। এই সকল জমি আটীয়া, কাগমারী, জফরসাহী ও আলাপসিংহে অধিক।

এই সকল শ্রেণীর ভূমি ব্যতীত আর এক শ্রেণীর ভূমি আছে, তাহা পুখরিয়ার অন্তর্গত মধুপুর জঙ্গলে ও রণভাওয়ালের জঙ্গলে দেখিতে পাওয়া যায়। এই জমি লাল মাটি ও লৌহচূর্ণ মিশ্রিত কঙ্কর। সোমেশ্বরী নদীর তীরেও এইরূপ কঙ্কর ভূমি আছে। ইহা শস্যের পক্ষে সুবিধাজনক নহে।

কৃষি।

এই জেলার জমি কৃষিকার্য্যের পক্ষে বিশেষ উপযোগী। মুসলমান শাসনকালে ভূমিতে প্রজা বা তালুকদারের স্বত্ব স্থির না থাকায় কৃষিকার্য্যের বিশেষ উন্নতি ছিল না। তৎকালে এতদ্দেশের প্রায় ¼ অংশ ভূমি অনাবাদি ছিল। চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্ব পর্য্যন্ত ভূমির এইরূপ দুরবস্থা ছিল। বাঙ্গলায় চিরস্থায়ী বন্দোবস্ত হইয়া গেলে, গবর্ণমেণ্ট কৃষিকার্য্যের উন্নতিকল্পে দেশীয় কৃষকগণকে তাগাবী ও পুরস্কার দিয়া উৎসাহিত করিতে থাকেন। তাহারাও গবর্ণমেণ্ট হইতে অর্থ পাইয়া উৎসাহে কৃষিকার্য্যে প্রবৃত্ত হয়* ও বহু ভূমি আবাদ করিতে থাকে।

* Mymensingh Collector's letter to the Board of Revenue, dated 2-1-1791.

১৭৯৭ সনে এ জেলায় বিলাতি আলুর চাষ প্রথম প্রবর্ত্তিত হয়। রেভেনিউ বোর্ড বিলাতি আলুর বীজ পাঠাইলে কালেক্টর গ্রস সাহেব তহসিলদারদিগের দ্বারা পরগণায় পরগণায় তাহা বিতরণ করেন ও সরকার হইতে নোটীশ প্রচার করিয়া কৃষকদিগকে আলুর চাষ করিতে বাধ্য করেন।* বর্ত্তমান সময়ে এ জেলায় আলুব চাষ অনেক উন্নতি লাভ করিয়াছে।† ১৮০৬ সনে এ জেলায় নীলের চাষ আরম্ভ হয়। এবং অতি অল্প সময়ের মধ্যে ইহা বিশেষ ফললাভ করে। ঐ সময় ইক্ষু এবং পাটের চাষও অল্পে অল্পে এ জেলায় প্রবেশ লাভ করে। ১৮০৮ সনে গবর্ণমেণ্ট এ জেলাব কৃষককুলকে শণের চাষ করিতে অনুরোধ করেন।‡ ১৮৬৮ সনে সুসঙ্গের মহারাজগণের যত্নে ও ব্যয়ে তথায় চার চাষ আরম্ভ হয়। সুসঙ্গের অন্তর্গত বিজাপুরে মহারাজদিগের চার বাগান ছিল।§

১৮৭২ সনে জামালপুর আদর্শ কৃষিবিভাগে (Jamalpur model farm) বিলাতি তূলার চাষের উদ্যোগ করেন।|| এই সময় নীলের কারবার উঠিয়া যায়, তৎসঙ্গে নীল-করগণের অত্যাচারও তিরোহিত হয় এবং কৃষিকার্য্য নির্ব্বিবাদে চলিতে থাকে।

* Mymensingh Collector's letter to the Board of Revenue, dated 1-9-1797 & 19-9-1797

† এই জেলায় সাধারণ কৃষকগণ যে আলু উৎপন্ন করিয়া থাকে তাহা উৎকৃষ্ট নহে। ১৯০২ অব্দে ময়মনসিংহ সারস্বত প্রদর্শনীতে গৌরীপুর Experimental farm হইতে যে বিলাতি আলু প্রেরিত হইয়াছিল তাহা বিশেষ উল্লেখযোগ্য। গৌরীপুরের এক একটী আলু ওজনে দেড় পোয়া পর্য্যন্ত হইয়াছিল।

‡ Government's letter 19-7-1808

§ District Administration Report of 1868-69.

|| Do of 1873-74.

আবাদি ও অনাবাদি ভূমি।

১৯০৩ সনে এই জেলার কত জমি আবাদি ও কত জমি অনাবাদি ছিল তাহার একটি তালিকা নিম্নে প্রদান করা গেল :—

বিভাগ।	জমি।		আবাদি।		অনাবাদি।	
সদব	১১৮৩৩৬০	একর	৬৯৭০০০	একর	৪৮৬৩৬০	একর
নেত্রকোণা	৬৯৭৬০০	„	২৮৪৫০০	„	৪১৩১০০	„
কিশোরগঞ্জ	৬৬৭৫২০	„	২৬৪০০০	„	৪০৩৫২০	„
জামালপুব	৮২৪৯৬০	„	৬২৭২০০	„	১৯৭৭৬০	„
টাঙ্গাইল	৬৭৯০৪০	„	৫৩৩০০০	„	১৪৬০৪০	„
	৪০৫২৮৮০	„	২৪০৫৭০০	„	১৬৪৬৭৮০	„

বর্ত্তমান বর্ষে ইহা অপেক্ষা মোটের উপর ৭০০ একর জমি কম আবাদে দেখান হইয়াছে। তালিকা দৃষ্টে দেখা যায় যে মোট জমির পরিমাণ সদর বিভাগে সর্ব্বাপেক্ষা অধিক ও কিশোরগঞ্জ বিভাগে সর্ব্বাপেক্ষা ন্যূন। আবাদি জমির পবিমাণও সেইরূপ। অনাবাদি জমি সদরে সর্ব্বাপেক্ষা অধিক ও টাঙ্গাইলে সর্ব্বাপেক্ষা ন্যূন। জেলার মোট জমির $\frac{৩}{৫}$ অংশ আবাদি ও $\frac{২}{৫}$ অংশ অনাবাদি।

ফসল।

এই আবাদি ভূমির কত ভূমিতে বিগতবর্ষে (১৯০৫-০৬) কি কি ফসল উৎপন্ন হইয়াছে নিম্নে তাহারও তালিকা প্রদত্ত হইল :—

আবাদ ফসল।		মোট জমি।	
ধান্য	...	১৬৩৭৪০০	একর
গম	... ...	৫০	„
কলাই, প্রভৃতি	...	২১৭৯০০	„
তিসি	...	১৩৪০০	„

আবাদ ফসল।	মোট জমি।	
তিল	৭২৩০০	একর
সরিষা	৩৭৮৬০০	"
অন্যান্য তৈলজ ফসল	৩০০	"
মসলা, প্রভৃতি	১৪৫০০	"
ইক্ষু	৭৮০০	"
কার্পাস	৫০০	"
পাট	৭৯৫২০০	"
অন্যান্য তণ্ডুজ ফসল	১৫০০	"
তামাক	১৫২০০	"
লতা গুল্ম ও বাগানাদি	৫৮০০০	"
নানাবিধ খাদ্য দ্রব্যাদির	৯৪৯০০	"
অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি ...	২৫৭০০	"
	৩৩৩৩৬৫০	
বাদ একাধিক ফসলের জমি ...	৯২৮৬৫০	"
	মোট—২৪০৫০০০	

এই জেলার কৃষিজাত প্রধান শস্য ধান্য। ধান্য সাধারণতঃ তিন প্রকার। বোর, আউশ ও আমন। এই তিন প্রকারের ধান্যকে যথাক্রমে বৈশাখী, শ্রাবণী (আশু) ও অগ্রহায়ণী (হৈমন্তিক) ধান্য বলে। কৃষি বা চাষের প্রণালী সকল স্থানেই প্রায় একরূপ। ধান্যের পরেই প্রধান ফসল পাট। পাট জফরসাহী, জয়নসাহী, ভাওয়াল, কাগমারী, আটিয়া, বড়বাজু, প্রভৃতি পরগণাতেই অধিক জন্মিয়া থাকে। পাট, তিল, প্রভৃতির ও আউস

আমন, প্রভৃতির প্রকারভেদ আছে। তামাক পুখুরিয়া অঞ্চলেই অধিক জন্মিয়া থাকে। মুগ কলাই (সোণা ও ঘাসি), খেসারি কলাই, মাষ কলাই ও মুসুরী কলাই সর্ব্বত্রই জন্মে। পান জফরসাহী, আলাপসিংহ ও হাজরাদীতে ভাল জন্মে। ইক্ষু হুসেনসাহী পরগণায় অধিক হয়। অনেক স্থানেই ইক্ষুরস হইতে গুড় প্রস্তুত করা হয়। এ জেলার গুড় অতি উৎকৃষ্ট। খেজুর গাছ এ জেলায় অধিক নাই ; কৃষকেরাও খেজুরের চাষ করে না। নারিকেল বালুয়া ভূমিতে জন্মিয়া থাকে। ময়মনসিংহ ও হুসেনসাহী পরগণায় নারিকেল প্রচুর পরিমাণে উৎপন্ন হয়। সুপারী হাজরাদী অঞ্চলে অধিক জন্মে। বাঁশ সর্ব্বত্রই পাওয়া যায়। এই জেলায় ভাল আম হয় না। কাগমারী পরগণায় প্রচুর আম জন্মে ; কিন্তু তাহা খুব উৎকৃষ্ট নহে। কাঁটাল টান ভূমিতে বেশী জন্মে। এ জেলায় কাঁটাল প্রচুর পরিমাণে উৎপন্ন হয়। তেঁতুল, কলা প্রভৃতি সর্ব্বত্র পাওয়া যায়। তূলা নালিতাবাড়ী ও ভাওয়াল অঞ্চলে উৎপন্ন হয়। আবির ও পনির কিশোরগঞ্জে প্রস্তুত হইয়া থাকে। এই জেলার গারোকচু ও বেগুণ প্রসিদ্ধ। কৃষিকার্য্যের উন্নতির জন্য গৌরীপুরে জামালপুরে দুইটী ফারম্ আছে।

বর্ত্তমান সময়ে এই জেলায় কোন খনি দেখা যায় না।

খনি। আকবর বাদসাহের রাজত্ব সময়ে এই প্রদেশে লৌহ খনি ছিল।*

বাণিজ্যোপযোগী হাট বাজার। নিম্নলিখিত স্থানগুলি এ জেলার প্রধান হাট বাজার বলিয়া প্রসিদ্ধ।

জামালপুর—বাঙ্গালী, বালীজুড়ী, তারাগঞ্জ, বক্সীগঞ্জ,

ইস্‌লামপুর, জমালপুর, সেরপুর, নালিতাবাড়ী, দেওয়ানগঞ্জ, মাদারগঞ্জ।

টাঙ্গাইল—নাগরপুর, টাঙ্গাইল, এলেঙ্গা, জামুর্কি, পোড়াবাড়ী, জগন্নাথগঞ্জ, পিঙ্গনা, সুবর্ণখালী, মধুপুর, নারান্দিয়া, গোপালপুর, কেদারপুর, পুটিয়াজানী, মীর্জাপুর, ভাদিরা, রতনগঞ্জ, পাথরঘাটা, কুকডহর, কাগমারী, ধলাপাড়া, বাঁশাইল, নন্দনপুর, পালিশা, বৈকুণ্ঠগঞ্জ, শ্রীরামপুর (ছিলিমপুর), এলাসীন, করটীয়া।

সদর—নসীরাবাদ, শম্ভুগঞ্জ, দত্তবাজার, গৌরীপুর, দাপুনিয়া, মুক্তাগাছা, ধলা, বাশাটী, তিরশাল, বয়রা, সালটিয়া, বেগুণবাড়ী, গফরগাঁও, জাঙ্গালিয়া, বালিপাড়া, ঈশ্বরগঞ্জ, নান্দাইল, মল্লিকবাড়ী, গয়েশপুর, শিবগঞ্জ, বিরুনিয়া।

নেত্রকোণা—নেত্রকোণা, কেন্দুয়া, ফতেপুর, গোবিন্দগঞ্জ, নারায়ণডহর, দুর্গাপুর, রূপগঞ্জ, মোহনগঞ্জ, লক্ষ্মীগঞ্জ, আমতলা, চিরাঙ্গ, বাউসী।

কিশোরগঞ্জ—ভৈরববাজার, কঠিয়াদি, মীর্জাপুর, নিকলী, এগারসিন্দুর, হুসেনপুর, কিশোরগঞ্জ, করিমগঞ্জ, কালিয়াচাপড়া, তাতারকান্দি, বাজিতপুর, ফতেপুর, হিলচিয়া, আটগাঁও, তারাইল, নীলগঞ্জ।

মেলা।

এই জেলায় অনেকগুলি সাময়িক মেলা হয়। ঐ সকল মেলার নাম, সময় ও সরকারী রিপোর্টে প্রদত্ত জনতার সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:—

---

* Ayeen-i-Akbary, by F. Gladwin, page 304.

সদর মহকুমায়—

অষ্টমী মেলা—শম্ভুগঞ্জ	১ দিন	১০০০০।১১০০০ লোক।
,, —বেগুণবাড়ী	১ দিন	১৫০০০।১৬০০০ ,,
,, —রাজৈর	১ দিন	৪০০০। ৫০০০ ,,
রথমেলা—কালীগঞ্জ	৬।৭ দিন	১৪০০। ১৫০০ ,,
,, —উচাখিলা	১ মাস	১০০০। ১২০০ ,,
,, —খালবেলা	১ মাস	১৬০০০।২০০০০ ,,
পৌষ সংক্রান্তি—বিরুণীয়া	১৫ দিন	১০০০। ১২০০ ,,
,, —ত্রিশাল	১৫ই, ১৬ই জানুয়ারী	১০০০। ১২০০ ,,
,, —ঢাকিরকান্দা	৮ দিন	৫০০০। ৬০০০ ,,
চৈত্র সংক্রান্তি—শিবগঞ্জ	১ মাস	১০০০। ১২০০ ,,
,, —গুপ্তবৃন্দাবন	ঐ	৪০০০। ৫০০০ ,,

সারস্বত জুবিলী মেলা—নসিরাবাদ—

টাঙ্গাইল মহকুমায়—

বেত্রোবা মেলা	জানুয়ারী ফেব্রুয়ারী ১½ মাস	১৪০০০ লোক।
ধনহাটা মেলা	ডিসেম্বর জানুয়ারী	৯০০০ ,,
ছেলিমাবাদ মেলা	এপ্রিল মাসে ৩ দিন	৪৫০০ ,,
কৃষিপ্রদর্শিনী মেলা টাঙ্গাইল		

কিশোরগঞ্জ মহকুমায়—

কিশোরগঞ্জ ঝুলন মেলা	২ মাস	১৫০০০ লোক।
ভোগবেতাল রথমেলা	২০ দিন	৫০০০ ,,
হুসেনপুর দোলমেলা	১ মাস	৫০০০ ,,
ঐ অষ্টমীমেলা	১ দিন	৫০০০ ,,
মঠথলা অষ্টমী মেলা	১ দিন	৫০০০ ,,

জামালপুর মহকুমায়—

জামালপুর মেলা	১ মাস	২০০০৮	,,

নেত্রকোণা মহকুমায়—

ইচলিয়া পৌষ সংক্রান্তি	১ মাস	২১০০০	,,

অষ্টমী স্নান উপলক্ষে ব্রহ্মপুত্র তীরে বহু স্থানে মেলা হইয়া থাকে।

সেরপুরের ফুলদোলের মেলা বহুকাল চলিয়া উঠিয়া গিয়াছে। পোড়াবাড়ীতেও এক বৃহৎ মেলা হইত।

আমদানী রপ্তানি।

উল্লিখিত হাটবাজারগুলি হইতে প্রতি বৎসর বহু পরিমাণে কোষ্টা রপ্তানি হইয়া থাকে। বর্ত্তমান সময়ে রপ্তানি জিনিষের মধ্যে কোষ্টাই সর্ব্বাপেক্ষা প্রধান।*

ভৈরববাজার, করিমগঞ্জ, দত্তের বাজার ও সুবর্ণখালীই এ জেলার আমদানী রপ্তানির প্রধান স্থান। 'এই সকল স্থানে ত্রিপুরা হইতে কার্পাস, সুপারি, মরিচ, প্রভৃতি, দক্ষিণ হইতে নারিকেল, পশ্চিম প্রদেশ হইতে গরু, শ্রীহট্ট হইতে কমলা ও মধু, কলিকাতা হইতে চাউল, চিনি, কাপড়, লৌহ ও গম, ব্রহ্মদেশ ও বাখরগঞ্জ হইতে চাউল প্রভৃতির আমদানী হইয়া থাকে।

চামড়া, + শীতলপাটী, পনির, ঘৃত, সরিষা, লঙ্কা প্রভৃতি এই জেলা হইতে ভিন্ন ভিন্ন স্থানে রপ্তানি হইয়া থাকে। নীলের সময়

* ২৫ বৎসর পূর্ব্বে চাউল অপেক্ষা পাট কম রপ্তানি হইত। ১৮৭৩ সনে মাত্র ৭৫০০০ হাজার একর জমিতে পাটের চাষ হইয়াছিল; এখন তাহা অপেক্ষা প্রায় ৮ গুণ অধিক জমিতে পাটের চাষ হইতেছে।

+ পূর্ব্বে এই জেলা হইতে চামড়া অনেক অধিক পরিমাণে রপ্তানি হইত। ১৮৭৩ সনে চামড়া রপ্তানির অত্যধিক বৃদ্ধি দেখিয়া জেলার কালেক্টর ইহার

নীল এই জেলা হইতে প্রচুর পরিমাণে রপ্তানি হইত। ৩০ বৎসর পূর্ব্বে চা-ও এই জেলা হইতে ভিন্ন জেলায় যাইত। * ডালুর কার্পাস প্রসিদ্ধ, ইহা নালিতাবাড়ীর নিকট ডালু নামক স্থানে উৎপন্ন হয়। ভাওয়ালের অন্তর্গত মল্লিকবাড়ীতেও প্রচুর তূলা উৎপন্ন হয়। কার্পাস চাউল প্রভৃতির আমদানী রপ্তানি উভয়ই হইয়া থাকে। ২৫।৩০ বৎসর পূর্ব্বে চাউল অধিক পরিমাণে রপ্তানি হইত, আমদানীর আবশ্যক হইত না। †

মধু ও মোম ভাওয়ালে ও মধুপুরে প্রচুর পাওয়া যায়।

শুক্না মাছ এ জেলার একটী প্রধান রপ্তানির জিনিস। কোম্পানীর আমলে ফরাসিরা এই জেলা হইতে শুক্না মাছ পশ্চিমদেশে রপ্তানি করিত। চুলদিয়া ও থালিয়াজুরীতে তাহাদের দুইটী কারবারের স্থান ছিল।

কারণ অনুসন্ধান করেন। অনুসন্ধানে জানা যায় যে, ঢাকার চামড়া ব্যবসায়ীদিগের প্রেরিত লোক অলক্ষ্যে মাঠে বিষ ফেলিয়া গো মহিষাদির প্রাণনাশ পূর্ব্বক বহু চামড়া সংগ্রহ করে। এই অনুসন্ধানের পর একটী নূতন নিয়ম প্রবর্ত্তনের চেষ্টা হইলে, অল্পদিনের জন্য চামড়া ব্যবসায় বন্ধ ছিল। এই নূতন নিয়ম সম্বন্ধে জেলার কালেক্টর শাসন-বিবরণীতে লিখিয়াছিলেন, "If a sum of money were raised and it were agreed that a ryot whose bullock was poisoned should receive a rupee or two from the fund on condition that he did not sell the hide, the poisoner would find their occupation gone."

* ১৮৭২ সনে বিজাপুরের চা-বাগান হইতে ৫৩৬০ পাউণ্ড চা রপ্তানি হয়।—"General Administration Report of 1873-74."

† In an ordinary year the production is estimated to be about 135 lacks of maunds of rice of which about 27½ lacks are exported, the remainder being consumed in the District.—

"District Administration Report of 1873-74."

গারোপাহাড়ের পাদদেশ, ভঙ্গের বাজার হইতেও এই জেলায় অনেক জিনিস আমদানি হইয়া থাকে। ইহার মধ্যে বেত, তরৈবাঁশ উল্লেখযোগ্য।

গড়জয়ানসাহি, মধুপুর ও ভাওয়াল হইতে প্রতি বৎসর বহু পরিমাণে গজারি কাঠ বাহির হইয়া থাকে। ঐ সকল কাঠ ঘরের খুঁটীরূপে ব্যবহৃত হয়।

নিত্যব্যবহার্য্য জিনিসের আমদানি ও রপ্তানির হিসাবে গড়ে আমদানি জিনিসের সংখ্যা অনেক অধিক। ৩০ বৎসর পূর্ব্বে আমদানি অপেক্ষা রপ্তানি তিন গুণ অধিক ছিল।* ৩০ বৎসর পূর্ব্বে চাউল এবং কাপড় ভিন্ন স্থান হইতে এই স্থানে অতি অল্প আমদানি হইত। শতকরা দশ জনের অধিক বিলাতি কাপড়ের ক্রেতা পাওয়া যাইত না। ঘরের মোটা ভাত ও স্বদেশী যুগীর প্রস্তুত মোটা কাপড় কি ধনী কি দরিদ্র সকলেরই আদরের সামগ্রী ছিল।†

গত দুই বৎসর এই জেলা হইতে কলিকাতায় কি কি জিনিস

---

* "I should roughly estimate the money value of the Exports as being fully three times that of the Import.—

"District Administration Report of 1873-74."

† They (countrymen) and their families wear the cheapest of cloths, markins and such like or coarse country cloth, and eat coarse rice seasoned with chillies grown on their lands to use their own phrase "Mota Bhat Mota Kapar" * * so that imports such as European piece goods of the better sorts would not find purchasers in more than perhaps one-tenth of the inhabitants of the given area.—

"District Annual Report of 1879-80."

আমদানি রপ্তানির তালিকা।

কত রপ্তানি হইয়াছে এবং কলিকাতা হইতে এই জেলায় কি কি জিনিস কত আমদানি হইয়াছে, তাহার তালিকা নিম্নে প্রদত্ত হইল :—

রপ্তানি জিনিস।	১৯০৪-০৫	১৯০৫-০৬
চাউল	১৯৩০৪ মণ।	১৯৬৮৯ মণ।
ধান	৪৩১০৮ মণ।	৪১৫০০ মণ।
যব গম প্রভৃতি	৫০ মণ।	১৭৩ মণ।
কলাই এবং দাইল	১৩৩৬ মণ।	২২৭০ মণ।
পাট	১৫০৫১৯৯ মণ।	১৫৯৭৪১৮ মণ।
ছালা	১৮৬৫৫ টা।	১৯২০১০ টা।
তিল ও তিসি	১২৪৮০ মণ।	৮৭৭৬ মণ।
সরিষা	২৩০০ মণ।	৩৪১৭৯ মণ।
কার্পাস	১০৪ মণ।	৮ মণ।
চিনি (পরিষ্কার)	০ মণ।	২ মণ।
„ (অপরিষ্কার)	১ মণ।	১১ মণ।
তামাকু	১৬৭ মণ।	১৫৩ মণ।

আমদানি জিনিস।

কার্পাস বস্ত্র (বিলাতি)	৩৯০১১০২৲	৪২৬৮৮৭৮৲
„ (দেশী)	৩১৪৭৲	১৬০১০৭৲
সূতা (বিলাতি)	২৬৩৯ মণ।	২৪৫১ মণ।
„ (দেশী)	২১৭৩ মণ।	২০৭৭ মণ।
লবণ	৩১৩৫৯৯ মণ।	২৬১৩২৮ মণ।
কেরোসিন তৈল	১১৪৮৪২ মণ।	৯২৯৭৪ মণ।
ছালা	৬৫৬৬০ টা।	৯৬৫৬৫ টা।

১৯০৫-০৬ সনে এই জেলা হইতে রেলযোগে বিভিন্ন স্থানে কি কি জিনিস কত রপ্তানি হইযাছে ও বিভিন্ন স্থান হইতে রেল-পথে কি কি জিনিস কত আমদানি হইয়াছে তাহার তালিকা প্রদত্ত হইল ঃ—

জিনিস	রপ্তানি	আমদানি
পাট	২২৫০৭৯৪ মণ।	৬৩৯৯ মণ।
চাউল	৫৮৮৪ মণ।	১৪৪১৬ মণ।
ধান	৬৭৩ মণ।	৩০৯০ মণ।
যব ও গম	১৭০ মণ।	১০০৮ মণ।
কলাই এবং দাইল	৪৬০৬ মণ।	৫৪৩৯৭ মণ।
অন্যান্য আহার্য্য শস্য	৩৭ মণ।	৪৮৮৬ মণ।
ছালা	৬০৪৩ মণ।	১৫২০ মণ।
তিল	৭৬৫১ মণ।	
সবিষা	২২৭৪৮ মণ।	৯৯৭ মণ।
দেশী চা		১৫ মণ।
কার্পাস	৯০৮ মণ।	৭১৯ মণ।
চিনি (পরিষ্কার)	৫ মণ।	১১৩৫৪ মণ।
„ (অপরিষ্কার)	৯১ মণ।	৪৪৬১৫ মণ।
গুড় প্রভৃতি	১৯৫ মণ।	১৭৩৫৭ মণ।
তামাক	৫৩২ মণ।	১৮০২০ মণ।
কার্পাস বস্ত্র (বিলাতি)	২৬ মণ।	৫৭৬৪৬ মণ।
„ (দেশী)	৪৬ মণ।	৩৪৫৬ মণ।
সূতা (বিলাতি)	০	১৩৯ মণ।
(দেশী)	১০ মণ।	২০৮০ মণ।

লবণ	৬৯৪ মণ।	১১৭৭২৭ মণ।
কেরোসিন		৭১১১ মণ।
কয়লা		৬৬৫৫৯ মণ।
মোট	১৩০১১১৩ মণ।	৪২৮৬০৬ মণ।

রেল ব্যতীত নৌকা, ষ্টিমার, এবং অন্যান্য উপায়েও বহু জিনিস আমদানি রপ্তানি হইয়াছে।

প্রদর্শিত মোটামুটি হিসাবে দেখা যায় যে জিনিসের আমদানির পরিমাণ অপেক্ষা রপ্তানির পরিমাণ ৫ গুণ অপেক্ষাও অধিক। পাটের রপ্তানির পরিমাণ বাদ দিলে আমদানির পরিমাণ রপ্তানি অপেক্ষা ৮ গুণ অধিক হইবে। আমদানির তুলনায় পাট, তিল ও সরিষা এই জেলা হইতে অধিক রপ্তানি হইয়া থাকে।

ইতর প্রাণী।

গৃহপালিত পশু পক্ষী এই জেলার সর্ব্বত্র প্রাপ্ত হওয়া যায়।

পশু। গরু ও ঘোড়া ক্রয় বিক্রয় জন্য জামালপুর মেলা ও সালটীয়ার হাট প্রসিদ্ধ। ব্যবসায়ীরা শীতকালে এই জেলায় বিক্রয় জন্য ঘোড়া লইয়া আইসে।

মহিষ দুই প্রকার। থাচব ও বাঙ্গর। থাচর অপেক্ষাকৃত ভীষণতর। বন্য মহিষ মধুপুরের জঙ্গলে পাওয়া যায়। পালিত মহিষ জয়নসাহীর বড় বড় হাওয়রে পালিত হয়।

হস্তী সুসঙ্গের পাহাড়ে পাওয়া যায়।

বরাহ, পালিত ও বন্য উভয়ই গাবতলিতে অনেক দেখিতে পাওয়া যায়।

হরিণ, বানর, উল্লুক, ভল্লুক, গয়াল, ব্যাঘ্র প্রভৃতি সুসঙ্গ ও মধুপুরের গড়ে পাওয়া যায়। ছোট ছোট ব্যাঘ্র ও বিষধর সর্পাদি প্রায় সর্ব্বত্র অল্পাধিক পরিমাণে দেখিতে পাওয়া যায়।

পক্ষী।

মাণিকজোড়, ময়ূর, ধনঞ্জয়, ভৃঙ্গরাজ, বনমোরগ, ময়না, টিয়া মদনা, তোতা প্রভৃতি যাবতীয় পক্ষীই সুসঙ্গের পাহাড় এবং ভাওয়াল ও মধুপুরের জঙ্গলে পাওয়া যায়। পঙ্গপাল এই জেলায় অতি কম দেখা যায়। গুটী-পোকা নেত্রকোণা ও জামালপুর অঞ্চলে দেখিতে পাওয়া যায়; ইহাকে এরণ্ড পোকা কহে। এরণ্ডপত্র ইহাদের আহার। এই পোকা অতি যত্নে প্রাতপালন করিতে হয়।

মৎস্য।

মাগুল বা মহাশকুল মৎস্য এই জেলায় বিশেষ প্রসিদ্ধ। ইহা সাধারণতঃ সোমেশ্বরী ও কংশ নদীতেই পাওয়া যায়। উহা দেখিতে প্রায় রোহিত মৎস্য সদৃশ, কিন্তু মুখ কিঞ্চিত দীর্ঘ। এই মৎস্য সতৈল ও সুস্বাদু। বনরোহিত নামক ভূগর্ভবাসী মৎস্য এ জেলায় পাওয়া যায়, তাহা খাদ্য নহে। এতদ্‌ব্যতীত চিতল, রোহিত, কাতল প্রভৃতি সাধারণ সাধারণ মৎস্য প্রায় প্রত্যেক স্থানেই পাওয়া যায়। ভাটি অঞ্চলে নানাজাতীয় মৎস্য প্রচুর পরিমাণে পাওয়া যায়। কুম্ভীর বর্ষা ঋতুতে ব্রহ্মপুত্র ও যমুনায় দেখা যায়। বড় বড় নদীগুলিতে শুশুক (শিশু) দেখিতে পাওয়া যায়।

খেদা।

হস্তী সুসঙ্গের পাহাড়ে পাওয়া যায়। সুসঙ্গ-পাহাড়ে, মধুপুরে ও রণভাওয়ালের গড়ে প্রাচীনকালে হস্তীর খেদা হইত।* সুসঙ্গের

* রণভাওয়ালে হস্তী পাওয়া যাইত বলিয়া টেইলার সাহেবও লিখিয়াছেন- "Taylor's Topography of Dacca."

মহারাজ পুরুষানুক্রমে সুসঙ্গের পার্ব্বত্যপ্রদেশে ও করৈবাড়ীতে খেদা করিয়া আসিতেছিলেন। ইহাতে তাঁহাদিগের প্রচুর লাভ হইত। ইংরেজ-শাসনের প্রাক্কালে এতদ্দেশে অতি সাধারণ জঙ্গলেও বন্যহস্তী বিচরণ করিত। ঐ সকল হস্তী দলে দলে বাহির হইয়া আসিয়া মাঠের ফসল নষ্ট করিয়া যাইত। ১৭৮৭ সন হইতে ১৮০০ সন পর্য্যন্ত বন্যহস্তীর এই প্রকার অত্যাচারের কথা গবর্ণমেণ্টের কাগজপত্রে দেখিতে পাওয়া যায়। ১৭৮৭ সনে আলাপসিংহ, ভাওয়াল ও হাজারাদীর জমিদারগণ বন্যহস্তীর অত্যাচারে ক্ষতিগ্রস্ত হইয়া গবর্ণমেণ্টের সমীপে প্রতিকারপ্রার্থী হন ও সরকারী রাজস্ব হইতে মুক্তির প্রার্থনা করেন।* বিশেষ অনুসন্ধানের পর তাঁহাদের প্রার্থনা গ্রাহ্য হয়। এবং গবর্ণমেণ্ট এই অনিষ্ট নিবারণের উপায় চিন্তা করিয়া খেদা স্থাপনের পরামর্শ করেন। † এইরূপ পরামর্শের পর ব্যয়বাহুল্য দেখিয়া গবর্ণমেণ্ট আর তাহাতে হস্তক্ষেপ করিলেন না। ‡ বলা বাহুল্য সুসঙ্গের পাহাড়ে তখনও সুসঙ্গের মহারাজ খেদা করিতেন।

১৮৭৯ সনে খেদা আইন § বিধিবদ্ধ হইলেও সুসঙ্গের মহারাজ ১৮৮৪ সন পর্য্যন্ত খেদা করিয়াছিলেন। ১৮৮৪ সনের ১৯শে মে তারিখের বিজ্ঞাপনী দ্বারা গবর্ণমেণ্ট সুসঙ্গের মহারাজদিগের হস্ত হইতে খেদার ক্ষমতা তুলিয়া লন। প্রায় ৪০।৫০ বৎসর হইল

---

* W. Wroughton's Settlement Report of 1787.

† Collector's letter to the Board of Revenue, dated 11-6-1800.

‡ MSS. Record Nos. 9225, 9226, and 9310. (Board of Revenue.)

§ Elephant Preservation Act of 1879.

সালটীয়ার স্বর্গীয় ভোলানাথ চাকলাদার ভাওয়ালের জঙ্গলে একবার খেদা করিয়াছিলেন। সে খেদার চিহ্ন অদ্যাপি বর্ত্তমান আছে। এখন গবর্ণমেণ্ট খেদা করিয়া থাকেন।

উদ্ভিদ।

নানা জাতীয় অশ্বত্থ, বট, আম, কাঁটাল, জাম, মান্দাব জিয়ল (জিগা), তেঁতুল, আমলকী, হরিতকী প্রভৃতি বৃক্ষ এ জেলায় অপর্য্যাপ্ত পবিমাণে জন্মিয়া থাকে। বাঁশ এ জেলার একটি প্রধান উদ্ভিদ। বনজ ঔষধি বৃক্ষও অপর্য্যাপ্ত দেখিতে পাওয়া যায়। পাহাড় ও বনভূমিতে গজাবি, শিরীষ, নিহব, নাগেশ্বর, চাম্বল, চামা সোপাঙ্গ, গাম্ভারী পাকুল, জারৈল কাটাখসিযা, খাড়াজোড়া, দুধক্ষীরা, কড়ই, আসই, কাচই, মাউ কাউ, জাঙ্গরাল, পিপ্পলী, ঘিলা, বিটখদিব রবর, প্রভৃতি বৃক্ষ জন্মিযা থাকে।

ময়মনসিংহেব ভূমি উর্ব্বরা। এখানে সকল প্রকারের শাক সবজীই উৎপন্ন হইয়া থাকে; নানা জাতীয় পুষ্পবৃক্ষও দেখিতে পাওয়া যায়।

ময়মনসিংহ সারস্বত সমিতি ও টাঙ্গাইল কৃষি প্রদর্শনীতে উদ্ভিদপ্রদর্শনী হইয়া থাকে।

শিল্প।

প্রাচীন কালে ময়মনসিংহ সূক্ষ্মবস্ত্র-শিল্পের জন্য প্রসিদ্ধ ছিল।

বস্ত্রশিল্প।

বাজিতপরের মসলিন ও কিশোরগঞ্জের তঞ্জাব দিল্লীর বাদসাহদিগেরও চিত্তরঞ্জনে সমর্থ হইত। মুসলমানদিগের পর এই সকল বস্ত্রের প্রতি ওলন্দাজদিগের দৃষ্টি পড়ে। ওলন্দাজগণ কিশোরগঞ্জ ও বাজিতপুরে কুঠী নির্ম্মাণ করিয়া

মসলিনের ব্যবসায়ে মনোযোগ প্রদান করেন। তাঁহাদিগের পর ইংরেজ বণিক্‌গণ তাঁহাদের কুঠী হস্তগত করিয়া দেশীয় কারিকরদিগকে উৎসাহ প্রদান করিতে থাকেন। এই সময়ে কিশোরগঞ্জের পরামাণিকদিগের মসলিনের ব্যবসায় বিশেষ উন্নতি লাভ করিয়াছিল। তাহাদিগের অবনতির সঙ্গে সঙ্গেই কিশোরগঞ্জের বস্ত্র-শিল্প ব্যবসায়ের অবনতি হইয়াছে। বর্ত্তমান সময়েও কিশোরগঞ্জের এবং বাজিতপুরের তঞ্জাব চাদর ও গোলাবতন ধুতি বিশেষ প্রসিদ্ধ। টাঙ্গাইল মহকুমার অন্তর্গত বাজিতপুরেও মিহি কাপড় এবং চাদর প্রস্তুত হয়। এই মহকুমার পাথরাইল এবং ছোট বিন্যাফৈর গ্রামের তন্তুবায়গণ উৎকৃষ্ট রেসমি বস্ত্র প্রস্তুত করিতে আরম্ভ করিয়াছে। জালালিয়া ও শুনকার জোলারা কয়েক বৎসর যাবৎ কোট প্যাণ্টুলানের ও সার্টের উপযুক্ত উৎকৃষ্ট ছিট প্রস্তুত করিতেছে। নেত্রকোণার অন্তর্গত সান্ধিকোণা গ্রামে এণ্ডি প্রস্তুত হয়, তাহা বিশেষ উল্লেখযোগ্য। সূতার উৎকৃষ্ট চারখানা প্রায় সকল স্থানের যুগীরাই প্রস্তুত করিয়া থাকে।

অন্যান্য শিল্প।

জামালপুর মহকুমার অন্তর্গত ইসলামপুর নামক স্থানের কাঁসার জিনিস সুপরিচিত ও বিশেষ উল্লেখযোগ্য। কাগমারীতেও কাঁসার জিনিস প্রস্তুত হইয়া থাকে। টোকের ঘটী উৎকৃষ্ট; এই ঘটী জগদল নামক স্থানে প্রস্তুত হয়।

কিশোরগঞ্জের অন্তর্গত করগাঁও ও বাজিতপুরের লৌহনির্ম্মিত সামগ্রী বিশেষ উল্লেখযোগ্য। করগাঁয়ের খড়্গ ও বাজিতপুরের দা, বঁটী ও যাঁতি সর্ব্বত্র সুপরিচিত।

ভাওয়ালে উৎকৃষ্ট পাটী প্রস্তুত হইয়া থাকে। মিস্ত্রির কার্য্য

কিশোরগঞ্জের অন্তর্গত বাজিতপুরে উৎকৃষ্ট। সেরপুরের কাষ্ঠ-পাদুকায় নূতনত্ব আছে। উচাখিলার মুচিদিগের নির্ম্মিত চর্ম্মপাদুকা মন্দ নহে। জামালপুরের অন্তর্গত বজ্রপুরের মৃৎপাত্র প্রসিদ্ধ।

পরগণার মাপ।

গবর্ণমেণ্টের জরিপ কার্য্যে পূর্ব্বে একর-রোড-পোলের মাপ প্রচলিত ছিল; পরে বিঘা কাঠার মাপ প্রচলিত হয়। এই জেলার এক এক পরগণায় এক এক রকম মাপ প্রচলিত। এই মাপকে পরগণার মাপ কহে। নিম্নে সেই সকল পরগণার মাপগুলি গবর্ণমেণ্টের মাপে বুঝাইতে চেষ্টা করা গেল। (১ একর=তিন বিঘা অর্দ্ধ কাঠা)।

পরগণা আলাপসিংহ, তপে রণভাওয়াল—এই পরগণাদ্বয়ে পুরার মাপ প্রচলিত। তাহা এইরূপঃ—

১ হাত ১০ অঙ্গুলি =১ গজ

১০০ গজে =১ রশি

১ রশি দীর্ঘ × ১ রশি প্রস্থ =১ পুরা

পুরার হিসাব এইরূপঃ—

৪ কড়ি =১ গণ্ডা

৫ গণ্ডা =১ কাঠা

১৬ কাঠা =১ পুরা

১ পুরা=৩ বিঘা ১৷৷০ ছটাক

১ পুরা=১·০৩·৪ একর।

পরগণা বড়বাজু, কাগমারী, আটিয়া, পুখুরিয়া—এই সকল স্থানে খাদার মাপ। যথাঃ—

৪ কড়ি	=১ গণ্ডা
৭॥ গণ্ডা	=১ পাখী
১৬ পাখী	=১ খাদা

পাখী ও খাদার হিসাবঃ—

১৪ হাত ১৪ অঙ্গুলি=১ নল

৬ নল দীর্ঘ×৫ নল প্রস্থ=১ পাখী

১ খাদা=৫ একর ১ রোড ৩ পোল।

ময়মনসিংহ, সিংধা, দরজিবাজু, রায়দোম, সুসঙ্গ, হুসেনসাহী, নসিরুজিয়াল, খালিয়াজুরী, বাউখন্দ এই সকল স্থানে আড়া পুরার মাপ প্রচলিত।

১৬ কাঠা	=১ আড়া
১৬ আড়া	=১ পুরা।

আড়ার মাপ। যথা ঃ—

১ হাত ৬ অঙ্গুলি=১ গজ

১০০ গজ =১ রশি

২ রশি×১রশি =১ আড়া *

১ পুরা=২৫ একর, ৩ রোড, ১২ পোল।

তপে হাজরাদী, কাশীপুর, নওয়াবাদ, বরৈকান্দী, জোয়ার-

* সুসঙ্গ পরগণায় ২০ ইঞ্চি গজের ২০০ হাত দীর্ঘে ১০০ হাত প্রস্থে এক আড়া।

হুসেনপুর, তপেকুড়িখাই, তুলন্দর, বলরামপুর, ইদগা।—এই সকল স্থানে কাণির মাপ। যথা :—

১৬ কাণি = ১ দ্রোণ

কাণির হিসাব :—১ হাত ৮ অঙ্গুলি = ১ গজ

২৪ গজ = ১ রশি

৩ রশি × ২॥ রশি = ১ কাণি

১ কাণি = ১ বিঘা ১ কাঠা

১ কাণি = ৫ একর, ২ রোড, ১২ পোল।

নিকলী, জয়নসাহী, লতিবপুর—এই সকল স্থানে কাণির মাপ। যথা :—১৬ কাণি—১ দ্রোণ। এই কাণি হাজরাদীর কাণি হইতে পৃথক্। এই কাণি বাহির করিবার প্রণালী :—

১ হাত ৭ অঙ্গুলি = ১ গজ

১০ গজ = ১ রশি

১২ রশি × ১০ রশি = ১ কাণি।

সুতরাং ১ কাণি = ৩ বিঘা ৩ কাঠা ৬ ছটাক অথবা = ১৬ একর, ৩ রোড ১ পোল।

সেরপুর, সাগরদি—

কোরের মাপ প্রচলিত। যথা,—২০ গণ্ডা = ১ কাঠা

২০ কাঠা = ১ কোর

কোরের হিসাব :—১ হাত ৬ অঙ্গুলি = ১ গজ

১২০ গজ = ১ রশি

১ রশি × ১ রশি = ১ কোর।

১ কোর = ৩৷৹ বিঘা অথবা = ১ একর ২৫ পোল।

জফরসাহী, মকিমাবাদ—পাখী ও খাদার মাপ।

পাখী ও খাদার হিসাবঃ—১৬ পাখী=১ খাদা। এই খাদা বড়বাজুর খাদা অপেক্ষা বৃহৎ। যথাঃ—

১৭ হাত ১৭ অঙ্গুলি =১ নল

৬ নল×৫ নল =১ পাখী

১ পাখী =৩ বিঘা ৯ কাঠা।

১ খাদা=২৩ বিঘা ৪ কাঠা অথবা=৭ একর ২ রোড ২৫ পোল।

পাতিলাদহে বিঘা কাঠার মাপ প্রচলিত।

ওজন ও পরিমাণ।

জমির মাপের ন্যায় পরগণায় পরগণায় জিনিসের ওজন এবং পরিমাণেরও বৈলক্ষণ্য লক্ষিত হইবে। নিম্নে তাহা প্রদর্শিত হইলঃ—

পরগণা ময়মনসিংহ, রায়দোম, বাওখণ্ড, তপেসিংধা পরগণা হুসেনসাহী প্রভৃতি স্থানে চাউল, তৈল, পাট, ঘৃত, এবং তামাক ৮৪ তোলা ॥৵০ আনা ওজনে মাপ হয়, অন্যান্য জিনিস ৬০ তোলায় সের। হিসাব এইরূপ ঃ—

৫ সের =১ কাঠা

৪ কাঠা =১ ভোতা

২ ভোতা =১ মণ

২ মণ =১ আড়া।

হুসেনসাহী পরগণায় কোন কোন জিনিসের ৮০ তোলায় সেরও প্রচলিত আছে।

জোয়ার হুসেনপুর—ওজন হুসেনসাহীর ন্যায় একরূপ। হিসাব অন্যরূপ। যথা :—

১০ সের ১=আধি
২ আধি ১=কাঠা
২ কাঠা ১=মণ।

পরগণা কাগমারী—কলাই ও সরিষা ৮৪৷৵০ ওজন, চাউল ও অন্যান্য জিনিস ৬০ তোলার ওজন। হিসাব এইরূপ :—

২৷৹ সেরে ১ চৌয়ান
১৬ চৌয়ানে ১ মণ।

পরগণা জফরসাহী ও মকিমাবাদ—শস্য ও পাট ৮৪৷৵০, অন্যান্য জিনিস ৬০ তোলা। হিসাব এইরূপ :—

৫ সেরে ১ চৌয়ান
৮ চৌয়ানে ১ মণ।

পরগণা সাগরদী—ওজন জফরসাহীর ন্যায় এবং মণের হিসাব ময়নসিংহের ন্যায়।

পরগণে পুখরিয়া—ওজন জফরসাহীর ন্যায়, হিসাব অন্যরূপ। যথা :—

১০ সেরে ১ ধামা
৪ ধামায় ১ মণ।

পরগণে বড়বাজু ও তুলন্দর—ওজন জফরসাহীর ন্যায়, হিসাব অন্যরূপ :—

১০ সেরে ১ কাঠা
৪ কাঠায় ১ মণ।

পরগণে সেরপুর—শস্য ৮২॥০ তোলা ওজনে, অন্যান্য জিনিস ৬০ তোলা। হিসাব:—

৫ সেরে	১ ধারা
৮ ধারায়	১ মণ।

পরগণা সুসঙ্গ—ঘৃত এবং দুগ্ধ ৯০ তোলা ওজনে। তৈল ১০৫ তোলায়, অন্যান্য জিনিস ময়মনসিংহের ন্যায়, হিসাবও ঐরূপ।

পরগণা আটীয়া—সমস্ত জিনিসের ওজনই ৮২॥৶০, হিসাব সেরপুরের ন্যায়।

পরগণা নসিরুজিয়াল—ঘৃত ৯০ তোলা, চাউল ৮৪॥৶০, অন্যান্য জিনিস ৮০ এবং ৬০ তোলার ওজন। হিসাব ময়মনসিংহের ন্যায়।

খালিয়াজুরী—ঘৃত ও তৈল ৯০ তোলা, অন্যান্য জিনিস ৮৪॥৶০ ও ৮০ তোলা। হিসাব ময়মনসিংহের ন্যায়।

তপে হাজরাদী—চাউল, তৈল এবং ঘৃতের ওজন ৮৪॥৶, অন্যান্য ৬০ তোলা হিসাব এইরূপ:—

৭ সেরে (৮৪ তোলার)	১ কাঠা
৪ কাঠায়	১ আড়ি
৪ আড়িতে	১ আড়া
১৬ আড়াতে	১ পুরা।

পরগণে জয়নসাহী—ওজন হাজরাদীর ন্যায়। হিসাব এইরূপ:—

৪ সেরে (৮৪ তোলার)	১ পুরা
৪ পুরায়	১ কাঠা
২০ কাঠায়	১ বিশ।

তপে রণভাওয়াল—সকল জিনিসই ৮২ তোলা ওজনে বিক্রয়

হয়। ধান, চাউল, কলাই, পাট, সবিষা ইত্যাদি ৮৪॥৶০, চিনি ৬৪ তোলা, দুগ্ধ ৮০ তোলা, তৈল ৮০ ও ১১০ তোলায় ওজন হয। হিসাবে কোন গোল নাই।

৪০ সেবে ১ মণ।

কিশোবগঞ্জ বাজাবে দুগ্ধেব মাপ ১২০ তোলায় সেব।

সকল দেশেব ভিন্ন ভিন্ন প্রকাবেব ওজন ও হিসাব সাধাবণ একটী হিসাবে প্রচলিত কবিবাব জন্য চেষ্টা হইয়াছিল। Bengal Social Science Association বিশেষ যত্নও কবিযাছিলেন, ফলে কি হইয়াছে তাহা অপ্রকাশিত।

সপ্তম অধ্যায়।

ভূমির কর ও রাজস্ব।

ভূমির স্বত্ব, জমাব বিবরণ; রাজস্ব।

এই জেলায় সাধারণতঃ ছয় প্রকার ভোগাধিকার স্বত্ব প্রচলিত দেখিতে পাওয়া যায়। (১) জমিদারী, (২) তালুক, (৩) ইজারা, (৪) জোত, (৫) চক, (৬) বর্গা স্বত্ব। এই ছয় প্রকার স্বত্ব ব্যতীত নানকার, নাখেরাজ, ব্রহ্মোত্তর, দেবোত্তর, পীরপাল প্রভৃতিও প্রচলিত আছে।

ভূমির স্বত্ব।

তালুক-স্বত্ব বহু প্রকার। যথা,—খারিজা, সিকিমি, দিখলী,* মিসতাক,† মিরাস পাট্টাই, পত্তনি ইত্যাদি।

এই জেলায় পূর্ব্বে নাওয়ারা ও খাওলা জমি ছিল। মোগল রাজত্ব সময়ে আরাকান ও পর্ত্তুগীজ জলদস্যুদিগের হস্ত হইতে বঙ্গদেশ রক্ষার জন্য বাঙ্গালার বিভিন্ন স্থান হইতে নৌকা ও নৌসৈন্য সরবরাহ করিতে হইত। এই সৈন্য সরঞ্জাম রক্ষার জন্য নাওয়ারা মহালের সৃষ্টি হইয়াছিল। ইংরেজ রাজত্বের প্রারম্ভে ময়মনসিংহ জেলায় যে সকল নাওয়ারা মহাল ছিল, ঢাকা ও মুর্শিদাবাদের নবাব তাহার খাজানা গ্রহণ করিতেন। ১৭৯৯ সনে

* দিখলী স্বত্ব কেবল হাজরাদী ও জোয়ার হোসেনপুরে প্রচলিত।

† মিসতাক স্বত্ব কেবল জয়নসাহী পরগণায় প্রচলিত।

এই জেলার কোন্ কোন্ পরগণা হইতে কোন্ নবাব কত নাওয়ারা খাজানা পাইতেন তাহা নিম্নে প্রদান করা গেল :—

পরগণা।	মোট নাওয়ারা।	মুর্শিদাবাদের নবাব।	ঢাকাব নবাব।
তপে কুড়িখাই হইতে	২৪১৲	০	২৪১৲
তপে হাজরাদী হইতে	৭৭৪৲	৭৫০৲	২৪৲
পরগণা জয়নসাহী হইতে	৮০৬৲	১৮৩।৵০	৬২২॥৵০
„ নসিরুজিযাল হইতে	৮০৬৲	৮০৬৲	০
„ (অস্পষ্ট) হইতে	৬০০৲	০	৬০০৲
„ সিংধা দরজি বাজু হইতে	১৮৯৲	০	১৮৯৲
	৩৪১৬৲	১৭৩৯।৵০	১৬৭৬॥৵০

চিরস্থায়ী বন্দোবস্তের পব নাওয়াবাব অস্তিত্ব প্রায় লুপ্ত হইয়া গিয়াছিল। ঢাকা বা মুর্শিদাবাদের কোন নবাবই স্বীয় প্রাপ্য খাজানা পাইতেন না। অবশেষে তাহাবা রেভিনিউ বোর্ডে প্রতিকাবপ্রার্থী হইলে এই নাওয়াবা মহালগুলিব অনুসন্ধান হয়। এই সময় (১২০৩ বঙ্গাব্দে) শিবপ্রসাদ বসু ঢাকা নাওয়ারা সেরেস্তার কাননগু ছিলেন। তিনিও বহু অনুসন্ধান করেন। অনেক অনুসন্ধানের পর মহালগুলির তত্ত্ব পাওযা যায়। অতঃপর ১৮০৬ অব্দের ১২ই সেপ্টেম্বর হইতে উভয় নবাবই স্বীয় স্বীয় প্রাপ্য খাজানা পাইবেন বলিয়া নির্দ্ধাবিত হয়। ১৮২৩ খ্রীষ্টাব্দে ঢাকার নবাব ও ১৮৩৫ খ্রীষ্টাব্দে মুর্শিদাবাদের নবাবের মৃত্যু হইলে, এই নাওয়ারাগুলি খাস মহালে পরিণত হইয়া যায়।

জমিদারদিগের অধীন অনেক জমি বিনা খাজানায় রক্ষিত হইত। ঐ সকল জমি "হাওলা" জমি। "হাওলা" জমির খাজানার

পরিবর্ত্তে প্রয়োজন অনুসারে জমিদার স্থানীয় গবর্ণমেণ্টকে সাহায্য করিতেন। ১৭৮৭ সনে জেলা-কালেক্টর খাজানাখানা রক্ষার জন্য রেভিনিউ বোর্ডে পাইক নিযুক্তির প্রার্থনা করিলে, বোর্ড জমিদারদিগকে "হাওলা" জমির নিষ্কর ভোগের জন্য পাইক-প্যাদা যোগাইতে বাধ্য করেন। * অতঃপর হাওলা প্রথা উঠিয়া যায়।

জমার বিবরণ।

বাজার ওজন ও ভূমির মাপের ন্যায় পরগণায় পরগণায় জমির খাজানারও তারতম্য আছে। জমির শ্রেণী অনুসারে জমা ধার্য্য হইয়া থাকে। জমির বিভাগ গুণানুসারে, সাধারণতঃ এইরূপ :—

১ম—পাণের বর(জ), ২য়—ইক্ষু, ৩য়—বসত ভিটা, ৪র্থ—পালান, ৫ম—আওয়াল, ৬ষ্ঠ—দুয়ম, ৭ম—ছিয়ম, ৮ম—ছন, ৯ম—লায়েক পতিত, ১০ম—নালায়েক পতিত, ১১শ—চর।

কোন কোন স্থানে জমির শ্রেণী নির্ব্বাচনের ব্যতিক্রমও লক্ষিত হয়। জমার বিশেষ বাঁধাবাঁধি কোন নিয়ম নাই। প্রজাকে সন্তুষ্ট করিয়া যেরূপ হারে গ্রহণ করা যায় সেইরূপই জমা ধার্য্য হইয়া থাকে। প্রকৃত জমা ব্যতীত অনেক স্থলে নানা প্রকার বাজে করও জমার সহিত আদায় করা হইয়া থাকে।

যে সকল জমিতে দুই ফসল উৎপন্ন হয়, কোন কোন পরগণায় সেই সকল জমির উপর দুই হারেও খাজানা ধরা হইয়া থাকে। প্রজার নামেও এক জমিই দুই ফসলের জন্য দুইবার ধরা হয়। ঐ জমাকে "রংওযারি জমা" বলে। হোসেনসাহী পরগণায় ইহা দেখিতে পাওয়া যায়।

* Revenue Board's No. 43, dated 29-5-1787 to the Collector of Bhellua.

রাজস্ব।

মোগল শাসনকালে সরকারী রাজস্ব দাম নামক মুদ্রা দ্বারা প্রদত্ত হইত। রাজস্ব তখন বাঙ্গালার নবাবের নিকট প্রদান করিতে হইত। কোম্পানীর দেওয়ানী গ্রহণের পর কতক দিন সিক্কা টাকা ও কড়ি দ্বারা তাহা প্রদত্ত হইত। ঢাকাতে তখন কোম্পানীর খাজানাখানা ছিল। খাজানা বার কিস্তিতে আদায় করিতে হইত। চিরস্থায়ী বন্দোবস্তের পর হইতে চারি কিস্তিতে রাজস্ব আদায়ের নিয়ম হয়।

এই জেলার ১৯০৫-৬ সালের গবর্ণমেণ্ট আয় নিম্নে প্রদর্শিত হইল :—

ভূমির রাজস্ব—	
চিরস্থায়ী বন্দোবস্ত মহালের	৭৬৮৮২৪৲
ইজারা মহালের	৭১৫১৯৲
খাস মহালের	২৬৪৭৩৲
	৮৬৬৪১৬৲
ডাক টেক্স—(বর্ত্তমান বর্ষ হইতে উঠিয়া গিয়াছে।)	
পাবলিক ওয়ার্ক সেস	২০১০৪১৲
আয় কর	৮৬২৩৪৲
	২৯১২৭৫৲ *
আবকারী	৪৩৮৭৮১৲
আফিম	৪৫৮৫০
ষ্ট্যাম্প বিক্রয়	১১২৪১১৬৲
ষ্ট্যাম্প আইন অনুসারে নানা প্রকারে আদায়	২৮৯১৲
	১৬১১৪১৮৲ †
মোট	২৭৬৯১০৯৲

* ভূমির রাজস্ব, পাবলিক ওয়ার্ক সেস ও আয়করে দাবির টাকা প্রদর্শিত হইল।

† আবকারী ও ষ্ট্যাম্পে আদায়ের টাকা প্রদর্শিত হইল।

শতাধিক বৎসর পূর্ব্বে (১৭৯৫-৯৬) এই জেলার গবর্ণমেণ্টরাজস্ব কত ছিল তাহাও নিম্নে প্রদত্ত হইল :—

	পাউণ্ড	শিলিং	পেন্স
রাজস্ব	৭১৯৯৯	১	০
সরকারী সম্পত্তির নিলামী			
ডাক ফাজিল	১০৫	০	০
পোলিস	১১৩২	১০	১
আবকারী	৬০	১	৩
ঢাকা টাঁকশাল	২৬৫০	৭	৯
অন্যান্য আয়	২৬৭	৭	৬
মোট	৭৭১৫৯	৭	৭

১৭৯৫ অব্দ হইতে ১৮৭০-৭১ অব্দ পর্য্যন্ত কতিপয় বৎসরের এই জেলার গবর্ণমেণ্টের মোট আয় ও ব্যয়ের তালিকা নিম্নে প্রদত্ত হইল :—

		আয়।	ব্যয়।
১৭৯৫	সনে	৭৭১৬০ পাউণ্ড	১২০২৮ পাউণ্ড
১৮২১-২২	”	৯২৯০৮ ”	১৪৫২১ ”
১৮৬০-৬১	”	১৩২০৫১ ”	২৪৪৬০ ”
১৮৭০-৭১	”	১৬১৬১৭ ”	৪৯৫৭৪ ”

অষ্টম অধ্যায়।

স্বায়ত্তশাসন।

মিউনিসিপালিটী; জেলা বোর্ড; লোকাল বোর্ড; গোদারা; পাউণ্ড, ঔষধালয় ও চিকিৎসালয়; টীকা; পথ; পথকর; জলের কল।

মিউনিসিপালিটী।

১৮৫০ সনের ২৭ আইন মতে স্বায়ত্তশাসনের অধিকার প্রদত্ত হয়। ১৮৫৭ সনে এই সহরবাসিগণ স্বায়ত্ত-শাসন লাভের জন্য গবর্ণমেণ্টে আবেদন করেন। তদনুসারে ১৮৫৮ সনের জুলাই মাসে এই সহরবাসীদিগকে স্বায়ত্তশাসনের ক্ষমতা প্রদত্ত হয়। ১৮৫৯ সনে স্বায়ত্তশাসনে বিরক্ত হইয়া সহরবাসিগণ পুনরায় তাহা উঠাইয়া লইবার জন্য গবর্ণমেণ্টসমীপে প্রার্থনা করেন। গবর্ণমেণ্ট এই প্রার্থনায় আর কর্ণপাত করিলেন না।* সেই সময় হইতে এই স্বায়ত্তশাসনের ক্ষমতা চলিয়া আসিতেছে। সেই সময়ে জেলার ম্যাজিষ্ট্রেটই সভাপতি (Chairman) থাকিতেন। নসিরাবাদ নগরে মিউ-নিসিপালিটী স্থাপিত হইবার পর অন্যান্য স্থানের মিউনিসিপালিটী-গুলি ভিন্ন ভিন্ন সময়ে প্রতিষ্ঠিত হইয়াছে। মিউনিসিপালিটীগুলির

* Reynold's Statistics, &c. of 1866-67.

নাম, স্থাপনের তারিখ ও ১৯০৫-০৬ সনের আয় নিম্নে প্রদত্ত হইল :—

মিউনিসিপালিটীর নাম।	স্থাপনের তারিখ।	১৯০৫-০৬ সনের আয়।
নসিরাবাদ	১লা এপ্রিল-১৮৬৯ *	৫৬৫০৭৲
জামালপুর	ঐ	১৩৬৫৭৲
সেরপুর	ঐ	১১০০৫৲
কিশোরগঞ্জ	ঐ	৯৯০৮৲
বাজিতপুর	ঐ	৫৬৫৭৲
মুক্তাগাছা	অক্টোবর-১৮৭৫	৮১৯৭৲
নেত্রকোণা	১লা জানুয়ারী-১৮৮৭	৮৬৩১৲
টাঙ্গাইল	১লা জুলাই-১৮৮৭	১০৭১০৲
	মোট	১২৪২৭২৲

প্রতি দশ বৎসরে প্রত্যেক মিউনিসিপালিটীতে জনসংখ্যা কিরূপ বৃদ্ধি পাইয়াছে, তাহা প্রদর্শিত হইল :—

		১৯০১	১৮৯১	১৮৮১	১৮৭২
নসিরাবাদ	পুং	১০৪০৫	৮৪৩১	৭৬২৩	৬৭৯৫
	স্ত্রী	৪২৬৩	৩১২৪	২৯৩৮	৩২৭৩
	মোট	১৪৬৬৮	১১৫৫৫	১০৫৬১	১০০৬৮
মুক্তাগাছা	পুং	৩৭৭৪	৩২২৪	২৮২০	০
	স্ত্রী	২১১৪	১৬৯৯	১৪৭৫	০
	মোট	৫৮৮৮	৪৯২৩	৪২৯৫	০

* বর্ত্তমান Municipal Administration রিপোর্টগুলিতে এই তারিখ দেখিতে পাওয়া যায়।

		১৯০১	১৮৯১	১৮৮১	১৮৭২
জামালপুর	পুং	৯৭১৩	৮১৯২	৭৪৮১	৭৩১০
	স্ত্রী	৮২৫২	৭১৯৬	৭২৪৬	৭০০২
	মোট	১৭৯৬৫	১৫৩৮৮	১৪৭২৭	১৪৩১২
সেবপুর	পুং	৭০৪৬	৬২১৭	৪৮৩১	৪২৫০
	স্ত্রী	৫৪৮৯	৪৫২৭	৩৮৭৯	৩৭৬৫
	মোট	১২৫৩৫	১০৭৪৪	৮৭১০	৮০১৫
কিশোরগঞ্জ	পুং	৮৪২০	৭১৬৩	৬৩৮১	৬৬৮২
	স্ত্রী	৭৮২৬	৬৮২৫	৬৫১৭	৬৯৫৫
	মোট	১৬২৪৬	১৩৯৮৮	১২৮৯৮	১৩৬৩৭
বাজিতপুর	পুং	৪৯৭২	৪৬৪৭	২২৩২	০
	স্ত্রী	৫০৫৫	৪৭৫২	২৪০৯	০
	মোট	১০০২৭	৯৩৯৯	৪৬৪১	০
নেত্রকোণা	পুং	৬৬৩১	৫৬১৫	০	০
	স্ত্রী	৪৭৭১	৪২০৬	০	০
	মোট	১১৪০২	৯৮২১	০	০
টাঙ্গাইল	পুং	৮৭৭২	১০১৩২	৮৮৬৪	৮০২৯
	স্ত্রী	৭৮৯৪	৭০৪১	৯২৬০	৭৮১৯
	মোট	১৬৬৬৬	১৭৯৭৩	১৮১২৪	১৫৮৪৮

১৮৮৭ সনে এই জেলায় ডিষ্ট্রীক্টবোর্ড (জেলাবোর্ড) প্রাতিষ্ঠিত হয়। জেলার কালেক্টর এই বোর্ডের সভাপতি। সভ্যগণের মধ্য হইতে একজন সহকারী সভা-

জেলাবোর্ড।

পতি নির্ব্বাচিত হইয়া থাকেন। এই বোর্ডে সভাপতিসহ মোট ২৫ জন সভ্য। ইহাদের ১২ জন লোকেল বোর্ডের সভ্যগণ কর্ত্তৃক নির্ব্বাচিত হন ও ১২ জন গবর্ণমেণ্ট মনোনীত করিয়া থাকেন।

১৯০৫-০৬ সনের বোর্ডের আয় নিম্নে প্রদত্ত হইল :—

পথকর	২০০৮২৯
বাকী পথকরের স্থদ	৩১৩
শিক্ষা সম্বন্ধীয় দানের স্থদ	২৬২
পাউণ্ডের খাজনা মোট	৩৬০৪৮
স্কুলের ছাত্রবেতন	১৭৯৯
শিক্ষা সম্বন্ধে দান	২৬০০
শিক্ষা সম্বন্ধে বিবিধ আয়	৭৯৮
ডাক্তারখানার চাঁদা	২৩২৭
ডাক্তারখানা বাবত অন্যান্য আয়	১০৮
প্রেসের আয়	৬৪৫
বাকী পথকরের খরচ আদায় প্রভৃতি	৩৫১০
পুরাতন মাল বিক্রয়	২১১
বিবিধ জরিমানা, ফিস ও জব্দ টাকা	১২০০
গোদারা ঘাটের খাজানা	৪১৪০৯
ভূমির ও গৃহাদির ভাড়া	৯৮১
রাস্তা নির্ম্মাণ জন্য সাহায্য	৪৪৬৯
পূর্ত্ত বিভাগের বিবিধ আয়	৩৭৫
কণ্ট্রাক্টরগণের আমানতি টাকা	২৩৮৯১
গবর্ণমেণ্ট হইতে প্রাপ্ত	১৩৪৯৮৮
মোট আয়	৪৫৬৭৫৬

ময়মনসিংহ জেলাবোর্ড সাধারণতঃ নিম্নলিখিত বিষয়গুলির জন্য অর্থ প্রদান করিয়া থাকেন :—

শিক্ষা, চিকিৎসা, মেলার স্বাস্থ্যোন্নতি ও পশুচিকিৎসা, দুর্ভিক্ষ, রাস্তা, জলাশয় প্রভৃতি।

১৯০৫-০৬ সনে ময়মনসিংহ জেলাবোর্ড এই সকল কার্য্যের জন্য কত টাকা খরচ করিয়াছিলেন তাহা নিম্নে প্রদত্ত হইল :—

আফিস ও আমলা খরচ	১৫১৩৩৲
খোঁয়াড় বাবত খরচ	৩৬৯৯৲
শিক্ষা ..	৮৭১৮১৲
চিকিৎসা . ..	২৩৪১০৲
মেলা ও পশুচিকিৎসা ..	১৯৫১৲
পেন্সন ..	১১৮৲
ষ্টেশনারি ও প্রিন্টিং ..	৩৮১৩৲
বিবিধ ...	১৯৮৩৲
গৃহাদি প্রস্তুত ও মেরামত	১১১৪০৲
রাস্তা প্রস্তুত ও মেরামত ...	১৯৭৮০৪৲
জলাশয় খনন ও মেরামত ...	১৭২১৪৲
ইঞ্জিনিয়ার আফিসের ব্যয় ..	২৫৬৯৩৭৲
চাঁদা আদায় .	৩০৮৮৲
আমানতি টাকা ফেরত ...	২৪৭৫৬৲
মোট ব্যয়	৪২২০৬৯৲

ময়মনসিংহ জেলাবোর্ডের পরিমাণফল **৬২৭৮** বর্গ মাইল ও লোকসংখ্যা ৩৮০৯৬৭১।

জেলা বোর্ডের কার্য্যসৌকর্য্যার্থে জেলার পাঁচ বিভাগে পাঁচটী লোকাল বোর্ড আছে। যথা—সদর, জামালপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল ও নেত্রকোণা। জনসাধারণের মতে লোকাল বোর্ডের সভ্য নির্ব্বাচিত হইয়া থাকে। লোকাল বোর্ডগুলির পরিমাণফল ও লোকসংখ্যা নিম্নে প্রদত্ত হইল :—

লোকাল বোর্ড।

লোকাল বোর্ড।	পরিমাণফল।		লোকসংখ্যা
সদর লোকাল বোর্ড	১৮৪৫·৫	বর্গ মাইল	৯৫৬৯২০
জামালপুর ,,	১২৬৭·৮	,,	৬৪২৮৯৮
কিশোরগঞ্জ ,,	৯৭৫	,,	৬৯২৯১১
টাঙ্গাইল ,,	১০৫৩	,,	৯৫৩৫৭৩
নেত্রকোণা ,,	১১৩৭	,,	৫৬৩৩৬৯
মোট জেলাবোড	৬২৭৮·৩	,,	৩৮০৯৬৭১

গোদারা।

বর্ত্তমান সময়ে এই জেলায় ১৮৪টা গোদারা ঘাট আছে। পূর্ব্বে ভূম্যধিকারিগণই নিজ নিজ এলাকার গোদারার আয় গ্রহণ করিতেন। ১৮১৬ সনে গবর্ণমেণ্ট গোদারার স্বত্ব নিজহস্তে গ্রহণ করেন।* এই ঘাটগুলির মধ্যে ৩টা গবর্ণমেণ্টের ও বাকী ১৮১টী জেলাবোর্ডের অধীন।

পাউণ্ড।

এই জেলায় বর্ত্তমান সময়ে ২৯৬টা পাউণ্ড বা খোঁয়াড় আছে।

ঔষধালয় ও চিকিৎসালয়।

নসিরাবাদ নগর স্থাপিত হইলে, ১৭৯১ সনে জেলার কালেক্টর একজন সার্জ্জন নিয়োগের জন্য গবর্ণমেণ্টে লিখেন। তদনুসারে এই জেলায় প্রথম ইংরেজী চিকিৎসার সূত্রপাত হয়। অতঃপর সদরে

* R. Board's letter dated 4-10-1816.

দাতব্য চিকিৎসালয় স্থাপিত হয়। ১৮৬৫ সনে গৌরীপুরের ভূম্যধিকারিণী বিশ্বেশ্বরী দেবী এই চিকিৎসালয়ের সাহায্য জন্য গবর্ণমেণ্টের হস্তে অর্থদান করেন। বর্ত্তমান সময়ে ঐ অর্থ সহ এই চিকিৎসালয়ের জন্য ১৫০০০৲ টাকা গবর্ণমেণ্টে গচ্ছিত আছে। ঐ টাকার সুদ, জেলাবোর্ডের সাহায্য ও সাধারণের চাঁদা দ্বারা এই চিকিৎসালয়ের কার্য্য পরিচালিত হইতেছে। এই চিকিৎসালয়ের সঙ্গে মহারাজ সূর্য্যকান্তের প্রতিষ্ঠিত মেকেঞ্জী-আই-ওয়াড নামে একটী চক্ষুচিকিৎসালয় আছে। এতদ্ব্যতীত সদরে একটী মহিলা চিকিৎসালয়ও স্থাপিত হইয়াছে। এই মহিলাচিকিৎসালয়টি মুক্তাগাছার বিদ্যাময়ী দেবীর অর্থে প্রতিষ্ঠিত হইয়াছে। সন্তোষের মন্মথনাথ রায় চৌধুরীর অর্থে একটী পশুচিকিৎসালয় ময়মনসিংহে স্থাপিত হইতেছে।

বর্ত্তমান সময়ে এই জেলায় ৩৩টী দাতব্য ঔষধালয় আছে। ৩৩টী ঔষধালয়ের মধ্যে এগারটী ডিষ্ট্রীক্ট বোর্ডের অধীন। যথা:—

১। কেদারপুর, ২। ইতনা, ৩। ধলা, ৪। দেওয়ানগঞ্জ, ৫। দুর্গাপুর, ৬। কেন্দুয়া, ৭। মাদারগঞ্জ, ৮। ফুলপুর, ৯। দিঘপাইত, ১০। তারাগঞ্জ, ১১। কটিহাদি।

৯টী জেলা বোর্ডের মাসিক সাহায্য পাইয়া থাকে।

যথা:—১২। সদর হাসপাতাল, ১৩। জামালপুর, ১৪। হয়বৎনগর, ১৫। নেত্রকোণা, ১৬। সেরপুর, ১৭। বাজিৎপুর, ১৮। বল্লা, ১৯। পিঙ্গনা, ২০। ভৈরব।

১টী গবর্ণমেণ্টের খরচে পরিচালিত হয়।

যথা:—২১। সরিষাবাড়ী।

অবশিষ্ট ১২টী স্থানীয় ভূম্যধিকারিদিগের নিজ নিজ অর্থে পরিচালিত হইয়া থাকে। যথা:—

২২। টাঙ্গাইল, ২৩। সন্তোষ, ২৪। করটীয়া, ২৫। জামুর্কী, ২৬। আঠারবাড়ী, ২৭। রামগোপালপুর, ২৮। আম্বাড়িয়া, ২৯। ঝাওয়াইল, ৩০। মুক্তাগাছা, ৩১। ফুলবাড়িয়া, ৩২। দুয়াজানী, অবশিষ্ট ১টী ৩৩। সুবর্ণখালা। তাহা পারিবারিক ডাক্তারখানা। বেতবাড়ীতে একটী ডাক্তারখানা ছিল তাহা উঠিয়া গিয়াছে।

ময়মনসিংহ জেলাবোর্ড ঢাকা নগরস্থিত ময়মনসিংহবাসীর চিকিৎসার জন্য ঢাকা মিটফোর্ড হাঁসপাতালেও বাৎসরিক ১০০ টাকা সাহায্য দান করিয়া থাকেন।

টীকা। পূর্ব্বে বাঙ্গলা টীকার প্রথা ছিল। বর্ত্তমানে ইংরেজী টীকা প্রথা প্রচলিত হইয়াছে। টীকাদারগণ সরকারী ডাক্তারের (Civil Surgeon)এর অধীন। বিগত ১৪ বৎসরে (১৮৯২-১৯০৬) এ জেলায় হাজারে ২৩ হইতে ৫০টী টীকা ফলপ্রদ হইয়াছে।

পথ। ইংরেজ রাজত্বের প্রথমভাগে এই জেলায় কোন বাঁধা পথ ছিলনা। রস সাহেব কালেক্টর হইয়া কয়েদিদিগের দ্বারা নসিরাবাদ নগরের মধ্যভাগের ও নদীর পারের সড়ক প্রস্তুত করান।* কিছু কাল পরে নগরের ভিতরের সড়ক উত্তরে জামালপুর ও নদীর পারের সড়ক দক্ষিণে টোক পর্য্যন্ত বিস্তৃত হয়। এবং প্রথমোক্তটীর একটী শাখা মুক্তাগাছা হইয়া মধুপুর জঙ্গলের ভিতর দিয়া সুবর্ণখালী যায়। এই

* Collector's Report to the Board of Revenue, dated 5-11-1800.

তিনটী পথ অতিক্রম করিতে মাঝে মাঝে যে খাল বিল অতিক্রম করিতে হইত তাহা হাঁটিয়া বা নৌকাযোগেই পার হইতে হইত। কোন কোনটীতে বাঁশের সাঁকো ছিল। ইহার পর ১৮৬৬ সালে রেনল্ড সাহেবের বিবরণী পাঠে উপর্য্যুক্ত তিনটী পথের কোন কোনটীতে ইষ্টকনির্ম্মিত সেতু ছিল বলিয়া অবগত হওয়া যায় এবং অতিরিক্ত আরও কয়েকটী রাস্তার বিষয় জানা যায়। যথাঃ— জামালপুর হইতে কাড়বাড়ী, ৩০ মাইল। জামালপুর হইতে সেরপুর ৯ মাইল। জামালপুর হইতে পিঙ্গনা ৩২ মাইল। হোসেন পুর হইতে কিশোরগঞ্জ হইয়া করিমগঞ্জের রাস্তা, ২৫ মাইল ও সদর হইতে শম্ভুগঞ্জ হইয়া গৌরীপুরের ১১ মাইল রাস্তাও সেই সময়ে ছিল। সেরপুর হইতে পিয়ারপুর ১৬ মাইল এবং এগারসিন্দুর হইতে ফতেপুরের ১৪ মাইল রাস্তা দুইটীও সেই সময়ে হইতেছিল। সুতরাং ১৮৬৬-৬৭ সন পর্য্যন্ত এ জেলায় নসিরাবাদ নগরের ক্ষুদ্র ক্ষুদ্র গলি ব্যতীত ২৮৪ মাইল * মাত্র রাস্তা প্রস্তুত হইয়াছিল।

১৮৬৬ সনে সুবর্ণখালী রাস্তাটাকে পাকা করিয়া গবর্ণমেণ্ট রাস্তা করিবার প্রস্তাব হয় এবং প্রস্তাব কার্য্যে পরিণত হয়।

বর্ত্তমান সময় পর্য্যন্ত এই জেলায় জেলা বোর্ডের অধীন প্রায় সহস্র মাইল রাস্তা আছে ও স্থানীয় বোর্ড সমূহের তত্ত্বাবধানে ১৬৮০ মাইল রাস্তা আছে। জেলা বোর্ডের অধীন রাস্তাগুলির দূরত্বসহ নাম ও কোন্ লোকাল বোর্ডের অধীন, কত মাইল রাস্তা আছে তাহা প্রদত্ত হইল। (পরিশিষ্ট "জ" দ্রষ্টব্য।)

এই জেলার সদর ষ্টেশন হইতে পার্শ্ববর্ত্তী জেলাসমূহের সদর

---

* রেনল্ড সাহেব সেরপুর, পিয়ারপুর ও এগারসিন্দুরের রাস্তার জন্য ৩০ মাইল বাদ দিয়া ২৫৪ মাইল দেখাইয়াছেন—Reynold's Account.

ষ্টেশনে যাওয়ার রাস্তাগুলিরও বিবরণ প্রদত্ত হইল। (পরিশিষ্ট "ঝ" দ্রষ্টব্য।)

পথকর।

১৮৭২ সনের ১লা সেপ্টেম্বর এ জেলায় পথকর স্থাপিত হয়, এবং ঐ সনের ১লা নবেম্বর হইতে পথকর গৃহীত হইতে থাকে।* তৎকালে তাহা রোড্-সেস্ কমিটীর হাতে ছিল; জেলা বোর্ড স্থাপিত হইলে তাহা জেলা বোর্ডের অন্তর্ভুক্ত হইয়াছে।

জলের কল।

সদর ষ্টেশন ব্যতীত জেলার অন্য কোন স্থানেই জলের কল নাই। নসিরাবাদের জলের কল "রাজরাজেশ্বরী ওয়াটার ওয়ার্কস্" নামে পরিচিত। মহারাজা সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর স্বীয় পত্নীর নামে এই জলের কল স্থাপন কল্পে ১১৪০০০৲ টাকা দান করেন। জলের কলের জন্য ১৪২২৭৮৮৴২ পাই ব্যয় হইয়াছিল। ময়মনসিংহ ডিষ্ট্রীক্ট বোর্ড ৩০ ত্রিশ সহস্র টাকা প্রদান করিয়াছিলেন। ১৮৯৩ সনের ১লা অক্টোবর নাসিরাবাদ মিউনিসিপালিটী এই জলের কলের ভার গ্রহণ করেন।

* General Administration Report, 1873-74

নবম অধ্যায়।

দেশের অবস্থা।

সুভিক্ষ ও দুর্ভিক্ষ—নবাবী আমলের বাজার দর; ছিয়াত্তরের মন্বন্তর; সন্ন্যাসী-বিদ্রোহ; ইংরেজশাসন প্রারম্ভের বাজার দর; দ্রব্যের বিনিময়; শতবৎসর পূর্ব্বের ক্রিয়াকাণ্ডের খরচ; "বার কাইঠ্যা আকাল"; আধুনিক দুর্ভিক্ষ ও বাজার দর। দস্যুতা মদন ডাকাত; প্রবাসের ভয়; গামছামোড়ার দল; হুসেনডাকাত; ঠগ। শ্রমজীবী শ্রমজীবীর বেতন; সাহেবদিগের চাকরের বেতন। জীবিকা—ব্যবসায়ীর অনুপাত; চাকরিজীবীর সংখ্যা। জল বায়ু। জন্ম মৃত্যু। বৃষ্টি। ভূমিকম্প।

সুভিক্ষ ও দুর্ভিক্ষ।

নবাবী আমলের বাজার দর।

সপ্তদশ শতাব্দীতে, সায়েস্তা খাঁর শাসন সময়ে, এতৎ প্রদেশে চাউল টাকায় আট মণ বিক্রয় হইত। অন্যান্য দ্রব্যও এইরূপ সুলভ ছিল। ক্রমে বাজার দর বৃদ্ধি হইয়া যায়; এবং মুর্শিদকুলী খাঁর সময় টাকায় চারিমণ চাউল বিক্রয় হইতে থাকে। অষ্টাদশ শতাব্দীর প্রথমভাগে পুনরায় এতদঞ্চলে সুভিক্ষ দেখা দেয়। ১১৪৬ বঙ্গাব্দের একখানা হস্তলিখিত গ্রন্থের জীর্ণ পৃষ্ঠায় ঐ সনের একখানা বাজার-ফর্দ্দ পাওয়া গিয়াছে। ঐ ফর্দ্দের এক পৃষ্ঠে "নারায়ণের পদ্মাপুরাণ" লিপিবদ্ধ হইয়াছে ও অপর পৃষ্ঠে কথিত বাজার ফর্দ্দ লিখিত

রহিয়াছে। এই ফৰ্দ্দ হইতে সেই সময়ের বাজার-দর অবগত হওয়া যায়।

ফৰ্দ্দ এইরূপ :—

/৭ শ্রীশ্রীদুর্গা

১১৪৬ সন।

তোরিখ শুক্কুরবার।

কাঁচা মরিচ আদা পিয়াজ রশুন	..	...	৴১০ কৌড়ি
খেশারি ডাইল /১	.	...	১ দামড়ি *
লবণ	..	...	১ দামড়ি
* * * *			৵১০ কৌড়ি
মাছ ...	...	...	/০ কৌড়ি

* * যুগীর কাপড়ের দাম

এই হাটে দিবাহ— ৫ দাম

* * * *

সরফরাজ খাঁর শাসন সময়ে (১৭৪০ খ্রীষ্টাব্দে) ঢাকায় চাউলের মণ পুনরায় ৵০ আনা হইয়াছিল। উপর্য্যুক্ত ফৰ্দ্দও ঠিক সেই সময়ের; সুতরাং এই হিসাবে এতদ্ অঞ্চলেও চাউলের সের ১ দামড়ি ও মণ ৵০ আনা ছিল। জিনিসের এইরূপ সুলভ মূল্য কত দিন ছিল অবগত হওয়া যায় না।

---

* ৮ দামড়ি=১ দাম। ৪০ দাম=১৲ টাকা। সুতরাং তখনকার ১ দামড়ি বর্ত্তমান আধ পয়সার কিছু কম।

ছিয়াত্তরের মন্বন্তর।

১৭৬৯ খ্রীষ্টাব্দে সমস্ত বঙ্গে ভীষণ দুর্ভিক্ষ উপস্থিত হয়। এই দুর্ভিক্ষ ইতিহাস-প্রসিদ্ধ "ছিয়াত্তরের মন্বন্তর"। এই দুর্ভিক্ষে এ জেলার বহুলোক অন্নাভাবে স্ত্রীপুত্র বিক্রয় ও শেষে আপনাকে বিক্রয় করিয়াছিল। মনুষ্য বিক্রয়ে দলিল সম্পাদন করিতে হইত। ঐ সকল দলিল পর্য্যালোচনা করিলে দেখা যায়, এই সময়ে এক একটী মানুষ দুই তিন টাকায় বিক্রয় হইত। ভূমির মূল্য প্রতি কাণি ৷৷০ আট আনা হইতে তিন চারি টাকা পর্য্যন্ত ছিল। চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্ব পর্য্যন্ত এ জেলায় অল্পাধিক পরিমাণে এই দুর্ভিক্ষ চলিয়াছিল। বহুলোক এই দুর্ভিক্ষের তাড়নায় দস্যুবৃত্তি অবলম্বন করিয়াছিল। এই দুর্ভিক্ষের সময় অবস্থাপন্ন লোকে বহু দিঘী, পুষ্করিণী ও ইষ্টকালয় প্রস্তুত করাইয়া বহুলোকের আহার যোগাইয়াছেন। দরিদ্রলোক পেটের জ্বালায় তখন কেবল আহার পাইয়াই মজুরী করিত। এই মন্বন্তর সময়ে কিশোরগঞ্জের অন্তর্গত কাটাখালীর পরামাণিকদিগের একুশরত্ন ও বিশাল দীর্ঘিকার প্রতিষ্ঠা হইয়াছিল, এবং মধুপুরের বারতীর্থের সুবৃহৎ পুষ্করিণীটির সংস্কার হইয়াছিল। কথিত আছে এরূপ দুর্ভিক্ষ এতদ্দেশে কখনও হয় নাই।

সন্ন্যাসী-বিদ্রোহ।

এই দুর্দ্দিনে বাঙ্গালার সেই ভীষণ সন্ন্যাসীবিদ্রোহ ক্রমে ময়মনসিংহে উপস্থিত হয়। বহুলোক অনন্যোপায় হইয়া এই দস্যুদলভুক্ত হইতে থাকে। সরকারী কাগজ পত্রে অবগত হওয়া যায়, ১৭৮১ হইতে ১৭৯১ অব্দ পর্য্যন্ত ময়মনসিংহ জেলায় এই দস্যুদিগের অত্যাচার চলিয়াছিল।*

* MSS records of the Board of Revenue by W W Hunter & Collector's letter to Governor General in Council, &c., 12-1 1791.

মধুপুরের নিবিড় অরণ্যে এই সন্ন্যাসীদলের আড্ডা ছিল। ইহাদের ভীষণ অত্যাচারে ময়মনসিংহ জেলার অনেক জমিদার বিপন্ন হইযাছিলেন। সন্ন্যাসী বিদ্রোহের অবসান হইলে দুর্ভিক্ষ নিবারিত হয়। এই দুর্ভিক্ষ সময়ে দেশে খাদ্য দ্রব্য ও প্রয়োজনীয় জিনিষের অভাব হইয়াছিল, অর্থ দ্বারাও তাহা ক্রয় কবিতে পাওয়া যাইত না। যাহাব ঘরে কিছু কিছু অন্ন ও অর্থ থাকিত তাহারা অপর লোকের ভয়ে ও দস্যুভয়ে একরূপ অর্দ্ধাশনে দিন কর্ত্তন কবিত। হাটে বাজারেও জিনিস পাওযা যাইত না।

ইংরেজশাসন প্রারম্ভের বাজার দর।

চিরস্থাযী বন্দোবস্ত নির্দ্ধারিত হইয়া গেলে এই জেলার অবস্থা পুনবায় পরিবর্ত্তিত হয় এবং জেলায় সুভিক্ষ দেখা দেয়। এই সময় হাটে বাজারে জিনিসের মূল্য কিরূপ ছিল তাহা তৎকালীন জেলা কালেক্টবের বার্ষিক বিবরণী হইতে উদ্ধৃত করা গেল।*

জিনিস	পরিমাণ		মূল্য
ধান্য	১/	।০ হইতে	।৵০
চাউল	১/	৷৹০ ”	১৲
অবহব দাইল	১/	৷৹০ ”	১৲
সরিষার তৈল	১/	৪৲ ”	৬৲
ঘৃত	১/	৮৲ ”	১০৲
তামাক	১/	২৲ ”	৪৲
লালীগুড়	১/	১॥০ ”	২৲
চিনি	১/	৩৲ ”	৪৲

* Annual Report submitted by Mr. F. Le, Gross. Collector) to the Board of Revenue, dated 1-1-1796

জিনিস	পরিমাণ		মূল্য
শুপারি	১/	৭৲ হইতে	১০৲
কার্পাস	১/	৩৲ ”	৪৲
আবির	১/	৫৲ ”	৬৲
কিশোরগঞ্জ ও বাজিতপুরের			
তঞ্জাব প্রতি থান		৪৲ ”	১৫৲
সাধারণ পরিধেয় ধুতি	১ থান	৵০ ”	॥০
হস্তী	১ টা	৫০৲ ”	১০০৲

দ্রব্যের বিনিময়।

এই সময় দেশে অর্থের অভাব ছিল' জিনিসের তেমন অভাব ছিল না। অর্থাভাবে এক দ্রব্যের বিনিময়ে অন্য দ্রব্য পাওয়া যাইত। অতিবৃষ্টি অনাবৃষ্টি বা অন্য কোন দৈবদুর্ব্বিপাকে ফসল নষ্ট না হইলে, টাকার অভাব তখন কেহ অনুভব করিত না। যুগী বস্ত্র-বিনিময়ে কৃষকের নিকট হইতে ধান চাউল গ্রহণ করিত। কৃষক ও তাহার কৃষিজাত দ্রব্যের বিনিময়ে তৈল, লবণ, মৎস্য প্রভৃতি প্রয়োজনীয় জিনিস সংগ্রহ করিত। সরকারী রাজস্ব প্রদান ও তদনুরূপ গুরুতর কার্য্য ব্যতীত নগদ মুদ্রার প্রয়োজন প্রায় হইত না। ভৃত্যের বেতন প্রভৃতিও ক্ষেত্রের ধান্য দ্বারাই প্রদত্ত হইত।

তৎকালে বিবাহ শ্রাদ্ধ প্রভৃতি বৃহৎ ব্যাপারও অতি সামান্য ব্যয়ে সম্পাদিত হইত। ১৮৩৮ খৃষ্টাব্দে টেইলার সাহেব Topogarphy of Dacca নামক গ্রন্থ লিখিয়াছিলেন। ঐ গ্রন্থে তিনি দরিদ্র হিন্দু ও মুসলমানদিগের বিবাহ-ব্যয় এইরূপ লিখিয়াছেন।

শত বৎসর পূর্ব্বের ক্রিয়া কাণ্ডের খরচ।

হিন্দুর বিবাহের ব্যয়।		মুসলমানের বিবাহের ব্যয়	
ব্রাহ্মণ	১৲	কাজী	॥০
বর-কন্যার কাপড়	২৲	বর-কন্যার কাঁপড়	৩৲
শাঁখা ও অন্যান্য		চিরুণী প্রভৃতি	।০
অলঙ্কার	২৲	অলঙ্কার	॥০
চিরুণী ও সিন্দুর	।০	নাপিত	।০
বাদ্যকর	।০	ভোজন ব্যয়	২৲
বর-কন্যার মুকুট	১৲	বাদ্যকর ও অন্যান্য	৩৲
ধোপা	।০	বর-কন্যার মুকুট	॥০
নাপিত	।০		———
ভোজন ব্যয়	২৲		১০৲
বাজে খরচ	৹৲		
	১০৲		

ধনী সম্প্রদায়ের ব্যাপারাদিতে কিরূপ ব্যয় হইত তাহা দেখাইবার জন্য এই জেলার কোন প্রাচীন জমিদার পরিবারের শত বৎসর পূর্ব্বের একটী ব্যাপারের ব্যয়-তালিকা নিম্নে প্রদত্ত হইল :—

শ্রীশ্রীদুর্গা।

সন ১২১১

হিসাব জিনিষ খরিদ হাট সাহাগঞ্জ।

তেরিখ ২৮শে জ্যৈষ্ঠ।

আসামী—	জিনিস—	রোপৈয়া—	কৌড়ি--
হরিদ্রা	/২ সের		।৶০
সিন্দূর	১ দফা		৶১০
চূণ	/২॥০ সের		/১০

আসামী—	জিনিস—	রোপৈয়া —	কৌড়ি—
পান	২০ কুড়ি		১৷৷০
তামাক	৴১ সের		৴০
ডিঙ্গা কলা	১ ছড়ি		৸৶০
মরিচ	৴২ সেব		।৶০
আদা	৴১ সের		৶১০
মাষকলাই	৴৫ সেব		১।৵০
মসলা	১ দফা		৵১০
দাইল	৴৭৷৷ সের		।৶১০
লবণ	৴৭ সেব		৪।৵০
চিনি	” ”		।৴১০
আমলি	৴২৷ সের		৶১৫
ভাব	৫ টা		৵১০
কাছলা	২ টা		৵০
পাতিল	৫ টা		৴১৭৷৷
× ×	২ টা		৴১০
তেজপাতা	১ দফা		৴০
টিকিয়া	১ দফা		৴০
বাঁশ	১ দফা		১৸০
পাট	১।০ সের		৶১৫
সম্বুক লবণ	× ×		।৵০
ডিম	১ দফা		৴০
ছিকর	১ দফা		‹২৷৷০
লঙ্গ	৷ তোলা		।০

আসামী -	জিনিস -	বোপৈয়া—	কৌড়
সাদা কাগজ	১॥ দিস্তা		।০
শুপারি	।০ সের	•	৫॥৵০
মৎস্য	১ টা		৶০
মটুকের গাঙ্গচা গং	১ দফা		৶০
× ×			।৵০
না৽ কেরেয়া × ×			
আয়েনা মাল			॥০
কেবলা পাটুনি			।৶০
ভুয়াবযা পাটুনি			৵০
			২১॥/০
সাবেক পাওনা ইত্যাদি			১॥৶৫
বাদ কৈফিযত ফেরত			॥৵০
			২৩৸৵৫

কাপড

গুনি	১ জুব	৸০
(অস্পষ্ট)	৩ খান	১৸৶০
পাঁচ হাতি	১ খান	।০
গামছা	১ খান	/৫
গজি	১ খান	॥/১০
একপাট্টা	১ খান	॥৶০
পাগোড়ি পটকা	৪ গাছ	৸১০
		৫৻৫

এই সময় টাকায় সোওয়া তিন কাহনের অধিক কড়ি পাওয়া যাইত। ফর্দ্দের লিখিত ২৩৸৶৫ কড়ি ৭৲ টাকার বিনিময়ে পাওয়া গিয়াছিল। সুতরাং এই ব্যাপার ১২৲ টাকায় সম্পূর্ণ হইয়াছিল।

চাউল, চিড়া, তৈল প্রভৃতির ব্যয় এই ফর্দ্দে নাই। এই সকল দ্রব্য ক্রয় করিলেও বোধ হয় ২০৲ কুড়ি টাকার অধিক ব্যয় হইত না।

এই সময়ে দুর্গোৎসবাদি প্রধান প্রধান ক্রিয়া কলাপেও এই প্রকার ব্যয় হইত। ১২২৮ সনে উক্ত জমিদার বাড়ীর দুর্গোৎসবে ১৯।৴০ আনা খরচ হইয়াছিল। তখন কড়ি টাকায় ৫৶০ কাহন পাওয়া যাইত। তৈল টাকায় ৴৫ সের ও গুড় টাকায় ।৫ সের পাওয়া যাইত। গাঁজা ৴। পোয়া ।০ আনা। এই পূজায় কীর্ত্তন ও নাচের জন্য ১৲ টাকা খরচ হইয়াছিল।

সে কালে শস্য হানি হইলে দেশে দুর্ভিক্ষ দেখা দিত। কিন্তু দুর্ভিক্ষে ধান চাউল বর্ত্তমান সময়ের ন্যায় মহার্ঘ হইত না।

"বারকাইট্টা আকাল।"

"বারকাইট্টা আকাল
ক্ষেতে ক্ষেতে অকাল।"

এই "আকালে" এ জেলার ধান টাকায় বার কাঠা বা দেড় মণ বিক্রয় হইয়াছিল। অর্দ্ধ শতাব্দী পূর্ব্বের এই ভীষণ "বারকাইট্টা আকালের" কথা ততোধিক বর্ষ বয়স্ক বৃদ্ধদিগের নিকট অবগত হওয়া যায়। এই "আকাল" সম্বন্ধীয় প্রচলিত প্রবাদটী দ্বারা অনুমান করা যায় যে টাকায় বার কাটা ধান পাইলেও লোকে উহা ভীষণ "আকাল" বলিয়া মনে করিত।

"বার কাইট্টা" দুর্ভিক্ষের পর ১৮৬৬ ও ১৮৭৪ সনের দুর্ভিক্ষের

আধুনিক দুর্ভিক্ষ ও বাজার দর।

কথা উল্লেখযোগ্য। ১৮৬৬ সনে ধানের মণ ১৸৴০ আনা ও চাউলের মণ ৪৶০ আনা হইয়াছিল। ১৮৭৪ সনের দুর্ভিক্ষের পূর্ব্বে ও দুর্ভিক্ষের সময় খাদ্য দ্রব্যের মূল্য কিরূপ ছিল তাহা জেলা বিবরণী হইতে উদ্ধৃত হইল।*

জিনিস		১লা এপ্রেল ১৮৭৩	৩১শে মার্চ্চ ১৮৭৪
বুট	১/	২৸০	৩৲
অরহর দাইল	১/	৪৲	৪৲
মুগ দাইল	১/	৭৲	৪৲
মাষ দাইল	১/	২॥০	২॥০
খেসারী দাইল	১/	২।০	৩৴০
মশুরী দাইল	১/	৩৲	৩৸৴০
মটর দাইল	১/	২।০	৩॥৴০
সাধারণ চাউল	১/	১।০	৪৲ হইতে ৪।৴০

এই বৎসর ৬৮·০৭ ইঞ্চি মাত্র বৃষ্টি হইয়াছিল। এই অনাবৃষ্টিতে দুর্ভিক্ষের সঞ্চার হয়। এই দুর্ভিক্ষ পরবর্ত্তী কয়েক বৎসর চলিয়াছিল। ১৮৭৮ সনে যমুনা ও ব্রহ্মপুত্রের জলপ্লাবনে ও ১৮৭৯ সনের অতিবৃষ্টিতে দেশ শস্যশূন্য হইয়া যায় এবং ভীষণ দুর্ভিক্ষ দেখা দেয়। এই সময়ে খাদ্য দ্রব্যের মূল্য কিরূপ বৃদ্ধি পাইয়াছিল তাহা নিম্নে প্রদত্ত হইল :—।

মুগ দাইল	৫॥০—৮৸০
মাষ দাইল	৩॥০—৬৲

* District Administration Report of 1872-73.

† Annual Administration Report, 1879-80 by N. S. Alexander, Collector, Mymensingh.

বুট দাইল	৪॥০—৫।০
অরহর দাইল	৪॥০—৬॥০
মশুরী দাইল	৪।০—৭।০
খেসারী দাইল	৩॥০—৫৲
চিনা	২॥০ টাকায় ।৬ সের।

এই দুর্ভিক্ষে টাঙ্গাইল অঞ্চলের বহুলোক মৃত্যুমুখে পতিত হইয়াছিল। এই সময় টাঙ্গাইলে ধান একেবারেই পাওয়া গিয়াছিল না। লোক চিনা খাইয়া জীবন ধারণ করিয়াছিল। চিনাও টাকায় ৶৬॥ সের হইয়াছিল। সদর মহকুমায় প্রথমে চাউল ৶৫॥০ সের করিয়া বিক্রয় হইয়াছিল; পরে সহরেও চাউল অভাব হইয়াছিল। সে সময় মোটা চাউল কলিকাতা হইতে গোয়ালন্দ পর্য্যন্ত রেলে ও তথা হইতে নৌকা যোগে ময়মনসিংহে আসিত। এই সময়ে দিবা দ্বিপ্রহরে কালেক্টরী কাছারীর সম্মুখে ব্রহ্মপুত্র নদে একখানা চাউল বোঝাই নৌকা লুঠ হইয়া গিয়াছিল। সে দুর্ভিক্ষে অনেক লোক কচু এবং কলাগাছ খাইয়া জীবন রক্ষা করিয়াছিল।

বিগত ১২৯৯ সনের দুর্ভিক্ষে নেত্রকোণা মহকুমায় সাধারণ চাউল টাকায় ৶৪ সের পর্য্যন্ত বিক্রয় হইয়াছিল। অন্যান্য স্থানেও ৭৲ হইতে ১০৲ পর্য্যন্ত হইয়াছিল। এই সময় ফিলিপ্স সাহেব ময়মনসিংহের মাজিষ্ট্রেট কলেক্টর। ফিলিপ্স সাহেব কলিকাতা হইতে বহু সহস্র টাকার চাউল আনাইয়া সামান্য মূল্যে বিক্রয় করিয়া বহু প্রাণীকে অকালমৃত্যু হইতে রক্ষা করিয়াছিলেন। অনেক ভূম্যধিকারী এবং সভাসমিতি হইতেও দরিদ্র লোকেরা সাহায্য পাইয়াছিল।

বর্ত্তমান বর্ষের ন্যায় ভীষণ দুর্ভিক্ষ এ অঞ্চলে এ পর্য্যন্ত হয় নাই। এই দুর্ভিক্ষে চাউলের মূল্য ১১৷৷০ টাকা হইতে ১২৲ টাকা মন পয্যন্ত বিক্রয় হইয়াছিল। এই বৎসর পাটের মূল্য ইহা অপেক্ষা উচ্চ থাকায় কৃষককুলকে তেমন ক্ষতিগ্রস্থ করিতে পারে নাই।

দস্যুতা।

সে সময় দস্যুর ভয়ে দেশের লোক অস্থির থাকিত। অনেক ভদ্র গৃহস্থ তখন দস্যু তস্কর প্রতিপালন করিতেন। দেশ জঙ্গলে পরিপূর্ণ ছিল। ঐ সকল জঙ্গলে হিংস্র জন্তুর ন্যায় দস্যুরাও লুক্কাইত থাকিত ও পথিকের প্রাণ হনন করিয়া তাহার যথাসর্ব্বস্ব লুণ্ঠন করিত।

মদন ডাকাত

ময়মনসিংহ সহর স্থাপিত হইলে পর ব্রহ্মপুত্র নদে নৌকার চলাচল বৃদ্ধি হয়। এই সময়ে মদন ডাকাতের দল প্রবল হইয়া নদীপথে ডাকাতি করিতে থাকে। বেয়াড সাহেব তখন ময়মনসিংহের কালেক্টর ছিলেন। তিনি মদন ডাকাতকে ধরিবার জন্য ৩০০৲ পুরস্কার ঘোষণা করেন। এদিকে মদন ডাকাত সুবেদারের ভ্রাতুষ্পুত্রকে হত্যা করিয়া যথাসর্ব্বস্ব লুণ্ঠন করিয়া লয়। কালেক্টর অনন্যোপায় হইয়া আলাপসিংহের জমিদারদিগের সাহায্য প্রার্থনা করেন। জমিদার-দিগের সাহায্যে মদন ডাকাত ধৃত হইয়া কারাবদ্ধ হয় ও শেষে তাহার ফাঁসি হয়। মদন ডাকাতের নামে যে ছড়া প্রচলিত আছে তাহা এইরূপ:—

"মদন ডাকাতের ডরে,
জান না থাকে ধরে,

বাঁশের চুঙ্গায় খায় জল,
সুবাদারের ভাইস্তা মইল,
বৈকুণ্ঠবাড়ী* বেয়ারা রইল,
কেবা আর কি করিব বল॥"

প্রবাসের ফল।

সে সময় পল্লীগ্রাম হইতে ঢাকা কিম্বা নসিরাবাদ আসিতে হইলে বাড়ীতে কান্নাকাটী পড়িয়া যাইত। প্রবাস হইতে ফিরিয়া গৃহে যাইবার আশা তৎকালে দুরাশার মধ্যে পরিগণিত ছিল। গয়া, কাশী তীর্থ-যাত্রীর সংখ্যা সে সময়ে বিরল না হইলেও দুই চার জন মাত্র সঙ্গী লইয়া কেহই যাইতে সাহসী হইত না। ২।৪।৫০ গ্রামের লোক একত্র হইয়া ৮।১০ খানা নৌকা করিয়া এক বহরে গমন করিত। এইরূপ দলবদ্ধ অবস্থাতেও দস্যু কর্ত্তৃক আক্রান্ত হইতে হইত। ব্রহ্মপুত্র, যমুনা ও মেঘনার বাঁকে বাঁকে দস্যুর দল নৌকাযোগে নিয়ত বিচরণ করিত। ব্রহ্মপুত্রের একডালার বাঁক,‡ পিয়ারপুর, যমুনার চর, মেঘনার টীয়াকাটার চর ও ভাটী ডহরস্থানগুলি ডাকাতির জন্য প্রসিদ্ধ ছিল।

গামছামোড়ার দল।

জলে যেমন ডাকাতি হইত, স্থলেও সেইরূপ অহরহ পথিকের প্রাণ সঙ্কটাপন্ন হইত। মধুপুর বন একটী ভয়ানক স্থান ছিল। এই বনপথে "গামছা-মোড়ার" হাতে পড়িয়া বহু দুর্ভাগাকে বিপন্ন হইয়া প্রাণ দিতে

* কালেক্টর বেযার্ড সাহেব গবর্ণমেণ্ট পক্ষে যে তালুক খাস করেন তাহা তৎকালে বৈকুণ্ঠবাড়ী নামে পরিচিত ছিল। বর্ত্তমানে তাহা তালুক বেয়ার্ড নামে পরিচিত।

† Mr. St. Bayard, Collector of Mymensingh.

‡ একডালার বাঁক এখন ঢাকা জেলার অধীন।

